কটি-মুখেষু। ত্রিষু কটিললাটবক্ষঃসু। পুনস্ত্রিষু গ্রীবাজঙ্ঘামেহনেষু। পুনস্ত্রিষু নাভিকণ্ঠস্বরান্তঃকরণেষু। পঞ্চসু নাসা-ভুজনেত্রহনুজানুষু। পুনঃ পঞ্চসু ত্বক্‌কেশরোমদন্তাঙ্গুলিপর্ব্বসু॥ ৪৯॥

ঐরূপে বর্ণনা করেন, সেইস্থলে সাক্ষাৎ ভগবৎবিভূতিরূপ লীলাপরিকর চন্দ্রাদিই দৃষ্টান্তরূপে ব্যবহৃত হইয়াছে, মনে করিবে।

৪৭-৫১। **সর্ব্বসল্লক্ষণান্বিত** (২)—শরীরে গুণোত্থ ও অঙ্কোত্থভেদে দ্বিবিধ 'সল্লক্ষণ' দেখা যায়। (৪৮)

শরীরের স্থলবিশেষে রক্ততা ও তুঙ্গতা (উচ্চতা) প্রভৃতিকে **গুণোত্থ** সল্লক্ষণ বলা হয়। যথা—(৪৯) শ্রীনন্দ মহারাজকে কোন সমবয়স্ক [সু—উপনন্দ] **গোপ** বলিলেন—'হে সখে! তোমার এই পুত্রের অঙ্গে ৩২টি সল্লক্ষণ দেখা যাইতেছে, [এই সব লক্ষণ ভগবদবতারাদিতেই শুনা যায় মাত্র] কি প্রকারে গোপদেহেও ঐ সকল চিহ্ন প্রকাশ পাইল? এই বালকের [নেত্র, পাদ, কর, অধর, ওষ্ঠ, জিহ্বা ও নখ] এই সাত অঙ্গে রক্তিমা, [বক্ষঃ, স্কন্ধ, নখ,

রুচিরঃ (৩)—৪১। সৌন্দর্য্যেণ দৃগানন্দকারী রুচির উচ্যতে॥ (৫২)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

তান্যহং বেদ নান্যোঽস্তি সত্যমেতন্ময়োদিতম্। ষোড়শৈব তু চিহ্নানি ময়া দৃষ্টানি তৎপদে। দক্ষিণে চাষ্ট চিহ্নানি ইতরে সপ্ত এব চ॥ ধ্বজঃ পদ্মং তথা বজ্রমঙ্কুশো যব এব চ। স্বস্তিকঞ্চোর্দ্ধরেখা চ অষ্টকোণং তথৈব চ। দৃশ্যন্তে বৈষ্ণব-শ্রেষ্ঠ দক্ষিণে ভগবৎপদে। সপ্তান্যানি প্রবক্ষ্যামি সাম্প্রতং বৈষ্ণবোত্তম। ইন্দ্রচাপং ত্রিকোণঞ্চ কলসং চার্দ্ধচন্দ্রকম্। অম্বরং মৎস্যচিহ্নঞ্চ গোষ্পদং সপ্তমং স্মৃতম্। অঙ্কান্যেতানি ভো বিদ্বন্ দৃশ্যন্তে তু যদা কদা। কৃষ্ণাখ্যং তু পরং ব্রহ্ম ভুবি জাতং ন সংশয়ঃ। দ্বয়ং বাথ ত্রয়ং বাথ চত্বারঃ পঞ্চ চৈব বা। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ অবতারে কথঞ্চন ইত্যাদি। ষোড়শঞ্চ তথা চিহ্নং শৃণু দেবর্ষিসত্তম। জম্বুফলসমাকারং দৃশ্যতে যত্র কুত্রচিদিত্যন্তং। শাস্ত্রান্তরেষু তাপন্যাগমবারাহাদিষু শঙ্খচক্রচ্ছত্রাণি চ জ্ঞেয়ানি॥ ৫১॥ সৌন্দর্য্যেণ কান্ত্যা॥ ৫২॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

আবির্ভূতশ্চ ভগবান্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া। যৈরেব জ্ঞায়তে দেবো ভগবান্ ভক্তবৎসলঃ। তানহং বেদ নান্যোঽস্তি সত্যমেতন্ময়োদিতম॥ ষোড়শৈব তু চিহ্নানি ময়া দৃষ্টানি তৎপদে। দক্ষিণে চাষ্ট চিহ্নানি ইতরে সপ্ত এব চ॥ ধ্বজঃ পদ্মং তথা বজ্রমঙ্কুশো যব এব চ। স্বস্তিকঞ্চোর্দ্ধরেখা চ অষ্টকোণং তথৈব চ॥ সপ্তান্যানি প্রবক্ষ্যামি সাম্প্রতং বৈষ্ণবোত্তম। ইন্দ্রচাপং ত্রিকোণঞ্চ কলসং চার্দ্ধচন্দ্রকম্॥ অম্বরং মৎস্যচিহ্নঞ্চ গোষ্পদং সপ্তমং স্মৃতম্। অঙ্কান্যেতানি ভো বৎস! দৃশ্যন্তে তু যদা কদা। কৃষ্ণাখ্যস্তু পরং ব্রহ্ম ভুবি জাতং ন সংশয়ঃ॥ দ্বয়ঞ্চাথ ত্রয়ন্নাথ চত্বারঃ পঞ্চ চৈব চ। দৃশ্যন্তে বৈষ্ণব-শ্রেষ্ঠ! অবতারে কথঞ্চনেত্যাদি। ষোড়শঞ্চ তথা চিহ্নং শৃণু দেবর্ষিসত্তম! জম্বুফল-সমাকারং দৃশ্যতে যত্র কুত্রচি-দিত্যন্তম্। তাপন্যাগমবারাহাদিভ্যস্তু শঙ্খচক্রচ্ছত্রাণি চ জ্ঞেয়ানি॥ ৫১॥ সৌন্দর্য্যেণ কান্ত্যা॥ ৫২॥

শ্রীল-বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ-কৃতা

করয়োরিতি কস্যাশ্চিদ্বৃদ্ধগোপ্যা বচনম্। উপলক্ষণান্যেতানি চিহ্নানি। পদ্মপুরাণং দৃষ্ট্বান্যান্যপ্যসাধারণানি জ্ঞেয়ানি। তানি যথা পদ্মপুরাণে; ব্রহ্মোবাচ—শৃণু নারদ বক্ষ্যামি পদয়োশ্চিহ্নলক্ষণম্। ভগবৎ-কৃষ্ণরূপস্য হ্যানন্দৈকঘনস্য চ। অবতার হ্যসংখ্যাতাঃ কথিতা মে তবাগ্রতঃ। পরং সম্যক্ প্রবক্ষ্যামি কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্। দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থ-মৃষীণাঞ্চ তথৈব চ। আবির্ভূতস্তু ভগবান্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া। যৈরেব জ্ঞায়তে দেবো ভগবান্ ভক্তবৎসলঃ। তান্যহং বেদ নান্যোঽস্তি সত্যমেতন্ময়োদিতম্। ষোড়শৈব তু চিহ্নানি ময়া দৃষ্টানি তৎপদে। দক্ষিণে চাষ্ট চিহ্নানি ইতরে সপ্ত এব চ। ধ্বজঃ পদ্মং তথা বজ্রমঙ্কুশো যব এব চ। স্বস্তিকং চোর্দ্ধরেখা চ অষ্টকোণং তথৈব চ॥

নাসিকা, কটি ও মুখ এই] ছয় অঙ্গে উচ্চতা; (কটি, ললাট ও বক্ষঃ এই] তিন অঙ্গে বিস্তার; (গ্রীবা, জঙ্ঘা ও শিশ্ন এই) তিন অঙ্গে খর্বতা; [নাভি, স্বর ও বুদ্ধি এই] তিনের গম্ভীরতা, [নাসা, ভুজ, নেত্র, হনু (চোয়াল) ও জানু এই] পাঁচ অঙ্গে দীর্ঘতা; [ত্বক্, কেশ, লোম, দন্ত ও অঙ্গুলিপর্ব এই] পাঁচটিতে সূক্ষ্মতা। এই বত্রিশটী মহাপুরুষের লক্ষণ। (৫০) হস্তাদিতে চক্রাদি রেখাসমূহকে **অঙ্কোত্থ** সল্লক্ষণ বলা হয়। (৫১) যথা—(কোন বৃদ্ধা গোপী [মু—ভাণ্ডরি নামক পুরোহিত] ব্রজরাজকে বলিতেছেন—'হে বল্লবেন্দ্র! ঐ দেখ—তোমার পুত্রের করদ্বয়ে কমল ও চক্ররেখা, চরণদ্বয়ে ধ্বজ, বজ্র, অঙ্কুশ, মীন এবং পঙ্কজাদির চিহ্নসকল দেদীপ্যমান রহিয়াছে! [দক্ষিণ চরণে অষ্ট ও বামচরণে সাতটি চিহ্ন বিদ্যমান এবং ষোড়শ চিহ্নটী জম্বুফলের ন্যায় ইতস্ততঃ দেখিতে পাওয়া যায়]

যথা তৃতীয়ে (৩।২।১৩)—১২। যদ্ধর্ম্মসূনোর্বত রাজসূয়ে, নিরীক্ষ্য দৃক্‌স্বস্ত্যয়নং ত্রিলোকঃ।
কার্ৎস্ন্যেন চাদ্যেহ গতং বিধাতু,-রর্বাক্‌সৃতৌ কৌশলমিত্যমন্যত ॥ (৫৩)

যথা বা—১৩। অষ্টানাং দনুজভিদঙ্গপঙ্কজানা,-মেকস্মিন্ কথমপি যত্র বল্লবীনাম্।
লোলাক্ষিভ্রমরততিঃ পপাত তস্মা,-ন্নোত্থাতুং দ্যুতিমধুপঙ্কিলাৎ ক্ষমাসীৎ ॥ (৫৪)

তেজসা যুক্তঃ (৪)— ৪২। তেজো ধাম প্রভাবশ্চেত্যুচ্যতে দ্বিবিধং বুধৈঃ। (৫৫)

তত্র **ধাম—৪৩। দীপ্তিরাশি-র্ভবেদ্ধাম ;** (৫৬)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

বিধাতুরর্ব্বাক্ সৃতৌ যৎ কৌশলং তদিহ শ্রীকৃষ্ণসৌন্দর্য্যে কার্ৎস্ন্যেন গতং প্রবিষ্টমিত্যমন্যত অন্বভূৎ। তদেকদেশান্তর্ভূতমেব তৎ সর্ব্বমিত্যর্থঃ। অমংস্তেতি পাঠস্তু লিখনভ্রমাদেব ॥ ৫৩ ॥

পূর্বত্র সুরম্যাঙ্গত্বমিশ্রং রুচিরত্বং বর্ণিতমিত্যপরিতোষাৎ শুদ্ধোদাহরণং পুনরাহ—যথা বেতি। অষ্টানাং মুখনেত্রযুগনাভিচরণযুগকরযুগরূপাণাং, উপলক্ষণানি চৈতানি অন্যেষামঙ্গানাম্ ॥ ৫৪ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

বিধাতুরর্বাক্‌সৃতৌ যৎ কৌশলং তদিহ শ্রীকৃষ্ণসৌন্দর্য্যে কার্ৎস্ন্যেন গতং প্রবিষ্টমিত্যমংস্ত ॥ ৫৩ ॥

অষ্টানাং মুখনেত্রযুগ-করযুগ-নাভি-চরণযুগরূপাণাম্ ॥ ৫৪ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

সপ্তান্যানি প্রবক্ষ্যামি সাংপ্রতং বৈষ্ণবোত্তম ॥ ইন্দ্রচাপং ত্রিকোণঞ্চ কলসং চার্দ্ধচন্দ্রকম্ ॥ অম্বরং মৎস্যচিহ্নং চ গোষ্পদং সপ্তমং স্মৃতম্ ॥ অঙ্কান্যেতানি ভো বিদ্বন্ প্রদর্শ্যন্তে যদা কদা। কৃষ্ণাখ্যং তু পরং ব্রহ্ম ভুবি জাতং ন সংশয়ঃ ॥ দ্বয়ঞ্চাথ ত্রয়ং বাথ চত্বারঃ পঞ্চ চৈব চ। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ ! অবতারে কথঞ্চনেত্যাদি। ষোড়শঞ্চ তথা চিহ্নং শৃণু দেবর্ষিসত্তম। জম্বুফলসমাকারং দৃশ্যতে যত্র কুত্রচিৎ। তাপন্যাগমবারাহাদিভ্যস্তু শঙ্খচক্রচ্ছত্রানি জ্ঞেয়ানি ।। সৌন্দর্য্যেণ কান্ত্যা, তৃতীয়স্কন্ধে যৎ পূর্বশ্লোকোক্তং কৃষ্ণস্বরূপ-বিম্বং তদ্ দৃশাং স্বস্ত্যয়নং ধর্মসূনোর্যুধিষ্ঠিরস্য রাজসূয়ে নিরীক্ষ্য বিধাতুরর্বাক্ সৃতৌ যৎ কৌশলং তদিহ কৃষ্ণসৌন্দর্য্যে কার্ৎস্ন্যেন গতং প্রবিষ্টমিতি ত্রিলোকঃ অমন্যত অন্বভূৎ। তদেকদেশান্তর্ভূতমেব তৎসর্বমিত্যর্থঃ। তন্মূর্ত্তেবিধাতৃ-সৃজ্যত্বাভাবেঽপি সৃষ্টিরিয়মুক্তা ॥ ৫১—৫৩ ॥

পূর্বত্র সুরম্যাঙ্গত্বমিশ্রং রুচিরত্বং বর্ণিতম্; ইত্যপরিতোষাচ্ছুদ্ধোদাহরণং পুনরাহ। যথা বেতি—অষ্টানাং মুখনেত্রযুগ-নাভি-করযুগ-চরণযুগরূপাণাম্ ॥ ৫৪ ॥

৫২-৫৪। **রুচির** (৩)—কান্তিদ্বারা নয়নের আনন্দকারী হইলেই 'রুচির' বলা হয়। যথা—(৫৩) ধর্মপুত্র যুধিষ্ঠিরের রাজসূয়-যজ্ঞে শ্রীকৃষ্ণের নয়নরসায়ন সেই রূপ নিরীক্ষণ করত ত্রিজগতের লোকগণ এই অনুমানই করিয়াছিল যে বিধাতার অর্বাচীন বিচিত্র সংসার-নির্মাণে যে নৈপুণ্য ছিল, তৎসমুদায়ই এই শ্রীবিগ্রহের গঠনে নিঃশেষিত হইয়াছে !! (৫৪) পূর্ব শ্লোকে সুরম্যাঙ্গত্ব-মিশ্র উদাহরণে অপরিতুষ্ট হইয়া শুদ্ধ উদাহরণ দিতেছেন—শ্রীকৃষ্ণের আটটি অঙ্গই [মুখ, নেত্রদ্বয়, করদ্বয়, নাভি ও চরণযুগল] পদ্ম, যদি এই অষ্টপদ্মের কোনও একটীতে গোপীদের চঞ্চল নেত্ররূপ ভ্রমর-সমূহ কোনরূপে পতিত হয়, তবে সেই অঙ্গকান্তিরূপ পঙ্কময় স্থান হইতে আর উঠিতে পারে না !!

৫৫-৫৭। **তেজীয়ান্**—(৪)—পণ্ডিতগণ 'তেজঃ' শব্দে **ধাম ও প্রভাবকেই** লক্ষ্য করেন। তেজোরাশির

২৩

যথা বা —১৪। অম্বরমণিনিকুরম্বং, বিড়ম্বয়ন্নপি মরীচিকুলৈঃ। হরিবক্ষসি রুচিনিবিড়ে, মণিরাড়য়মুডুরিব স্ফুরতি ॥ (৫৭)

প্রভাবঃ—৪৪। প্রভাবঃ সর্ব্বজিৎ স্থিতিঃ ; (৫৮)

যথা—১৫। দূরতস্তমবলোক্য মাধবং, কোমলাঙ্গমপি রঙ্গমণ্ডলে।
পর্ব্বতোদ্ভট-ভুজান্তরোঽপ্যসৌ, কংসমল্লনিবহঃ স বিব্যথে ॥ (৫৯)

বলীয়ান্ (৫)—৪৫। প্রাণেন মহতা পূর্ণো বলীয়ানিতি কথ্যতে ॥ (৬০)

যথা—১৬। পশ্য বিন্ধ্যগিরিতোঽপি গরিষ্ঠং, দৈত্যপুঙ্গবমুদগ্রমরিষ্টম্
তূলখণ্ডমিব পিণ্ডিতমারাৎ, পুণ্ডরীকনয়নো বিনুনোদ ॥ (৬১)

যথা বা—১৭। বামস্তামরসাক্ষস্য ভুজদণ্ডঃ স পাতু বঃ। ক্রীড়া-কন্দুকতাং যেন নীতো গোবর্দ্ধনো গিরিঃ ॥ (৬২)

**বয়সান্বিতঃ (৬)—৪৬। বয়সো বিবিধত্বেঽপি সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ।
ধর্ম্মী কিশোর এবাত্র নিত্যনানা-বিলাসবান্ ॥** (৬৩)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

অম্বরেতি যদপ্যেতদেব তত্ত্বং, তথাপি লৌকিকলীলারক্ষণার্থং স্বস্য তস্য চ তেজোগোপনমপি করোতি শ্রীভগবানিতি, সূর্য্যাদিতেজসামপি তত্র ভাণং জ্ঞেয়ম্। (গী ৭।২৫) 'নাহং প্রকাশঃ সর্বস্য যোগমায়াসমাবৃত' ইত্যাদ্যুক্তেঃ। এবমন্যত্রাপি। কৌস্তভমণিরুড়ুরিবেতি বা পাঠঃ ॥ ৫৭ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

অম্বরেতি শ্রীনারদ-বাক্যম্। যোগ্যজনান্ বিনা সর্বত্র শ্রীকৃষ্ণ-তৎপরিবার-ভূষণাদীনাং তেজঃপ্রকাশাভাবাৎ লৌকিকলীলারক্ষা ॥ ৫৭ ॥ বিব্যথে ভয়েন ক্ষুভিতো বভূব। ব্যথো লিটীতি সম্প্রসারণম্ ॥ ৫৯ ॥

বয়সো বাল্যাদিরূপেণ বিবিধত্বেঽপি ধর্মী বাল্যপৌগণ্ডধর্মবান্ যঃ কিশোরঃ, অত্র সামান্যরসে, স এবালম্বনত্বেন নিশ্চিতঃ। ধর্মিত্বে হেতুঃ—সর্বেতি। সর্বভক্তানাং যে শান্তাদয়ো রসাঃ তেষামাশ্রয়ঃ আধারঃ ; অত্রাপি হেতুর্নিত্যেতি। নব্যেনেতি—পদ্যানুসারেণ কেবলবাৎসল্যভাজাং নবযৌবনেঽপি পৌগণ্ড-প্রতীতেঃ কিশোর এব বৎসলস্যাপ্যাশ্রয়ঃ ॥৬২॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

অয়ং মনিরাট্ কৌস্তুভঃ। মরীচিকুলৈরম্বরমণিঃ সূর্য্যস্তস্য নিকুরম্বং সমূহং বিড়ম্বয়ন্ অপি কৃষ্ণবক্ষসি উডুরিব স্ফুরতি। যদ্যপ্যেতদেব তত্ত্বং, তথাপি লৌকিকলীলারক্ষার্থং স্বস্য তস্য চ তেজোগোপনমপি করোতি শ্রীভগবানিতি সূর্য্যাদিতেজসামপি তত্র ভাণং জ্ঞেয়ম্। [গী ৭।২৫] 'নাহং প্রকাশঃ সর্বস্য যোগমায়া-সমাবৃত' ইত্যাদ্যুক্তেঃ ॥ ৫৭ ॥

নামই **ধাম**, যথা—(৫৭) এই মনিরাজ কৌস্তুভ স্বকান্তিমালায় সূর্য্যসমূহকে বিড়ম্বিত করিয়াও তেজোঘন শ্রীহরিবক্ষে একটী নক্ষত্রের ন্যায় প্রকাশ পাইতেছে! (৫৮) দুর্দ্ধর্ষতা ও সর্বপরাজয়কারী অবস্থাকে **'প্রভাব'** বলে। (৫৯) যাহাদের বক্ষোদেশ পর্বত হইতেও উদ্ভট (প্রচণ্ড) সেই কংসমল্লগণ রঙ্গমঞ্চে কোমলাঙ্গ হইলেও মাধবকে দূর হইতে দর্শন করিয়া ব্যথিত হইয়াছিল।

৬০-৬২। **বলীয়ান্** (৫) মহাবলবান্ ব্যক্তিকেই বলীয়ান্ কহে। (৬১) ঐ দেখ! বিন্ধ্যপর্বত হইতে গারষ্ঠ অথচ উদগ্র (পরম প্রচণ্ড) দৈত্যবর্য্য অরিষ্টকে পদ্মনয়ন শ্রীকৃষ্ণ পিণ্ডিত (মুষ্টীকৃত) তুলখণ্ডের ন্যায় দূরে নিক্ষেপ করিলেন। (৬২) পুণ্ডরীক-নয়ন শ্রীহরির যে বামভুজদণ্ড গোবর্দ্ধন পর্বতকে ক্রীড়া কন্দুকবৎ খেলার ভাঁটার ন্যায় ধারণ করিয়াছিল—সেই ভুজই তোমাদিগকে রক্ষা করুন।

যথা—১৮। তদাত্বাভিব্যক্তীকৃততরুণিমারম্ভরভসং, স্মিতশ্রীনির্ধৃতস্ফুরদমলরাকাপতিমদম্।
দরোদঞ্চৎপঞ্চাশুগ-নবকলামেদুরমিদং, মুরারের্মাধুর্য্যং মনসি মদিরাক্ষীর্মদয়তি॥ (৬৪)

বিবিধাদ্ভুতভাষাবিৎ (৭)—৪৭। বিবিধাদ্ভুতভাষাবিৎ স প্রোক্তো যস্তু কোবিদঃ।
নানাদেশ্যাসু ভাষাসু সংস্কৃতে প্রাকৃতেষু চ॥ (৬৫)

যথা—১৯। ব্রজযুবতিষু শৌরিঃ শৌরসেনীং সুরেন্দ্রে, প্রণতশিরসি সৌরীং ভারতীমাতনোতি।
অহহ পশুষু কীরেষ্বপ্যপভ্রংশরূপাং, কথমজনি বিদগ্ধঃ সর্ব্বভাষাবলীষু? (৬৬)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

বয়োহত্র কৌমারপৌগণ্ডকৈশোরাখ্যত্রয়াত্মকং ক্রমপ্রাপ্তং জ্ঞেয়ম্; তেনান্বিতঃ সদৃশতয়া লব্ধ ইতি বয়স্তদ্বতো-র্দ্বয়োরপি প্রাশস্ত্যমুক্তং। "পশ্চাৎ সাদৃশ্যয়োরনু" রিত্যমরঃ। বয়স ইতি ধর্ম্মাঃ সর্ব্বে গুণাঃ সন্ত্যস্মিন্নিতি ধর্মী পূর্ণা-বির্ভাব ইত্যর্থঃ। যতঃ সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ। অতএব সামান্যভক্তিরসে বর্ণ্যত ইতি শেষঃ॥ ৬৩॥

তথাপি শৃঙ্গারাখ্যস্য মহারসস্য তু পরমোদ্বোধকং তদিত্যাশয়েনাহ—তদাত্বেতি 'তৎকালস্তু তদাত্বং স্যাদি'ত্যমরঃ। ঈষদর্থে দরাব্যয়মিতি চ॥ ৬৪॥ চকারঃ পশ্বাদিভাষামপি গৃহ্লাতি॥ ৬৫॥

ব্রজযুবতিষ্বিতি—ব্রজস্থবিদগ্ধবৃদ্ধাবচনম্। অত্র শৌরিরিতি [ভা ১০।৮।১৪] প্রাগয়ং বসুদেবস্যেত্যাদি শ্রীগর্গবাক্যানুসারেণ, তত্র চ ব্রজযুবতয়ো মুখ্যত্বেনোপলক্ষণান্যেব; ব্রজবাসিষ্বিতি তু বিজ্ঞেয়ং। শৌরসেনীং তদ্দেশ্যাং প্রাকৃতবিশেষঞ্চ, প্রায়স্তয়োরৈক্যাৎ। সৌরীং দৈবীং সংস্কৃতরূপাং। পশুষু গোমহিষ্যাদিষু চ। কীরেষু কাশ্মীরদেশীয়-মনুষ্যেষু শুকেষু চ, অপভ্রংশরূপাং পৈশাচিকাখ্যপ্রাকৃতবিশেষং তত্তদ্ভাষাং চ যথাসম্ভবম্॥ ৬৬॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

'তৎকালত্বং তু তদাত্বং স্যাৎ' ইত্যমরঃ। দরেতি কলানামীষদ্ বহিঃপ্রকাশাদ্ গাম্ভীর্য্যম্। নবেতি নবনবত্বেন চাতুর্য্যঞ্চ সূচিতম্। তরুণিমারম্ভঃ চরমকৈশোররূপং নবযৌবনম্॥ ৬৪॥

ব্রজযুবতিষ্বিতি—উপনন্দসূনোঃ সুভদ্রস্য পত্ন্যাঃ কুন্দবল্লীনাম্ন্যাঃ শ্রীরাধাং প্রতি বচনম্। তত্র শৌরিরিতি 'প্রাগয়ং বসুদেবস্য' (১০।৮।১৪) ইত্যাদি গর্গবাক্যানুসারেণ। শৌরসেনীং তদ্দেশ্যাং প্রাকৃতবিশেষঞ্চ প্রায়স্তয়ো-রৈক্যাৎ। সৌরীং দৈবীং সংস্কৃতরূপাং, পশুষু গোমহিষ্যাদিষু অপভ্রংশরূপাং তত্তদ্ভাষাম্। অজনি জাতঃ॥ ৬৬॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

তুলখণ্ডমিব পিণ্ডিতমরিষ্টাসুরমারাদ্দূরে বিমুনোদ চিক্ষেপ। তামরসাক্ষস্য পদ্মাক্ষস্য শ্রীকৃষ্ণস্য বামো ভুজদণ্ডঃ॥ ৬১॥ বয়সা অন্বিতো যুক্তঃ। ধর্মীতি ধর্মাঃ সর্ব্বে গুণাঃ সন্ত্যস্মিন্ ইতি ধর্মী পূর্ণাবির্ভাব ইত্যর্থঃ॥ ৬৩॥

তথাপি শৃঙ্গারাখ্যস্য মহারসস্য পরমোদ্বোধকং তদিত্যাশয়েনাহ—তদাত্বিতি। মুরারের্মাধুর্য্যং মদিরাক্ষীর্মদয়তি, কীদৃশং তদাত্বে তৎকালেঽভিব্যক্তীকৃত-তরুণিমারম্ভে রভসো হর্ষো যতঃ। তৎকালস্তু তদাত্বং স্যাদিত্যমরঃ। ঈষদুদ্-গচ্ছৎ কন্দর্পস্য নবকলয়া মেদুরং নিবিড়ম্। ঈষদর্থে দরাব্যয়মিত্যমরঃ। মেদুরশব্দোঽপি নানার্থঃ॥ ৬৪॥

চকারঃ পশ্বাদিভাষামপি গৃহ্লাতি॥ ৬৫॥

৬৩-৬৪। **বয়সান্বিত (৬)**—'বয়স' বলিতে ক্রমপ্রাপ্ত বাল্য, পৌগণ্ড ও কৈশোরই বাচ্য, সুতরাং বয়সের বিবিধ ভেদ থাকিলে সর্ব্বভক্তিরসাশ্রয়, সর্ব্বগুণান্বিত [পূর্ণাবির্ভাবযুক্ত] এবং নিত্য নানাবিলাস-বিশিষ্ট কিশোরই প্রশস্ত বলিয়া স্বীকার্য্য। যথা—তৎকালে যাহাতে তারুণ্যারম্ভের [নবযৌবনের ঔৎসুক্য অভিব্যক্ত হইতেছে,

সত্যবাক্যঃ (৮)—৪৮।। স্যান্নানৃতং বচো যস্য সত্যবাক্যঃ স ভণ্যতে ॥ (৬৭)

যথা—২০। পৃথে ! তনয়পঞ্চকং প্রকটমর্পয়িষ্যামি তে, রণোর্বরিতমিত্যভূত্তব যথার্থমেবোদিতম্।
রবির্ভবতি শীতলঃ কুমুদবন্ধুরপ্যুজ্জ্বল,-স্তথাপি ন মুরান্তক ! ব্যভিচরিষ্ণুরুক্তিস্তব ॥ (৬৮)

যথা বা—২১। গূঢ়োঽপি বেষেণ মহীসুরস্য, হরির্যথার্থং মগধেন্দ্রমূচে।
'সংস্পৃষ্টমাভ্যাং সহ পাণ্ডবাভ্যাং, মাং বিদ্ধি কৃষ্ণং ভবতঃ সপত্নম্ ॥ (৬৯)

প্রিয়ংবদঃ (৯)—৪৯। জনে কৃতাপরাধেঽপি সান্ত্ববাদী প্রিয়ংবদঃ ॥ (৭০)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

বক্ষ্যমাণসত্যপ্রতিজ্ঞত্বেন পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ যথাবেতি। সংস্পৃষ্টং—মিলিতম্ ॥ ৬৯ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

পৃথ ইতি—উদিতং স্বাভাবিকবচনমাত্রম্ ॥ ৬৮ ॥ আভ্যাং সহ সংস্পৃষ্টং যুক্তম্, অকর্মকত্বাৎ কর্ত্তরি নিষ্ঠা ॥ ৬৯ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

ব্রজযুবতিস্বিতি—ব্রজস্থ-বিদগ্ধবৃদ্ধাবচনম্। শৌরিঃ শ্রীকৃষ্ণঃ কথং সর্বভাষাবলীষু বিদগ্ধোঽজনি। শৌরসেনীং ব্রজপ্রভৃতি-শূরসেন-দেশোদ্ভবাং বাণীং সা চ প্রাকৃতলঙ্কেশ্বরভাষা—বিদগ্ধমাধবাদৌ প্রসিদ্ধা। ব্রজস্থজনানাং ভাষা চ। প্রণতশিরসি ইন্দ্রে সৌরীং সংস্কৃতলক্ষণান্। তত্র শৌরিরিতি 'প্রাগয়ং বসুদেবস্য' (১০।৮।১৪) ইত্যাদি গর্গানুসারেণ ॥৬৬॥

যুদ্ধসমাপ্ত্যনন্তরমাগতং শ্রীকৃষ্ণং প্রতি কুন্ত্যাহ—পৃথেতি ॥ ৬৮ ॥

বক্ষ্যমাণ-সত্যপ্রতিজ্ঞত্বেন পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ—যথাবেতি। মহীসুরস্য ব্রাহ্মণস্য বেশেন গূঢ়োঽপি মগধেন্দ্রং জরাসন্ধম্। আভ্যাং পাণ্ডবাভ্যাং সংস্পৃষ্টং মিলিতং মাং কৃষ্ণং সপত্নং শত্রুং বিদ্ধি ॥ ৬৯ ॥

মৃদুমন্দ হাস্য-শোভায় পরম সুন্দর পূর্ণচন্দ্রের দর্পও যাহাতে খর্বতা প্রাপ্ত হইতেছে, এবং যাহা কামদেবের ঈষদুদ্গত নবীন কলায় মেদুর [স্নিগ্ধ]—মুরারির সেই [অপূর্ব] মাধুর্য্য খঞ্জনাক্ষী গোপীদের মনে উন্মাদনা আনিতেছে।

৬৫-৬৬। **বিবিধাদ্ভুতভাষাবিৎ (৭)**—সংস্কৃত, প্রাকৃত এবং পশুপক্ষিপ্রভৃতির ভাষাসমূহেও যিনি সুপণ্ডিত, তাঁহাকে 'বিবিধাদ্ভুতভাষাবিৎ' বলে। যথা— বিদগ্ধা বৃদ্ধা গোপীর [মু—কুন্দলতার] উক্তি—কি আশ্চর্য্য ! এই শৌরি শ্রীকৃষ্ণ ব্রজগোপীগণের সহিত শৌরসেণী [প্রাকৃত] ভাষায়, প্রণত দেবরাজের সহিত দেবভাষায় [সংস্কৃতে], গোমহিষ প্রভৃতি পশুর, কাশ্মীর দেশীয়মানুষ এবং শুকাদিপক্ষিগণের সহিত পৈশাচী [প্রাকৃত] ভাষায় কথাবার্ত্তা বলেন। ইনি সর্ব্বভাষায় বিদগ্ধ হইলেন কি প্রকারে হে ?

৬৭-৬৯। **সত্যবাক্য (৮)**—যাঁহার বাক্য মিথ্যা হয় না, তিনিই সত্যবাক্য, যথা [৬৮] যুদ্ধ সমাপ্তির পরে সমাগত কৃষ্ণকে কুন্তী বলিয়াছেন—'হে কুন্তি ! তোমার পাঁচটী পুত্রকেই রণক্ষেত্র হইতে প্রত্যানয়ন করত তোমার সাক্ষাতেই অর্পণ করিব,—হে মুরারি ! তোমার এই বাক্য যথার্থই হইল, কেননা রবি শীতল হইতে পারে, চন্দ্র উষ্ণও হইতে পারে ; কিন্তু তোমার বাক্য কখনও মিথ্যা হইবে না !! ['সত্যপ্রতিজ্ঞ' (১৮) গুণের সহিত এই উদাহরণের প্রায়শঃ মিল হওয়ায় পুনরুক্তি হইতে পারে ভাবিয়া অন্য উদাহরণ বলিতেছেন] [৬৯] শ্রীকৃষ্ণ ব্রাহ্মণবেশে গূঢ় হইয়াও জরাসন্ধকে যথার্থই বলিয়াছেন—'হে মগধরাজ ! এই পাণ্ডবদ্বয়ের সহিত আমাকে তোমার চিরশত্রু কৃষ্ণ বলিয়াই জানিও।'

৭০-৭১। **প্রিয়ম্বদ (৯)**—অপরাধিকে যিনি প্রিয়বাক্য কহেন, তিনিই 'প্রিয়ম্বদ'। শ্রীকৃষ্ণ কালিয়-নাগকে

যথা—২২। কৃতব্যলীকেঽপি ন কুণ্ডলীন্দ্র ! ত্বয়া বিধেয়া ময়ি দোষদৃষ্টিঃ।
প্রবাস্যমানোঽসি সুরার্চ্চিতানাং, পরং হিতায়াদ্য গবাং কুলস্য ॥ (৭১)

বাবদূকঃ (১০)—৫০। **শ্রুতিপ্রেষ্ঠোক্তিরখিলবাগ্‌গুণান্বিতবাগপি।**
ইতি দ্বিধা নিগদিতো বাবদূকো মনীষিভিঃ ॥ (৭২)

তত্র **আদ্যো**, যথা—২৩। অশ্লিষ্টকোমলপদাবলিমঞ্জুলেন, প্রত্যক্ষরক্ষরদমন্দসুধা-রসেন।
সখ্যঃ ! সমস্তজনকর্ণরসায়নেন, নাহারি কস্য হৃদয়ং হরিভাষিতেন ? (৭৩)

দ্বিতীয়ো, যথা—২৪। প্রতিবাদিচিত্তপরিবৃত্তিপটু,-র্জগদেকসংশয়বিমর্দ্দকরী।
প্রমিতাক্ষরাদ্য-বিবিধার্থময়ী, হরিবাগিয়ং মম ধিনোতি ধিয়ঃ ॥ (৭৪)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

পীড়ার্থেঽপি ব্যলীকং স্যাদিত্যমরঃ ॥ ৭১ ॥ শ্রুতীতি। শব্দমাধুরী দর্শিতা, অখিলেত্যর্থপরিপাটী ॥ ৭২ ॥

অশ্লিষ্টেত্যাদিকং ব্রজেন্দ্রগোষ্ঠীষু মহেন্দ্রমখভঙ্গার্থং শ্রীহরিবচনহৃতমনস্কায়াঃ কস্যাশ্চিদ্বন্দিজনাঙ্গনায়াঃ স্বসখীঃ প্রতি বচনম্। তত্রাশ্লিষ্টেত্যুচ্চারণমাধুরী, প্রত্যক্ষরেতি বর্ণবিশেষবিন্যাসমাধুরী, সমস্তেতি স্বরমাধুরী ॥ ৭৩ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

ব্যলীকমপ্রিয়ম্। তদেব প্রবাস্যমানত্বেন দর্শিতম্ ॥ ৭১ ॥

শ্রুতীতি—শ্রবণসুখত্বেন। অখিলেতি—স্বল্পাক্ষরৈর্বহ্বর্থতয়া চ দ্বৈবিধ্যম্ ॥ ৭২ ॥

অশ্লিষ্টেতি ঐন্দ্রীয়মখভঙ্গার্থ-হরিবচনহৃতমনস্কায়াঃ কস্যাশ্চিদ্ গোপাঙ্গনায়াঃ স্বসখীঃ প্রতি পশ্চাদ্‌বচনম্। অত্রাশ্লিষ্টেতি-বিশেষণাভ্যাং সমস্তজনকর্ণরসায়নত্বমেব বিবৃতম্। তত্রাশ্লিষ্টেতি উচ্চারণস্য, কোমলেতি বর্ণবিন্যাসস্য, প্রত্যক্ষেতি স্বরূপস্য চ মাধুরী ॥ ৭৩ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

হে কুণ্ডলীন্দ্র কালিয় ! কৃতব্যলীকেঽপি ময়ি ত্বয়া দোষদৃষ্টির্ন বিধেয়া। পীড়ার্থেঽপি ব্যলীকং স্যাদিত্যমরঃ। সুরার্চিতানাং গবাং কুলস্য হিতায় ত্বাং প্রবাস্যমানোঽপি স্ববাসস্থানং হ্রদং বিহায় প্রবাসং প্রস্থাপ্যমানোঽসি ॥ ৭১ ॥

শ্রুতেঃ শ্রবণস্য প্রিয়তমোক্তির্যস্য সঃ। এবমখিলবাগ্‌ গুণান্বিতবাক্যযুক্তোঽপি। প্রথমে শব্দমাধুরী দর্শিতা। দ্বিতীয়ে চার্থপরিপাটীতি জ্ঞেয়ম্ ॥ ৭২ ॥

অশ্লিষ্টেত্যাদিকং ব্রজেন্দ্র-গোষ্ঠীষু মহেন্দ্রমখভঙ্গার্থং শ্রীহরিবচনহৃতমনস্কায়াঃ কস্যাশ্চিদ্ বন্দিজনাঙ্গনায়াঃ স্বসখীঃ প্রতি বচনম্। [শ্লিষ্টমবিস্পষ্টবাক্যম্। অশ্লিষ্টং স্পষ্টবাক্যম্।] তত্রাশ্লিষ্টেত্যুচ্চারণমাধুরী। প্রত্যক্ষরেতি বর্ণবিশেষ-বিন্যাসমাধুরী। সমস্তেতি—স্বরমাধুরী ॥ ৭৩ ॥

বলিলেন—'হে সর্পরাজ ! আমি তোমাকে পীড়া দান করিলেও তুমি আমার প্রতি দোষ দৃষ্টি করিও না, দেবগণ-পূজিত গোসমূহের পরম হিতের জন্য তুমি অদ্য নির্ব্বাসিত হইয়াছ।

৭২-৭৪। **বাবদূক** (১০)—পণ্ডিতগণ কর্ণরসায়ন (শব্দমাধুরী) এবং নিখিল বাক্যগুণ-(অর্থমাধুরী) বিশিষ্ট বাক্য-প্রয়োগকারি হিসাবে দ্বিবিধ 'বাবদূক' স্বীকার করেন। শ্রবণপ্রিয়বাক্য-বিন্যাসকারী—[ইন্দ্রযজ্ঞ ভঙ্গ করিতে ব্রজরাজ-সভায় শ্রীহরিকর্ত্তৃক উচ্চারিত বাক্যমাধুরী শুনিয়া কোনও বন্দিনীর উক্তি—] হে সখীগণ ! সুস্পষ্ট কোমল পদাবলি দ্বারা মনোজ্ঞ (উচ্চারণ-মাধুরী), প্রত্যক্ষরে অপূর্ব্ব সুধারস-স্রাবি (বর্ণবিন্যাস-মাধুরী) এবং নিখিলজন-কর্ণরসায়ন

সুপাণ্ডিত্যঃ (১১)—৫১। বিদ্বান্নীতিজ্ঞ ইত্যেষ সুপাণ্ডিত্যো দ্বিধা মতঃ।
বিদ্বানখিলবিদ্যাবিন্নীতিজ্ঞস্তু যথার্হকৃৎ॥ (৭৫)

তত্র **আদ্যো,** যথা—২৫। যং সুষ্ঠু পূর্ব্বং পরিচর্য্য গৌরবাৎ, পিতামহাদ্যৈর্স্বধরৈঃ প্রবর্ত্তিতাঃ।
কৃষ্ণার্ণবং কাশ্যগুরুক্ষমাভৃত,-স্তমেব বিদ্যাসরিতঃ প্রপেদিরে॥ (৭৬)

যথা বা—২৬। আম্নায়প্রথিতান্বয়া স্মৃতিমতী বাঢ়ং ষড়ঙ্গোজ্জ্বলা, ন্যায়েনানুগতা পুরাণসুহৃদা মীমাংসয়া মণ্ডিতা।
ত্বাং লব্ধাবসরা চিরাদ্গুরুকুলে প্রেক্ষ্য স্বসঙ্গার্থিনং, বিদ্যা নাম বধূশ্চতুর্দ্দশ-গুণা গোবিন্দ! শুশ্রূষতে॥(৭৭)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

প্রতিবাদীত্যাদিকং শ্রীমদুদ্ধববাক্যম্। অত্র প্রতিবাদীত্যুপন্যাসপরিপাটী। জগদিতি যুক্তিপরিপাটী। প্রকর্ষেণ মিতানি অব্যর্থানি সপ্রমাণানি বা অক্ষরাণি যস্যামিতি যাথার্থ্যপরিপাটী। বিবিধঃ নানোহাপোহসমাধানবিচিত্রোঽর্থো যস্যাং সেতি প্রতিভাপরিপাটী চ দর্শিতা॥ ৭৪॥

অখিলবিদ্যাবিদিতি শাস্ত্রীয়জ্ঞানমাত্রমুক্তং। যথার্হকৃদিতি। তত্রাপি কর্ত্তব্যেষু নিশ্চয়জ্ঞানং দর্শিতম্॥ ৭৫॥

যং সুষ্ঠ্বিতি শ্রীনারদবাক্যং—কাশ্যঃ মাথুরবংশবৎ কাশীদেশীয়োদ্ভবঃ সান্দীপনিঃ॥ ৭৬॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

প্রতিবাদীতি—রাজসূয়ায় পৃষ্টস্য হরের্বচনং শ্রুত্বা শ্রীযুধিষ্ঠিরশ্রুতস্য বচনম্—ধিনোতি প্রীণয়তি, ধিবী প্রীণনে। বিবিধার্থতাং দর্শয়তি—প্রতিবাদীত্যর্দ্ধেন; এবম্ভূতাপি প্রমিতাক্ষরা॥ ৭৪॥

তমেবেতি—পঠিত্বাগতেন শ্রীকৃষ্ণেন মিলনানন্তরং শ্রীমদুদ্ধবস্য হর্ষেণাক্রূরং প্রতি বচনম্। সমস্তবিদ্যাসরিতঃ কাশ্য-গুরুক্ষমাভৃতঃ সকাশাৎ কৃষ্ণার্ণবং প্রপেদিরে প্রাপ্তাঃ। কাশ্যঃ কাশ্যাং জাতঃ গুরুঃ সান্দীপনিনামা। শ্রীকৃষ্ণেন গুরোর্বিদ্যাপাঠো বিদ্যার্থিনাং শিক্ষার্থ এবেতি বোধয়িতুং তস্মাদেব গুরোরপি সর্ববিদ্যানাং পরম্পরয়া প্রাপ্তিং দর্শয়তা বিশিষ্যন্তে—তমেবেতি। প্রক্রান্তার্থত্বাত্তচ্ছব্দস্য সাপেক্ষতা ন॥ ৭৬॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

প্রতিবাদীত্যাদিকং শ্রীমদুদ্ধব-বাক্যম্। তত্র প্রতিবাদীত্যুপন্যাস-পরিপাটী। জগদিতি যুক্তি-পরিপাটী। প্রকর্ষেণ মিতানি সপ্রমাণানি অক্ষরাণি যস্যামিতি যাথার্থ্যপরিপাটী বিবিধো নানোহাপোহসমাধানবিচিত্রোঽর্থো যস্যাং সেতি প্রতিভা-পরিপাটী দর্শিতা॥ ৭৪॥

অখিলবিদ্যাবিদিতি শাস্ত্রীয়জ্ঞানমুক্তম্। যথার্হকৃদিতি তত্রাপি কর্ত্তব্যেষু নিশ্চয়জ্ঞানং দর্শিতম্। যমিতি শ্রীনারদবাক্যং—পিতামহাদ্যৈর্স্বধরৈর্ব্রহ্মাদিস্বরূপমেঘৈঃ। যং শ্রীকৃষ্ণং পরিচর্য্য বিদ্যাস্বরূপাঃ সরিতো নদ্যঃ প্রবর্ত্তিতাঃ, কাশ্যগুরুঃ সান্দীপনিস্তৎস্বরূপাৎ ক্ষ্মাভৃতঃ পর্বতাৎ সকাশাৎ তং শ্রীকৃষ্ণরূপার্ণবং প্রপেদিরে॥ ৭৫-৭৬॥

(স্বর-মাধুরী) শ্রীহরিবাক্যগুলি কাহার হৃদয় না অপহরণ করে হে? (৭৪) অখিলগুণান্বিত বাক্যপ্রয়োগ—(উদ্ধবের উক্তি) যাহা প্রতিবাদিদের চিত্ত-পরিবর্ত্তনে পটু (উপন্যাস-পরিপাটী), জগতের সর্বসংশয়চ্ছেদনকারী (যুক্তিপরিপাটী), পরিমিত অক্ষরযুক্ত বা অব্যর্থপ্রমাণযুক্ত (যাথার্থ্য-পরিপাট্য) এবং বিবিধ (পৃথক্ পৃথক্ তর্ক-বিতর্ক-সমাধানে বিচিত্র) অর্থবিশিষ্ট (প্রতিভা-পারিপাট্য) এই শ্রীহরিবাক্য আমার অন্তরে মহাসুখ দান করিতেছে।

৭৫-৭৮। **সুপাণ্ডিত্য** (১১)—সুপাণ্ডিত্য ব্যক্তি দুই প্রকার—বিদ্বান্ ও নীতিজ্ঞ। নিখিলশাস্ত্রজ্ঞানশীল ব্যক্তি **বিদ্বান্** এবং যথাযথ কর্মকারি-লোকই **নীতিজ্ঞ**। (১৬) **বিদ্বান্**—(নারদের বাক্য) পূর্বে ব্রহ্মাপ্রভৃতি-রূপ

দ্বিতীয়ো, যথা—

২৭। মৃত্যুস্তস্করমণ্ডলে সুকৃতিনাং বৃন্দে বসন্তানিলঃ, কন্দর্পো রমণীষু দুর্গতকুলে কল্যাণকল্পদ্রুমঃ।
ইন্দুর্বন্ধুগণে বিপক্ষপটলে কালাগ্নিরুদ্রাকৃতিঃ, শান্তি স্বস্তিধুরন্ধরো মধুপুরীং নীত্যা মধুনাং পতিঃ॥ (৭৮)

শ্রীশ্রীজীবগোস্বামিপাদ-কৃতা

আম্নায়েতি সিদ্ধচারণাদীনাং স্তুতিঃ। বিদ্যাপক্ষে আম্নায়ৈশ্চতুর্ভির্বেদৈঃ প্রথিতো বিস্তারিতোঽন্বয়ো ব্যুৎপত্তির্যস্যাঃ, স্মৃতির্মন্বাদিঃ। শিক্ষা কল্পো ব্যাকরণং জ্যোতিষং ছন্দ এব চ। নিরুক্তঞ্চ নিরুক্তানি ষড়ঙ্গানি মনীষিভিঃ। ন্যায়স্তর্কশাস্ত্রং। পুরাণং শ্রীভাগবতাদি। তৎসহায়া মীমাংসা পূর্বোত্তররূপা। তদেতদনুসারেণ চতুর্দশ গুণাঃ; অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। ধর্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দশ ইতি প্রমাণপ্রাপ্তাঃ। বধূপক্ষে—আম্নায়ঃ সৎকুলতা। অন্বয়ো বংশঃ। স্মৃতির্মেধা। ষড়ঙ্গানি শিরোমধ্যভাগৌ হস্তৌ পাদৌ চেতি; ন্যায়ো নীতিঃ। পুরাণা বৃদ্ধাঃ তদ্রূপতয়া সুহৃদঃ সহায়া যস্যাং তয়া মীমাংসয়া বিচারেণ মণ্ডিতাং। গুরুরত্র পিত্রাদিঃ, তৎকুলে বর্ত্তমানমিত্যর্থঃ। চতুর্দ্দশ তাবদ্বিদ্যাত্মকা গুণা যস্যা ইতি॥ ৭৭॥ ত্রিভুবনং নীত্যা মধুনাং পতিরিত্যেব পাঠোঽত্র যোগ্যঃ। মহারাজৌচিত্য-বর্ণনাৎ। অত্র মধুপুরীমিতি পুরদ্বয়স্যোপলক্ষণত্বেন দ্বারকাপি মধুনাং পুরী ভবতীতি, যোগবৃত্ত্যা বা দ্বারকাপি জ্ঞেয়া॥ ৭৮॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

গুরুগৃহে নারদ-বচনম্—আম্নায়েতি। বিদ্যাপক্ষে আম্নায়ৈশ্চতুর্ভির্বেদৈঃ প্রথিতো বিস্তারিতোঽন্বয়ো ব্যুৎপত্তির্যস্যাঃ। স্মৃতিঃ ধর্মশাস্ত্রং, শিক্ষা কল্পো ব্যাকরণং জ্যোতিষং ছন্দ এব চ। নিরুক্তঞ্চ নিরুক্তানি ষড়ঙ্গানি মনীষিভিঃ॥ ন্যায়স্তর্কশাস্ত্রং পুরাণং শ্রীভাগবতাদি। মীমাংসা পূর্বোত্তররূপা। এবং চতুর্দশগুণাঃ—উক্তঞ্চ—অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। ধর্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দশেতি॥ বধূপক্ষে—আম্নায়েন সৎকুলতয়া প্রথিতঃ খ্যাতঃ অন্বয়ঃ স্বপিত্রোঃ শ্বশুরয়োর্ভেদেন চতুর্বিধো বংশো যস্যাঃ। স্মৃতির্মেধা, শিরোমধ্যভাগৌ হস্তৌ পাদৌ চ ষড়ঙ্গানি, ন্যায়ো নীতিঃ, পুরাণানাং পুরাতনানাং সুহৃদাং হিতকর্ত্রী 'হলন্তাদ্বেতি টাপ্' (পাণিনি) যদ্বা মীমাংসয়েত্যস্য বিশেষণং, মীমাংসয়া বিচারেণ। গুরুঃ পিত্রাদিস্তৎকুলে বর্ত্তমানম্, এবং চতুর্দ্দশগুণা যস্যাঃ সেতি॥ ৭৭॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

আম্নায়েতি সিদ্ধচারণানাং স্তুতিঃ। বিদ্যাপক্ষে চতুর্দশশাস্ত্রাণ্যেব গুণা ভাগা যস্যাঃ সা। আম্নায়ৈশ্চতুর্ভির্বেদৈঃ প্রথিতো বিস্তারিতোঽন্বয়ো ব্যুৎপত্তির্যস্যাঃ। স্মৃতির্মন্বাদিঃ। 'শিক্ষা কল্পং ব্যাকরণং জ্যোতিষং ছন্দ এব চ। নিরুক্তঞ্চ নিরুক্তানি ষড়ঙ্গানি মনীষিভিঃ।' ন্যায়স্তর্কশাস্ত্রং, পুরাণং শ্রীভাগবতাদিঃ। মীমাংসা পূর্ব্বোত্তররূপা তদেতদনুসারেণ চতুর্দশগুণাঃ। 'অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। ধর্মশাস্ত্রং পুরাণঞ্চ' ইত্যেতাবৎ-সংখ্যাঃ। বধূপক্ষে—আম্নায়ঃ সৎকুলতা। অন্বয়ো বংশঃ, স্মৃতির্মেধা। ষড়ঙ্গানি শিরোমধ্যভাগৌ হস্তৌ পাদৌ চেতি। ন্যায়ো নীতিঃ। পুরাণা বৃদ্ধাঃ সুহৃদঃ সহায়া যস্যাং তয়া মীমাংসয়া বিচারেণ মণ্ডিতা। গুরুরত্র পিত্রাদিঃ তৎকুলে বর্ত্তমানমিত্যর্থঃ। চতুর্দশ তাবদ্বিদ্যাত্মকা গুণা যস্যা ইতি। ৭৭॥

মেঘগণ সগৌরবে পরিচর্য্যা করিয়া যে কৃষ্ণ সমুদ্র হইতে বিদ্যানদীর-প্রবর্তন করিয়াছিলেন—সেই বিদ্যানদীসকল এক্ষণে সান্দীপনি রূপ পর্বত হইতে পুনরায় কৃষ্ণসমুদ্রেই পতিত হইল। (৭৭) সিদ্ধ ও চারণদের স্তুতি—(বিদ্যাপক্ষে) হে গোবিন্দ! যাঁহার চারিবেদেই বিশাল ব্যুৎপত্তি, যিনি মনুপ্রভৃতি স্মৃতিশাস্ত্রে মতিশালিনী, ষড়ঙ্গ (শিক্ষা, কল্প, ব্যাকরণ, ছন্দ, জ্যোতিষ ও নিরুক্ত) শাস্ত্রেও অতি উজ্জ্বলা, তর্কবিদ্যায় পারদর্শিনী, শ্রীভাগবতাদি পুরাণই যাঁহার

বুদ্ধিমান্ (১২)—৫২। **মেধাবী সূক্ষ্মধীশ্চেতি প্রোচ্যতে বুদ্ধিমান্ দ্বিধা ;** (৭৯)

তত্র **মেধাবী**, যথা—

২৮। **অবন্তিপুরবাসিনঃ** সদনমেত্য সান্দীপনে, র্গুরোর্জগতি দর্শয়ন্ সময়মত্র বিদ্যার্থিনাম্।
সকৃন্নিগদমাত্রতঃ সকলমেব বিদ্যাকুলং, দধৌ হৃদয়মন্দিরে কিমপি চিত্রবন্মাধবঃ ॥ (৮০)

সূক্ষ্মধীঃ, যথা—২৯। যদুভিরয়মবধ্যো ম্লেচ্ছরাজস্তদেনং, তরলতমসি তস্মিন্ বিদ্রবন্নেব নেষ্যে।
সুখময়নিজনিদ্রা-ভঞ্জন-ধ্বংসিদৃষ্টি,-র্ঝরমুচি মুচুকুন্দঃ কন্দরে যত্র শেতে ॥ (৮১)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

সময়মাচারং দর্শয়ন্ শিক্ষয়ন্। 'সময়াঃ শপথাচারকালসিদ্ধান্তসম্বিদ' ইতি অমরনানার্থবর্গাৎ ॥ ৮০ ॥

কথম্ভূতে কন্দরে তরল-তমসি তরলং ভাস্বরং বস্ত্বন্তরাচ্ছাদকপ্রকাশং তমো যত্র তাদৃশে। মৎপ্রবেশমাত্রেণ চঞ্চলীভূততমসীতি বার্থঃ। তরলশ্চঞ্চলে খড়্গে হারমধ্যমণাবপি ভাস্বুরে চেতি বিশ্বঃ। ঝরমুচীতি নিদ্রাসৌখ্য-সামগ্রীণামুপলক্ষণং। তাশ্চ তদীয়যোগপ্রভাবাদ্ যথাবসরমেব জায়ন্ত ইতি জ্ঞেয়ং, কিন্তুত্র নেত্রস্য সূক্ষ্মদর্শিত্ববদ্বুদ্ধেরপি সূক্ষ্মবিচারিত্বং জ্ঞাপিতং, তেন চ সহসা ন্যায়-পরামৃশ্যে বস্তুনি প্রবেশিবুদ্ধিত্বং সূক্ষ্মধীত্বমুদাহৃতম্ ॥ ৮১ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

মৃত্যুরিতি সাপরাধমিন্দ্রং প্রতি শিক্ষার্থং শ্রীনারদবচনং—'ব্রজকুলং নীত্যা ব্রজেন্দ্রাত্মজ' ইতি চতুর্থচরণে পাঠঃ। মধুপুরীং নীত্যা মধুনাং পতিরিতি পাঠে অন্যস্য বচনম্ ॥ ৭৮ ॥

সময়মাচারং দর্শয়ন্ শিক্ষয়ন্ চিত্রবৎ আলেখ্যমিব ॥ ৮০ ॥ অন্ধতমসব্যাপ্তং কন্দরং কালযবন-প্রবেশায় বিশিনষ্টি —তরলং বিদ্রবণাদেব চঞ্চলং বিরলং তমো যস্মিন্ তস্মিন্ ॥ ৮১ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

শ্রীকৃষ্ণঃ স্বস্তিধুরন্ধরঃ স্বস্তিভারং ধরতীত্যর্থঃ। যো নীত্যা ত্রিভুবনং শাস্তি পালয়তি। নীতিপূর্বক-শাসনমেবাহ—মৃত্যুরিতি ॥ ৭৮ ॥

সময়মাচারং দর্শয়ন্ শিক্ষয়ন্। সময়াঃ শপথাচারকালসিদ্ধান্তসংবিদ ইতি নানার্থবর্গাৎ ॥ ৮০ ॥

তত্তস্মাদেনং ম্লেচ্ছরাজং তরলতমসি স্বল্পান্ধকারযুক্তে ঝরমুচি কন্দরেঽহং বিদ্রবন্ সন্ নেষ্যে। সুখময়নিদ্রাভঞ্জকং জনং ধ্বংসিতুং শীলং যস্যা এবম্ভূতা দৃষ্টির্যস্য স মুকুন্দো যত্র শেতে ॥ ৮১ ॥

বন্ধু এবং পূর্ব ও উত্তর মীমাংসাই যাঁহার অলঙ্কার—এই চতুর্দ্দশ (বেদাঙ্গ ৬, বেদ ৪, মীমাংসা ১, ন্যায় ১, ধর্মশাস্ত্র ১ এবং পুরাণ ১) অঙ্গ বিশিষ্টা বিদ্যানামিকা বধূ বহুদিন পরে অবসরক্রমে গুরুকুলে তোমাকে, স্বীয় সঙ্গার্থী জানিয়া শুশ্রূষা করিতেছেন !! (বধূপক্ষে—) সৎকুল বলিয়া প্রসিদ্ধ পিতৃকুল ও শ্বশুরকুল-বিশিষ্টা মেধাবতী, ষড়ঙ্গে অর্থাৎ শির, মধ্যদেশ হস্তদ্বয় ও পদদ্বয়ে উজ্জ্বলা, নীতি-পরায়ণা, বৃদ্ধগণ-সম্মত বিচার-নিপুণা এবং চতুর্দ্দশ-বিদ্যারূপ গুণমণ্ডিতা বধূও বহুদিনও অবসর খুঁজিয়া (বিবাহযোগ্যকালে) পিতৃকুলে বর্ত্তমান স্বসঙ্গার্থী পতিকে বরণ করে। (৭৮) **নীতিজ্ঞ**—পরম মঙ্গলময় ব্রজেন্দ্রনন্দন নীতিদ্বারা মথুরামণ্ডলের শাসন করিতেছেন তিনি তস্করসমূহে যম, সুকৃতিজনগণে বসন্তবায়ু রমণীগণে কন্দর্প, দুর্গতজনসমূহে কল্যাণ-কল্পতরু, বন্ধুবর্গে চন্দ্র এবং বিপক্ষগণে কালাগ্নি-রুদ্ররূপ ধারণ করিয়া শাসন চালাইতেছেন।

৭৯-৮১। **বুদ্ধিমান্** (১২)—মেধাবী ও সূক্ষ্মধী-ভেদে বুদ্ধিমান্ দুই প্রকার। (৮০) **মেধাবী**—শ্রীকৃষ্ণ এই

প্রতিভান্বিতঃ (১৩)—৫৩। সদ্যো নবনবোল্লেখিজ্ঞানঃ স্যাৎ প্রতিভান্বিতঃ ; (৮২)

যথা পদ্যাবল্যাম্—

৩০। বাসঃ সম্প্রতি কেশব ! ক ভবতো মুগ্ধেক্ষণে ! নন্বিদং, বাসং ব্রূহি শঠ ! প্রকামসুভগে ! ত্বদ্গাত্রসংসর্গতঃ। যামিন্যামুষিতঃ ক ধূর্ত্ত ! বিতনুর্মুষ্ণাতি কিং যামিনী,-ত্যেবং গোপবধূং ছলৈঃ পরিহসন্ কৃষ্ণশ্চিরং পাতু বঃ ॥(৮৩)

বিদগ্ধঃ (১৪)—৬৪। কলা-বিলাসদিগ্ধাত্মা বিদগ্ধ ইতি কীর্ত্ত্যতে ; (৮৪)

যথা—৩১। গীতং গুম্ফতি তাণ্ডবং ঘটয়তি ব্রূতে প্রহেলীক্রমং, বেণুং বাদয়তে স্রজং বিরচয়ত্যালেখ্যমভ্যস্যতি। নির্ম্মাতি স্বয়মিন্দ্রজালপটলীং দ্যূতে জয়ত্যুন্মদান্, পশ্যোদ্দামকলাবিলাসবসতিশ্চিত্রং হরিঃ ক্রীড়তি ॥ (৮৫)

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

গুম্ফতীত্যত্র সমুচ্চয়ঃ 'বহূনাং যুগপদ্ ভাবভাজাং গুম্ফঃ সমুচ্চয়' ইতি তল্লক্ষণম্। অত্র কাসাঞ্চিৎ ক্রিয়াণাং কিঞ্চিৎ-কালভেদে সম্ভবেঽপি, শতপত্রবেধ-ন্যায়ে যৌগপদ্যং বৈদগ্ধ্যাতিশয়-দ্যোতনায় বিবক্ষিতমিতি লক্ষণানুগতিঃ ॥৮৫॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

রাধাকৃষ্ণয়োরুত্তরপ্রত্যুত্তরমাহ—হে কেশব ! ভবতো বাসো বসতিস্থানং ক। বস্ত্রার্থকবাসঃশব্দমভিপ্রেত্য শ্রীকৃষ্ণ আহ—হে মুগ্ধেক্ষণে ! রাধে ইদং পীতাম্বরং। হে শঠ ! বাসং ব্রূহি। বাসপদস্য সুগন্ধার্থকমভিপ্রেত্য প্রত্যুত্তরমাহ—যথেষ্ট-সুভগে ! ত্বদীয়-গাত্রসংসর্গত এব মম সুগন্ধঃ। হে ধূর্ত্ত ! যামিন্যাং কুত্রোষিতঃ ? যামিন্যা ইতি তৃতীয়ান্তপদমভিপ্রেত্যাহ—তনুরহিতা যামিনী কিং মুষ্ণাতি মাং চোরয়তি ॥ ৮৩ ॥

উন্মদানুদ্গতাহঙ্কারান্ দ্যূতে জয়তি ॥ ৮৫ ॥

জগতের বিদ্যার্থিগণকে আচার শিক্ষা দিবার উদ্দেশ্যে অবন্তিপুরবাসী গুরু সান্দীপনির গৃহে গিয়া গুরুর নিকট হইতে একটীবার মাত্র উপদিষ্ট হইয়াই হৃদয়মন্দিরে নিখিল বিদ্যাকেই যে ধারণ করিয়াছিলেন—ইহা অতি বিস্ময়করই বটে !!

(৮১) **সুবুদ্ধি**—ম্লেচ্ছরাজকে মথুরাপুরী অবরোধ করিতে দেখিয়া শ্রীকৃষ্ণ ভাবিতেছেন—'এই ম্লেচ্ছরাজ যদুকুলের অবধ্য, সুতরাং আমি পলায়ন করিতে করিতেই ইহাকে তথায় লইয়া যাই—যে স্থানে স্বল্পান্ধকারযুক্ত (নির্ঝর-শোভিত) পর্বত-কন্দরে মুচুকুন্দ পরম সুখে শায়িত আছে, অহো ! তাহার সুখময় নিদ্রাভঙ্গ হইলে মুচুকুন্দ দৃষ্টিমাত্রই এ যবনকে ভস্মীভূত করিবে।'

৮২-৮৩। **প্রতিভান্বিত (১৩)**—সদ্য সদ্য নব নব উন্মেষশালিনী বুদ্ধিবিশিষ্ট জনকেই 'প্রতিভান্বিত' কহে। উদাহরণ—[শ্রীরাধাকৃষ্ণের বাকোবাক্য] শ্রীরাধা—হে কেশব ! সম্প্রতি তোমার বাস (বসতিস্থান) কোথায় ? শ্রীকৃষ্ণ— (বাসশব্দে বস্ত্রার্থ করিয়া) হে মনোজ্ঞনয়নে রাধে ! এইত আমার পীতাম্বর ! শ্রীরাধা—হে শঠ ! বসতি-স্থানের কথাই বল। শ্রীকৃষ্ণ—(বাসশব্দে সুগন্ধার্থ ধরিয়া) হে মহাসৌভাগ্যবতি ! তোমারই গাত্র-সংসর্গে আমার এই সুগন্ধ ! শ্রীরাধা—হে ধূর্ত্ত ! যামিনীতে কোথায় ছিলে ? শ্রীকৃষ্ণ—[যামিন্যা মুষিতঃ—এই দুই পদ ভিন্ন করিয়া] তনুহীনা যামিনী আমার কি চুরি করিবে হে ? এই প্রকারে গোপবধূর সহিত ছলনাকারী কৃষ্ণ তোমাদিগকে চিরকাল পালন করুন।

৮৪-৮৫। **বিদগ্ধ (১৪)**—কলাবিলাসাদিতে যাঁহার চিত্ত সতত সংলিপ্ত—তাঁহাকে 'বিদগ্ধ' বলে। যথা—ঐ দেখ হে—সর্ব্বকলাবিলাস-খনি শ্রীকৃষ্ণ কি বিচিত্র ক্রীড়াই করিতেছেন—তিনি গীত-রচনা, তাণ্ডব-(নৃত্য) শিক্ষা, প্রহেলিকার পারিপাট্য-কথন, বেণু-বাদন, মাল্যগ্রন্থন চিত্রকর্মাভ্যাস, স্বয়ং ইন্দ্রজাল-নির্মাণ এবং উন্মদ ব্যক্তিদিগকেও

চতুরঃ (১৫)—৫৫। চতুরো যুগপদ্ভূরিসমাধানকৃদুচ্যতে ; (৮৬)

যথা—৩২। পারাবতীবিরচনেন গবাং কলাপং, গোপাঙ্গনাগণমপাঙ্গ-তরঙ্গিতেন।
মিত্রাণি চিত্রতর-সঙ্গর-বিক্রমেণ, ধিন্বন্নরিষ্টভয়দেন হরির্বিরেজে ॥ (৮৭)

দক্ষঃ (১৬)—দুষ্করে ক্ষিপ্রকারী যস্তং দক্ষং পরিচক্ষতে ; (৮৮)

যথা শ্রীদশমে (১০।৫৯।১৭)—

৩৩। যানি যোধৈঃ প্রযুক্তানি শস্ত্রাস্ত্রাণি কুরূদ্বহ। হরিস্তান্যচ্ছিনত্তীক্ষ্ণৈঃ শরৈরেকৈকশস্ত্রিভিঃ ॥ (৮৯)

যথা বা—৩৪। অঘহর ! কুরু যুগ্মীভূয় নৃত্যং ময়ৈব, ত্বমিতি নিখিলগোপীপ্রার্থনা-পূর্ত্তিকামঃ।
অতনুত গতিলীলা-লাঘবোর্ম্মিং তথাসৌ, দদৃশুরধিকমেতাস্তং যথা স্ব-স্ব-পার্শ্বে ॥ (৯০)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

পারাবতী গোপগীতিঃ। অরিষ্টভয়দেনেতি সর্ব্বত্র যোজ্যম্ ॥ ৮৭ ॥ অধিকমত্যর্থং নিঃসংশয়ং যথা স্যাত্তথা দদৃশুঃ ॥ ৯০ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

পারাবতী গোপগীতিঃ, অরিষ্টভয়দেনেতি ত্রয়াণাং বিশেষণম্, অন্তিমস্যৈব বা ॥ ৮৭ ॥ একৈকশঃ ত্রিভিঃ একং শস্ত্রিভিরিত্যর্থঃ ॥ ৮৯ ॥ অধিকমত্যর্থং নিঃসন্দেহং যথা স্যাত্তথা দদৃশুঃ ॥ ৯০ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তি-কৃতা

পারাবতী গোপগীতিঃ। তথা চারিষ্টভয়দেন তদ্গীতেন গবাং সমূহং ধিন্বন্ সুখয়ন্ চিত্রতরযুদ্ধবিক্রমেণ মিত্রাণি ধিন্বন্। অরিষ্টভয়দেনেতি সর্বত্র যোজ্যম্। সাক্ষাদসুরস্য দর্শনে যন্নিঃশঙ্কতয়া গানাদিকং করোতি, অতএব তস্যাভয়-কারণমিতি বোধ্যম্ ॥ ৮৭ ॥

যোধৈর্যানি শস্ত্রাস্ত্রানি প্রযুক্তাণি তানি একৈকশঃ একমেকং হরিঃ ক্রমপ্রযুক্তৈস্তীক্ষ্ণৈস্ত্রিভিঃ শরৈরচ্ছিনৎ ॥ ৮৯ ॥

হে অঘহর ! ময়ৈব সহ যুগ্মীভূয় নৃত্যং কুরু। ইত্যাকারিকায়াঃ প্রত্যেকং সর্বাসাং প্রার্থনায়াঃ পূর্ত্তিকামঃ শ্রীকৃষ্ণস্তথা গতিলীলয়োর্লাঘবোর্মিং ততান, যথা এতা ব্রজসুন্দর্য্যস্তং স্বস্বপার্শ্ব এবাধিকমত্যর্থং নিঃসংশয়ং যথা স্যাত্তথা দদৃশুঃ ॥ ৯০ ॥

(বি—যাহাদের ঘুঁটি পাকিয়াছে) দ্যূতক্রীড়ায় জয় করিতেছেন ॥

৮৬-৮৭। **চতুর** (১৫)—একই সময়ে বহু কার্য্যের সমাধানকারিকে 'চতুর' বলে। যথা—শ্রীকৃষ্ণ অরিষ্টাসুরের ভয়প্রদ পারাবতীনামক গোপগীতি-রচনায় গোসমূহকে, অপাঙ্গভঙ্গিতে গোপাঙ্গনাদিগকে এবং বিচিত্রতর যুদ্ধবিক্রমে সখাগণকে যুগপৎ সুখপ্রদান করিয়া বিরাজ করিতেছেন।

৮৮-৯০। **দক্ষ** (১৬)—দুষ্কর কার্য্যও যিনি শীঘ্র সম্পাদন করিতে পারেন—তাঁহাকে 'দক্ষ' বলে। যথা—হে কুরূদ্বহ ! যোদ্ধাগণ যে সকল অস্ত্র-শস্ত্র প্রয়োগ করিতেছিল, শ্রীকৃষ্ণ তাহাদের প্রত্যেকের প্রতি ক্রমশঃ এক এক বাণ নিক্ষেপ করত মোট তিনটি বাণেই তৎসমুদায় ছেদন করিলেন। (৯০) "হে অঘারি ! আমারই সহিত মিলিত হইয়া নৃত্য কর'—এইরূপে প্রত্যেক গোপীই প্রার্থনা করিলে শ্রীকৃষ্ণ তাঁহাদের বাসনা পূর্ত্তি করিতে ইচ্ছা করিয়া এমনভাবে গমনলীলার ক্ষিপ্রতা বিস্তার করিয়াছিলেন, যাহাতে সকল গোপীই নিঃসংশয়ে মনে করিলেন যে শ্রীকৃষ্ণ আমারই পার্শ্বে আছেন।

কৃতজ্ঞঃ (১৭)—৫৭। কৃতজ্ঞঃ স্যাদভিজ্ঞো যঃ কৃতসেবাদিকর্ম্মণাম্ ; (৯১)

যথা মহাভারতে—৩৫। ঋণমেতৎ প্রবৃদ্ধং মে হৃদয়ান্নাপসর্পতি। যদ্‌গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরবাসিনম্ ॥ (৯২)

যথা বা—৩৬। অনুগতিমতিপূর্ব্বাং চিন্তয়ন্নৃক্ষমৌলে,-রকুরুত বহুমানং শৌরিরাদায় কন্যাম্।
কথমপি কৃতমল্পং বিস্মরেন্নৈব সাধুঃ, কিমুত স খলু সাধুশ্রেণিচূড়াগ্ররত্নম্ ॥ (৯৩)

সুদৃঢ়ব্রত (১৮)—৫৮। প্রতিজ্ঞানিয়মৌ যস্য সত্যৌ স সুদৃঢ়ব্রতঃ ; (৯৪)

তত্র **সত্য-প্রতিজ্ঞো,** যথা হরিবংশে—

৩৭। ন দেবগন্ধর্ব্বগণা ন রাক্ষসা, ন চাসুরা নৈব চ যক্ষ-পন্নগাঃ।
মম প্রতিজ্ঞামপহন্তুমুদ্যতা, মুনে! সমর্থাঃ খলু সত্যমস্তু তে ॥ (৯৫)

যথা বা—৩৮। স আখণ্ডলপাণ্ডুপুত্রৌ, বিধায় কংসারিরপারিজাতৌ।
নিজপ্রতিজ্ঞাং সফলাং দধানঃ, সত্যাঞ্চ কৃষ্ণাঞ্চ সুখামকার্ষীৎ ॥ (৯৬)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

অনুগতিমিত্যত্রাতিপূর্ব্বামিতি সাম্প্রতং মহাপরাধমপ্যচিন্তয়ন্নিতি ধ্বন্যর্থঃ ॥ ৯৩ ॥ মুনে হে নারদ! সত্যং শপথতথ্যয়োরিত্যমরঃ ॥ ৯৫ ॥

ইন্দ্রপক্ষে অপারিজাতত্বং, পারিজাতরাহিত্যং। পাণ্ডবপক্ষে অপগতশত্রু-সমূহত্বং, সুখামিতি 'অথ ত্রিষু দ্রব্যে পাপং পুণ্যং সুখাদি চে'ত্যমরকোষাৎ। সুখমহমস্বাপ্সমিত্যাদৌ ক্রিয়ায়াস্তুল্যাধিকরণত্বাদ্ধর্ম্মিপরত্বেনাপি সুখশব্দস্য দৃষ্টত্বাৎ। তচ্চার্শ আদিত্বান্মন্তব্যম্ ॥ ৯৬ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

ন দেবেতি—মুনে হে শ্রীনারদ! তে তব সত্যং শপথঃ ॥ ৯৫ ॥

আখণ্ডল ইন্দ্রঃ। তৎপক্ষে ন বিদ্যতে পারিজাতো যস্য। যুধিষ্ঠির-পক্ষে অপগতং অরিজাতং শত্রুসমূহো যস্য স চ তৌ অপারিজাতৌ। সুখাং সুখিনীম্। অথ ত্রিষু দ্রব্যে পাপং পুণ্যং সুখাদি চেত্যমরঃ, সুখাদি-শব্দানাং ধর্ম্মিপরত্বেঽপি দর্শনাৎ। তচ্চার্শ-আদি-মননাদ্বা জ্ঞেয়ম্ ॥ ৯৬ ॥

শ্রীল-বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ-কৃতা

ঋক্ষমৌলের্জাম্ববতোঽনুগতিমতিপূর্ব্বাং, রামাবতারে কৃতাম্। কিমুত সাধুশ্রেণীনাং চূড়াগ্ররত্নং স শ্রীকৃষ্ণঃ ॥ ৯৩ ॥

এতে হন্তুমুদ্যতা অপি ন সমর্থাঃ। হে মুনে নারদ তবৈব সত্যং শপথম্। সত্যং শপথতথ্যয়োরিত্যমরঃ ॥ ৯৫ ॥

ইন্দ্রপক্ষে অপারিজাতত্বং পারিজাত-রাহিত্যং, পাণ্ডব-পক্ষে অপগত-শত্রুসমূহত্বম্। সত্যাং সত্যভামাং সুখামিতি সুখবিশিষ্টামিত্যর্থঃ। অথবা শোভনং খং সুখং যস্যা ইতি। 'খমিন্দ্রিয়ং সুখাকাশে' ইত্যেকাক্ষরকোষঃ ॥ ৯৬ ॥

৯১-৯৩। **কৃতজ্ঞ (১৭)**—কৃত সেবাদিকর্ম বিষয়ে যিনি সর্বদা অভিজ্ঞ, তাঁহাকে 'কৃতজ্ঞ' বলে। (৯২) শ্রীকৃষ্ণবাক্য—আমি দূরদেশে অবস্থান করিলেও কৃষ্ণা (দ্রৌপদী) যে আমাকে 'হে গোবিন্দ' বলিয়া উচ্চস্বরে ডাকিয়াছিল—তাহাতেই আমার হৃদয়ে যে ঋণ বৃদ্ধি পাইতেছে, তাহার আর ক্ষয়-ব্যয় দেখিতেছি না!! (৯৩) শ্রীকৃষ্ণ জাম্ববানের রামাবতারকালীন সেবা স্মরণ করিয়া [সম্প্রতিকৃত মহাপরাধও গণনা না করিয়া] তদীয় কন্যার পাণিগ্রহণপূর্বক ভল্লুকরাজকে বহুসম্মান জ্ঞাপন করিলেন। সাধু ব্যক্তির অত্যল্পসেবা করিলেও যখন তিনি তাহা বিস্মৃত হইতে পারেন না, তখন সেই সাধুগণ-চূড়ামণি শ্রীকৃষ্ণের আর কথা কি ?

৯৪-৯৭। **সুদৃঢ়ব্রত (১৮)**—যাঁহার প্রতিজ্ঞা ও নিয়ম দুইই সত্য হয়, তাঁহাকে 'সুদৃঢ়ব্রত' বলে।

সত্যনিয়মো, যথা—৩৯। গিরেরুদ্ধরণং কৃষ্ণ! দুষ্করং কর্ম্ম কুর্ব্বতা। মদ্ভক্তঃ স্যান্ন দুঃখীতি স্বব্রতং বিবৃতং ত্বয়া॥ (৯৭)

দেশকালসুপাত্রজ্ঞঃ (১৯)—৫৯। দেশকালসুপাত্রজ্ঞস্তত্তদ্‌যোগ্যক্রিয়া-কৃতী ; (৯৮)

যথা—৪০। শরজ্জ্যোৎস্না-তুল্যঃ কথমপি পরো নাস্তি সময়,-স্ত্রিলোক্যামাক্রীড়ঃ ক্বচিদপি ন বৃন্দাবনসমঃ।
ন কাপ্যম্ভোজাক্ষী ব্রজযুবতিকল্পেতি বিমৃশ,-ন্মনো মে সোৎকণ্ঠং মুহুরজনি রাসোৎসবরসে॥ (৯৯)

শাস্ত্রচক্ষুঃ (২০)—৬০। শাস্ত্রানুসারিকর্ম্মা যঃ শাস্ত্রচক্ষুঃ স কথ্যতে ; (১০০)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

সত্যনিয়ম ইতি সর্ব্বদাতনত্বাৎ. কাদাচিৎক্যাঃ প্রতিজ্ঞায়া ভিদ্যতেঽসৌ। গিরেরুদ্ধরণমিতি মহেন্দ্রবাক্যম্ ॥৯৭॥

দেশকালসুপাত্রজ্ঞ ইতি দেশকালগ্রহণং পাত্রার্থমেব কৃতং। ততঃ পাত্রস্যৈবাত্র প্রাধান্যং বিবক্ষিতং। যত-স্তাদৃশপাত্রাভাবে দেশকালয়োরপ্যকিঞ্চিৎকরত্বমভিপ্রেতম্। অতঃ সুশব্দোঽপ্যত্রৈব কৃতঃ। অতঃ সমুদায়স্যাপেক্ষিতত্বা-দেক এব গুণ উদাহৃতঃ। অন্যত্র তু দেশজ্ঞত্বাদিকাঃ পৃথগ্‌ গুণা অপি ভবেয়ুরিতি বিবেচনীয়ম্ ॥ ৯৮ ॥

তথৈবোদাহৃতং শরদিতি। মথুরায়ামুদ্ধবং প্রতি শ্রীভগবতঃ স্বচরিতকথনান্তঃপাতি বাক্যমিদম্ ॥ ৯৯ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

প্রতিজ্ঞা কাদাচিৎকী, নিয়মঃ সদাতন ইতি ভেদঃ। গিরেরুদ্ধরণমিতি শ্রীনারদবচনম্ ॥ ৯৭ ॥

দেশকাল-সুপাত্রজ্ঞতা এক এব গুণঃ. তেন দেশকালয়োঃ সুপাত্রজ্ঞত্বেনৈব গ্রহণং বোধিতম্ ॥ ৯৮ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

সর্ব্বদাতননিয়মঃ সত্যনিয়মঃ, কাদাচিৎক-নিয়মঃ প্রতিজ্ঞা ইতি তয়োর্ভেদঃ। গিরেরুদ্ধরণমিতি মহেন্দ্র-বাক্যম্ ॥ ৯৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞ ইতি দেশকালগ্রহণং পাত্রার্থমেব কৃতম্। অতঃ পাত্রস্যৈবাত্র প্রাধান্যং বিবক্ষিতম্। যতঃ তাদৃশপাত্রাভাবে দেশকালয়োরকিঞ্চিৎকরত্বমভিপ্রেতম্। অতঃ সুশব্দোঽপ্যত্রৈব কৃতঃ। অতঃ সমুদায়-সাপেক্ষকত্বাদেক এব গুণ উদাহৃতঃ। অন্যত্র তু দেশকালজ্ঞত্বাদিকাঃ পৃথগ্‌ গুণা অপি ভবেয়ুরিতি বিবেচনীয়ম্ ॥ ৯৮ ॥

মথুরায়ামুদ্ধবং প্রতি শ্রীভগবতঃ স্বচরিত-কথনান্তঃপাতি বাক্যমিদম্ ব্রজযুবতি-কল্পেতি তত্তুল্যেত্যর্থঃ ॥ ৯৯ ॥

---

(৯৫) **সত্যপ্রতিজ্ঞ**—হে নারদমুনি! দেব বা গন্ধর্ব্বগণ, রাক্ষস বা অসুরগণ, যক্ষ বা পন্নগগণ—ইহারা সকলেই আমার প্রতিজ্ঞা ভঙ্গ করিতে উদ্যত হইলেও কিন্তু তাহা করিতে পারে নাই, তোমারই শপথ সফল হউক (?)। (৯৬) শ্রীকৃষ্ণ নিজপ্রতিজ্ঞা সফল করিবার জন্য অবলীলাক্রমে ইন্দ্র ও যুধিষ্ঠিরকে অপারিজাত [ইন্দ্রপক্ষে—পারিজাতশূন্য এবং যুধিষ্ঠিরপক্ষে শত্রুপক্ষনাশ] করত সত্যভামা ও কৃষ্ণা (দ্রৌপদীকে) সুখী করিয়াছেন। (৯৭) **সত্য নিয়ম**—[সত্যপ্রতিজ্ঞা কাদাচিৎকী, কিন্তু সত্যনিয়ম—সার্বকালিক, এইমাত্র ভেদ] দেবরাজের উক্তি—হে কৃষ্ণ! গিরিরাজ-ধারণরূপ দুষ্কর কার্য্য সম্পাদন করিয়া তুমি 'আমার ভক্ত কখনও দুঃখী হয় না' এই বাক্য পালনরূপ নিজব্রতেরই বিবৃতি করিয়াছ।

৯৮-৯৯। **দেশকাল-সুপাত্রজ্ঞ** (১৯)—যিনি দেশ, কাল ও সুপাত্র বিবেচনাপূর্বক যথোপযুক্তকার্য্য করিতে পারেন—তিনিই 'দেশ-কাল-সুপাত্রজ্ঞ'। [মথুরায় শ্রীউদ্ধবের প্রতি শ্রীকৃষ্ণের বাক্য]—শারদজ্যোৎস্নাভূষিতা যামিনীর ন্যায় উত্তম সময় হয় না, ত্রিভুবন-মধ্যে বৃন্দাবনের ন্যায় কোনও স্থানই ক্রীড়াস্পদ নহে, এবং ব্রজযুবতীতুল্যা পদ্মনয়না কোন নারীও ত্রিজগতে নাই—এই চিন্তা করিয়াই আমার মন রাসোৎসব-রসবিষয়ে মুহুর্মুহু সমুৎকণ্ঠিত হইয়াছিল।

যথা—৪১। অভূৎ কংসরিপোর্নেত্রং শাস্ত্রমেবার্থদৃষ্টয়ে। নেত্রাম্বুজন্তু যুবতীবৃন্দোন্মাদায় কেবলম্॥ (১০১)

শুচিঃ (২১)—৬১। পাবনশ্চ বিশুদ্ধশ্চেত্যুচ্যতে দ্বিবিধঃ শুচিঃ।
পাবনঃ পাপনাশী স্যাদ্বিশুদ্ধস্ত্যক্তদূষণঃ॥ (১০২)

তত্র **পাবনো,** যথা পাদ্মে—

৪২। তং নির্ব্যাজং ভজ গুণনিধিং পাবনং পাবনানাং, শ্রদ্ধা-রজ্যন্মতিরতিতরামুত্তমঃশ্লোকমৌলিম্।
প্রোদ্যন্নন্তঃকরণকুহরে হন্ত যন্নামভানো,-রাভাসোঽপি ক্ষপয়তি মহাপাতকধ্বান্তধারাম্॥ (১০৩)

বিশুদ্ধো, যথা—৪৩। কপটঞ্চ হঠশ্চ নাচ্যুতে, বত সত্রাজিতি নাপ্যদীনতা।
কথমত্র বৃথা স্যমন্তক! প্রসভং কৌস্তুভসখ্যমিচ্ছসি? (১০৪)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

অভূদিতি কস্যচিৎ পরিহাসোক্তিঃ। অর্থদৃষ্টয়ে অর্থস্য শুভাশুভত্বজ্ঞানায়॥ ১০১॥

তং নির্ব্যাজমিতি প্রায়ো ধৃতরাষ্ট্রং প্রতি শ্রীবিদুরোপদেশঃ। নাম্নি চাভাসত্বং—"নামৈকং যস্য বাচি স্মরণপথ-গতং শ্রোত্রমূলং গতং বা, শুদ্ধং বাঽশুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তারয়ত্যেব সত্যমি"ত্যনুসারেণ জ্ঞেয়ম্॥ ১০৩॥

কপটমিতি সত্রাজিতমুদ্দিশ্য শ্রীমদুদ্ধবস্য সোৎপ্রাসোক্তিঃ। 'প্রসভন্তু বলাৎকারো হঠ' ইত্যমরপাঠাৎ হঠ ইতি পুংস্যেব। প্রসভমিতি তু অর্শ আদিত্বেন মন্তব্যম্॥ ১০৪॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

অভূদিতি শ্রীনারদবাক্যম্। অর্থস্য বস্তুনো দৃষ্টয়ে শুভাশুভত্ব-জ্ঞানায়॥ ১০১॥

তং নির্ব্যাজমিতি কাশ্যা আগতমক্রূরং প্রতি উদ্ধবোক্তিঃ। নাম্ন আভাসত্বং 'সাঙ্কেত্যং পারিহাস্যং বা স্তোভং হেলনমেব বে'ত্যাদিরূপং জ্ঞেয়ম্॥ ১০৩॥

কপটমিতি সত্রাজিন্নিন্দার্থমুদ্ধবস্য বচনম্। প্রসভমবিচারং যথা স্যাত্তথা॥ ১০৪॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

অভূদিতি কস্যচিৎ পরিহাসোক্তিঃ। অর্থদৃষ্টয়ে অর্থস্য শুভাশুভজ্ঞানায়। কংসরিপোঃ শাস্ত্রমেব নেত্রমভূৎ। তস্য নেত্রকমলন্তু যুবতীবৃন্দোন্মাদয়ে কেবলম্॥ ১০১॥

তং নির্ব্যাজমিতি ধৃতরাষ্ট্রং প্রতি শ্রীবিদুরোপদেশঃ। শ্রদ্ধয়া শুধ্যন্মতিঃ সন্ তং শ্রীকৃষ্ণং নির্ব্যাজং নিষ্কপটং যথা স্যাত্তথা ভজ। যস্য নামাভাসোঽপি অন্তঃকরণমুকুরে উদ্যন্ সন্, নাম্নি চাভাসত্বং—নামৈকং যস্য বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা। শুদ্ধং বাশুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তারয়ত্যেব সত্যমিত্যনুসারেণ জ্ঞেয়ম্॥ ১০৩॥

সত্রাজিতমুদ্দিশ্য শ্রীমদুদ্ধবস্য সোৎপ্রাসোক্তিঃ—হে স্যমন্তক! সত্রাজিতঃ সকাশাৎ ত্বাং গ্রহীতুং শ্রীকৃষ্ণস্য কপটং হঠশ্চ নাস্তি। এবং সত্রাজিতি চাদীনতা নাস্তি; অর্থাদ্দীনতা বর্ত্ততে। তৎ কথং সখ্যমিচ্ছসি? 'প্রসভন্তু বলাৎকারো হঠ' ইত্যমর-পাঠাৎ হঠ ইতি পুংস্যেব। প্রসভমিতি অর্শ আদিত্বেন মন্তব্যম্॥ ১০৪॥

১০০-১০১। **শাস্ত্রচক্ষুঃ (২০)**—যিনি শাস্ত্রানুসারে কর্ম করেন, তিনিই 'শাস্ত্রচক্ষু'। [পরিহাসোক্তি] শুভা-শুভবিষয়জ্ঞানের জন্য কংসারির পক্ষে শাস্ত্রই চক্ষু এবং তাঁহার যে নেত্রপদ্মদ্বয় উহা কেবল যুবতিগণকে উন্মত্ত করিবার জন্যই বিরাজ করিতেছে!!

১০২-১০৪। **শুচি (২১)**—পাবন ও বিশুদ্ধ-ভেদে শুচি দ্বিবিধ। **পাবন** বলিতে পাপনাশন এবং **বিশুদ্ধ**

বশী (২২)— ৬২। বশী জিতেন্দ্রিয়ঃ প্রোক্তঃ ; (১০৫)

যথা প্রথমে (১।১।১৩৭)—৪৪। উদ্দামভাবপিশুনামলবল্গুহাস,-ব্রীড়াবলোকনিহতো মদনোঽপি যাসাম্।
সংমুহ্য চাপমজহাৎ প্রমদোত্তমাস্তা, যস্যেন্দ্রিয়ং বিমথিতুং কুহকৈর্ন শেকুঃ॥ (১০৬)

স্থিরঃ (২৩)—৬৩। আফলোদয়কৃৎ স্থিরঃ ; (১০৭)

শ্রীল জীবগোস্বামিপাদ-কৃতা

উদ্দামেতি। মদনঃ কামোঽপি উদ্ভটভাবসূচকাভ্যাং নির্মলমনোহরাভ্যাং হাসব্রীড়াবলোকাভ্যাং স্মিতসলজ্জ-দৃষ্টিভ্যাং নিহতঃ তন্মহিমদর্শনেনোক্তার্থীকৃতস্বাস্ত্রাদিবলোঽভূৎ। অতএব সংমুহ্য চাপমজহাৎ। তত্র নিজাস্ত্রপ্রয়োগং ন কুরুত এবেত্যর্থঃ। তদেবং "ভ্রূপল্লবং ধনুরপাঙ্গতরঙ্গিতানি বাণা" ইত্যাদিবন্মহিমদর্শনার্থমুৎপ্রেক্ষামাত্রং, তথাভূতা অপি প্রমদোত্তমাঃ প্রমদেন প্রকৃষ্টপ্রেমানন্দবিশেষেণ পরমোৎকৃষ্টাস্তাঃ স্বয়ন্দ এব যাঃ স্বতোঽপ্যুৎকৃষ্টপ্রেমবত্যস্তাসাং সাম্যেচ্ছয়া কুহকৈস্তাদৃশপ্রেমাভাবেন কপটাংশপ্রযুক্তৈঃ সদ্ভিঃ কটাক্ষাদিভির্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং তত্ত্বদ্বিশেষেণ ন শেকুঃ, কিন্তু স্বপ্রেমানুরূপমেব শেকুরিতি॥ ১০৬॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

উদ্দামেতি—যাসামুদ্ভটভাবসূচকাভ্যাং নির্মলমনোহরাভ্যাং হাসব্রীড়াবলোকনাভ্যাং স্মিতসলজ্জদৃষ্টিভ্যাং নিহতো ব্যর্থীকৃতঃ স্বাস্ত্রাদিবলো মদনঃ কামঃ, সংমুহ্য বিস্ময়েন মোহং প্রাপ্য চাপমজহাৎ ব্যর্থমমন্যত। এবংপ্রভাবা যাঃ স্ত্রিয় ইত্যেতাবন্মাত্রং বিবক্ষিতম্। তাঃ প্রমদোত্তমাঃ কুহকৈঃ কপটৈঃ কটাক্ষাদি-বিলাসৈর্যস্যেন্দ্রিয়ং মনো বিমথিতুং ক্ষোভয়িতুং ন শেকুঃ। আসাং সমঞ্জসায়া রতেঃ সান্দ্রায়া অপি কচিৎ সম্ভোগেচ্ছা বিভিদ্যতে, তদুত্থিতত্বাৎ কুহকৈরিত্যুক্তম্। যথোজ্জ্বলনীলমণৌ (স্থায়িভাব—৩৫) সমঞ্জসাতঃ সম্ভোগস্পৃহায়া ভিন্নতা যদা। তদা তদুত্থিতৈর্ভাবৈর্বশ্যতা দুঃশকা হরে" রিতি॥ ১০৬॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

উদ্দামেতি—যাসামুদ্ভটভাব-সূচকাভ্যাং নির্মলমনোহরাভ্যাং, হাসব্রীড়াবলোকনাভ্যাং স্মিত-সলজ্জদৃষ্টিভ্যাং নিহতো মদনঃ সংমুহ্য চাপমজহাৎ। তাঃ প্রমদোত্তমা যস্য শ্রীকৃষ্ণস্য ইন্দ্রিয়ং কুহকৈঃ কপটৈর্মথিতুং বশীকর্ত্তুং ন শেকুঃ প্রেম্ণা তু শেকুরিতি বোধ্যম্। তদেবং ভ্রূপল্লবং ধনুরপাঙ্গতরঙ্গিতানি বাণা ইতি শ্রীগীতগোবিন্দবদত্র তাসাং মহিম-দর্শনার্থ-মুৎপ্রেক্ষামাত্রম্॥ ১০৬॥

বলিতে সর্বদোষশূন্যই বাচ্য। (১০৩) **পাবন**—[ধৃতরাষ্ট্রকে বিদুর বলিতেছেন] উত্তমঃ-শ্লোকমৌলি শ্রীকৃষ্ণ পাবনেরও পাবন—তাঁহাকেই তুমি শ্রদ্ধাসহকৃত বিশুদ্ধমতি হইয়া নিষ্কপটে ভজন কর; অহো! তাঁহার নামরূপ সূর্য্যের আভাসমাত্রও অন্তঃকরণরূপ (অন্ধকার) গহ্বরে উদয় হইয়াই মহাপাতকরূপ অন্ধকাররাশিকেও নাশ করে। (১০৪) **বিশুদ্ধ**—[সত্রাজিৎকে লক্ষ্য করিয়া উদ্ধবের আক্ষেপ বাক্য] হে স্যমন্তক! সত্রাজিৎ হইতে তোমাকে কাড়িয়া আনিতে শ্রীকৃষ্ণের কপট বা হঠ কিছুই নাই, আবার সত্রাজিতেও অদীনতা নাই অর্থাৎ মহাকার্পণ্য আছেই; সুতরাং অদ্য কেন তুমি বলাৎকারে (অবিচারে) কৌস্তুভের সহিত সখ্যবিধানের ইচ্ছা করিতেছ?

১০৫-৬। বশী (২২)—জিতেন্দ্রিয় ব্যক্তিকে 'বশী' বলা হয়। যথা—যে পরমসুন্দরীগণের গম্ভীর-ভাব-সূচক নির্মল ও মনোজ্ঞ হাস্য ও সলজ্জ অপাঙ্গ-বিক্ষেপে স্বয়ং কন্দর্পও অতিমুগ্ধ হইয়া স্বীয় কুসুমধনু পরিত্যাগ করেন, তাদৃশ মদন-বিজয়িনী বরাঙ্গনাগণও কপট হাবভাবাদি দ্বারা শ্রীকৃষ্ণের মন ক্ষুব্ধ করিতে পারেন নাই।

যথা—৪৫। নির্ব্বেদমাপ ন বনভ্রমণে মুরারি,-র্নাচিন্তয়দ্ব্যসনমৃক্ষবিলপ্রবেশে।
আহৃত্য হন্ত মণিমেব পুরং প্রপেদে, স্থাতুত্তমঃ কৃতধিয়াং হ ফলোদয়ান্তঃ॥ (১০৮)

দান্তঃ (২৪)—৬৪। স দান্তো দুঃসহমপি যোগ্যং ক্লেশং সহেত যঃ ; (১০৯)

যথা—৪৬। গুরুমপি গুরুবাসক্লেশমব্যাজভক্ত্যা, হরিরজগণদন্তঃ কোমলাঙ্গোঽপি নায়ম্।
প্রকৃতিরতিদুরূহা হন্ত লোকোত্তরাণাং, কিমপি মনসি চিত্রং চিন্ত্যমানা তনোতি। (১১০)

ক্ষমাশীলঃ (২৫)—৬৫। ক্ষমাশীলোঽপরাধানাং সহনঃ পরিকীর্ত্ত্যতে ; (১১১)

যথা মাঘকাব্যে (শিশুপালবধে ১৬।২৫)—

৪৭। প্রতিবাচমদত্ত কেশবঃ, শপমানায় ন চেদিভূভৃতে।
অনুহুঙ্কুরুতে ঘনধ্বনিং, ন হি গোমায়ুরুতানি কেশরী॥ (১১২)

যথা বা যামুনাচার্য্যস্তোত্রে—

৪৮। রঘুবর ! যদভূস্ত্বং তাদৃশো বায়সস্য, প্রণত ইতি দয়ালুর্যচ্চ চৈদ্যস্য কৃষ্ণ !
প্রতিভবমপরাদ্ধুর্মুগ্ধ ! সাযুজ্যদোঽভূ,-র্বদ কিমপদমাগস্তস্য তেঽস্তি ক্ষমায়াঃ॥ (১১৩)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

রঘুবরেতি—পুনরুদাহরণমিদং পূর্ব্বস্যাবজ্ঞায়ামেব পর্য্যবসানং স্যান্নতু ক্ষমাবত্ত্বে, ঘনধ্বনাবসহনত্বাদিতি বিচার্য্যম্। অত্র প্রতিভবমপরাদ্ধুরিত্যাদিনা রঘুবরাদপ্যুৎকর্ষো দর্শিতঃ॥ ১১৩॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

রঘুবরেতি—প্রতিভবমপাদ্ধুরিত্যাদিনা রঘুবরাদপ্যুৎকর্ষো দর্শিতঃ॥ ১১৩॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

যঃ ফলোদয়-পর্য্যন্তং করোতি স স্থিরঃ। কৃতধিয়াং পূর্ণধিয়াং জনানাং 'যুগপর্য্যাপ্তয়োঃ কৃত'মিত্যমরঃ। পর্য্যাপ্তিঃ পূর্ণতা॥ ১০৮॥ দুঃসহমপি ক্লেশং যোগ্যমিষ্টসাধনং চেদ্ যঃ সহতে স দান্তঃ। গুরুমতিশয়মপি গুরুকুলবাসক্লেশং হরিরন্তরন্তঃকরণে নাজগণৎ ন গণয়ামাস। তস্মাল্লোকোত্তরাণাং দুরূহা প্রকৃতিঃ। লোকৈশ্চিন্ত্যমানা সতী তেষাং মনসি কিমপি চিত্রমাশ্চর্য্যং তনোতি॥ ১১০॥

চেদিভূভৃতে শিশুপালায় কেশরী সিংহঃ। মেঘধ্বনিমনুলক্ষীকৃত্য হুং কুরুতে, ন তু শৃগালরুতানি॥ ১১২॥

হে রঘুবর ! তাদৃক্ সীতায়াঃ কঞ্চুকস্পর্শরূপাপরাধকৃদ্ যো বায়সস্তস্য সম্বন্ধেঽয়ং প্রণতো মম শরণাগতো জাতঃ ইতি বুদ্ধ্যা যত্ত্বং দয়ালুরভূঃ, তথা হে কৃষ্ণ ! প্রতিভবং প্রতিজন্ম অপরাদ্ধঃ চৈদ্যস্য যচ্চ ত্বং সুন্দরসাযুজ্যদোঽভূঃ, অতঃ তস্য তে তব ক্ষমায়াঃ কিমাগঃ কোঽপরাধঃ অপদমনাশ্রয়োঽস্তি। পূর্বস্যাবজ্ঞায়ামেব পর্য্যবসানম্, ইতরস্য তু ক্ষমাবত্ত্বে, ঘনধ্বনারসহনত্বাদিতি বিচার্য্যম্। অত্র প্রতিভবমপরাদ্ধুরিত্যাদিনা রঘুবরাদপ্যুৎকর্ষো দর্শিতঃ॥ ১১৩॥

১০৭-৮। **স্থির (২৩)** ফলোদয় পর্য্যন্ত যিনি কর্ম করেন, তাঁহাকে 'স্থির' বলে। শ্রীকৃষ্ণ স্যমন্তকান্বেষণকালে বনভ্রমণ করিয়াও নির্বেদগ্রস্ত হন নাই, কিম্বা ভল্লুকরাজের গর্তমধ্যে প্রবেশকালেও কোন বিপদের চিন্তা করেন নাই ; অহো ! তিনি মণিগ্রহণ করিয়াই দ্বারকায় আসিয়াছেন। পূর্ণবুদ্ধিলোকদের ফলোদয় পর্য্যন্তই উদ্যম দেখা যায়।

১০৯-১১০। **দান্ত (২৪)**—ইষ্টসাধন হইলে দুঃসহ ক্লেশও যিনি সহ্য করিতে পারেন, তাঁহাকে 'দান্ত' বলে। কোমলাঙ্গ হইলেও শ্রীকৃষ্ণ অকপট ভক্তি-বলে গুরুগৃহে বাসরূপ গুরুতর ক্লেশও মনে মনে গণনা করেন নাই।

গম্ভীরঃ (২৬)—৬৬। দুর্ব্বিবোধাশয়ো যস্তু স গম্ভীর ইতীর্য্যতে ; (১১৪)

যথা—৪৯। বৃন্দাবনে বরাতিঃ স্তুতিভির্নিতরামুপাস্যমানোঽপি। শক্তো ন হরির্বিধিনা রুষ্টস্তুষ্টোঽথবা জ্ঞাতুম্॥ (১১৫)

যথা বা—৫০। উন্মদোঽপি হরির্নব্যরাধা-প্রণয়সীধুনা। অভিজ্ঞেনাপি রামেণ লক্ষিতোঽয়মবিক্রিয়ঃ॥ (১১৬)

ধৃতিমান্ (২৭)—৬৭। পূর্ণস্পৃহশ্চ ধৃতিমান্ শান্তশ্চ ক্ষোভকারণে ; (১১৭)

তত্র **আদ্যো**, যথা—৫১। স্বীকুর্বন্নপি নিতরাং যশঃপ্রিয়ত্বং, কংসারির্মগধপতের্বধপ্রসিদ্ধাম্।

ভীমায় স্বয়মতুলামদত্ত কীর্ত্তিং, কিং লোকোত্তরগুণশালিনামপেক্ষ্যম্? (১১৮)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

বৃন্দাবন ইতি—তৎস্তুতিবিশেষস্য স্পষ্টতার্থমুক্তং। রুষ্টস্তুষ্টো বেতি জ্ঞাতুং ন শক্তো শক্যো নাভূৎ॥ ১১৫॥

পূর্ণেতি। ধৃতির্মনঃসংযমনং তদ্বান্ তত্র পূর্ণা সর্ব্বস্পৃহণীয়লাভাৎ কৃতার্থা স্পৃহা যস্য স পূর্ণস্পৃহঃ, পূর্ণস্পৃহতাকারণকধৃত্যা যুক্ত ইত্যর্থঃ। শান্ত ইতি পূর্ণস্পৃহত্বাভাবেঽপি ধৃত্যা ক্ষোভাব্যাপ্তঃ ইত্যর্থঃ॥ ১১৭॥

স্বীকুর্ব্বন্নিতি। পূর্ণস্পৃহত্বমত্র লোকোত্তরগুণশালিত্বেন লভ্যতে, তত্র চ সতি ভীমায় যশোদানে নিরুপাধিতয়া স্নিগ্ধস্বভাবত্বমপি লভ্যতে। যদ্বিনা সর্বেঽপ্যন্তে গুণা জনায় অরোচমানাঃ স্বরূপাদ্ ভ্রশ্যন্তি। ততশ্চোপসন্নমাত্রেষু তস্য নিরুপাধিতয়া স্নিগ্ধত্বে লব্ধে নিরুপাধিভক্তেষু সুতরামেব তাদৃশত্বং স্যাৎ, তৎসুখার্থমেব যশঃপ্রিয়ত্বমপ্যুস্তবতি। তে হি তদ্যশসা অধিকমানন্দং যান্তি। তদেবং স্থিতে তেষু নিজযশশ্চ সংক্রময়তি স ইত্যতো যশঃপ্রিয়ত্বেঽপি পূর্ণস্পৃহত্বমেব সেৎস্যত ইতি॥ ১১৮॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

ন শক্তঃ স্তুত্যা প্রীতোঽপি তর্কাদিনা শক্যো নাভূৎ॥ ১১৫।

ধৃতিমানিতি—ধৃতির্মনোঽচলনং তদ্বান্, পূর্ণা সর্বস্পৃহণীয়লাভাৎ কৃতার্থা স্পৃহা যস্য সঃ পূর্ণস্পৃহঃ॥ ১১৭॥

ভক্তা মম যশসি রমন্তে তদর্থং যশঃপ্রিয়ত্বং স্বীকুর্বন্নপি। 'মদ্ভক্তানাং বিনোদায় করোমি বিবিধাঃ ক্রিয়াঃ' ইত্যাদি-বচনাৎ স্বতঃপূর্ণস্পৃহত্বং ব্যক্তমেব। ভক্তার্থায়াঃ কীর্ত্তেঃ ভক্তায় নিরুপাধিতয়া দানেন তস্যাঃ প্রত্যুতাধিক্যং স্যাদিতি কীর্ত্তিমত্ত্বঞ্চ॥ ১১৮॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

গোবর্দ্ধনোদ্ধরণ-সময়ে উন্মত্তোঽপ্যয়ং কৃষ্ণোঽবিক্রিয় ইতি রামেণ লক্ষিতঃ॥ ১১৬॥

পূর্ণস্পৃহশ্চ ধৃতিমান্। এবং ক্ষোভকারণে সত্যশ্চ শান্তশ্চ ধৃতিমান্॥ ১১৭॥

যশসঃ প্রিয়ত্বং স্বীকুর্বন্নপি কংসারির্জরাসন্ধস্য বধে প্রসিদ্ধাম্ অতুলাং কীর্ত্তিম্॥ ১১৮॥

অহো! লোকোত্তরব্যক্তিদিগের প্রকৃতি অতি দুরূহ, প্রাকৃত জীব তদ্বিষয়ে চিন্তা করিলে মনে এক অনির্বাচ্য বিস্ময়ই ভোগ করে।

১১১-১৩। **ক্ষমাশীল** (২৫)—সর্ব অপরাধ যিনি সহ্য করেন, তাঁহাকে 'ক্ষমাশীল' বলে। চেদিরাজ শিশুপাল শ্রীকৃষ্ণকে লক্ষ্য করিয়া শত শত নিন্দাবাদ করিলেও শ্রীকৃষ্ণ তাহার প্রত্যুত্তর দিলেন না; সিংহ মেঘগর্জন-শ্রবণেই প্রতিগর্জন করে, কিন্তু শৃগালের রবে কর্ণপাতও করে না। (১১৩) হে রঘুবর! সীতার কঞ্চুকে চঞ্চুদ্বারা আঘাতরূপ মহাপরাধকারী সেই [প্রণত] কাককেও শরণাগত-বুদ্ধিতে ক্ষমা করিয়া তুমি দয়ালু হইয়াছ। হে কৃষ্ণ! তুমিও প্রতিজন্ম অপরাধী শিশুপালকে সুন্দর সাযুজ্য দান করিয়াছ—এক্ষণে বল দেখি তুমি কোন্ অপরাধীকে না ক্ষমা করিতে পার?

দ্বিতীয়ো, যথা—৫২। নিন্দিতস্য দমঘোষসূনুনা, সম্ভ্রমেণ মুনিভিঃ স্তুতস্য চ।
রাজসূয়সদসি ক্ষিতীশ্বরৈঃ, কাপি নাস্য বিকৃতির্বিতর্কিতা॥ (১১৯)

সমঃ (২৮)—৬৮। রাগদ্বেষবিমুক্তো যঃ সমঃ স কথিতো বুধৈঃ ; (১২০)

যথা শ্রীদশমে (১০।১৬।৩৩)—৫৩। ন্যায্যো হি দণ্ডঃ কৃতকিল্বিষেঽস্মিং,-স্তবাবতারঃ খলনিগ্রহায়।
রিপোঃ সুতানামপি তুল্যদৃষ্টে,-র্ধৎসে দমং ফলমেবানুশংসন্॥ (১২১)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

নিন্দিতস্যেতি। অত্রেদমেবোদাহরণং, ন তু সম্ভ্রমেণেত্যপি। পরত্র খলু গাম্ভীর্য্যমেব লক্ষ্যতে। মুনয়ো হ্যত্র ভক্তাস্তৎকৃতস্তবাদন্তর্বহিঃসুখপ্রাপ্তিরস্ত্যেব। গাম্ভীর্য্যধৃত্যোঃ খলু আবৃতত্বাঽসত্ত্বাভ্যামেব ভেদ ইতি॥ ১১৯॥

রিপোঃ সুতানামিতি। স্বস্য রিপুরয়মিতি সুতোঽয়মিতি বা ন বিষমদৃষ্টিত্বম্, কিন্তু তুল্যদৃষ্টিরেব ; যতো ন্যায়ান্যায়াভ্যামেব বিষমদৃষ্টিরসি, তত্রান্যায়স্বভাবস্য রিপোর্যদ্দমং ধৎসে, তচ্চ ফলমেবানুশংসন্ ধৎসে। আয়ত্যান্তস্যাপি মোক্ষাদিসুখপ্রাপণাৎ। অতএব রিপুসুতয়োস্তুল্যদর্শিত্বং লব্ধং। লোকে পিত্রাদৌ তথা দুষ্টপুত্রশাসনদৃষ্টেরিত্যর্থঃ। অত্র রিপুর্জরাসন্ধসুতাদিঃ। কালিকাপুরাণে বরাহাবতারগত-তাদৃগিতিহাসাৎ। সুতো নরকাসুরাদিঃ॥ ১২১॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

মুনয়ো জ্ঞাননিষ্ঠাঃ। আন্তরস্যাপি ক্ষোভলেশস্যাভাবাৎ কাপীতি। গাম্ভীর্য্যোদাহরণাদত্র মহান্ বিশেষঃ। তত্র ব্রহ্মারামাভ্যামপি ক্ষোভেঽপ্যক্ষোভ-মননাৎ॥ ১১৯॥

অস্মিন্ দণ্ডো ন্যায্য এব, তত্র হেতুঃ—কৃতানি কিল্বিষাণি শ্রীগরুড়ে শ্রীযমুনাবৃন্দাবনয়োস্তজ্জীবসমূহে শ্রীভগবতি চ অপরাধা যেন তাদৃশে। যস্তবাবতারঃ প্রাকট্যমাত্রং খলানাং সাধুদ্রোহিণাং নিগ্রহায় ভবতি, এবং সাধূনাম্ অনুগ্রহে সূচিতম্। অন্যথা তু ন নিগ্রহো ন চানুগ্রহ ইত্যাহ—রিপোরিতি। রিপূণাং সুতানাঞ্চ সম্বন্ধে তুল্যা দৃষ্টির্যস্য। ন চ খলনিগ্রহ-নৈর্ঘৃণ্যমিত্যাহ—ধৎস ইতি। ফলং নানানরকাদিদুঃখহেতুখলত্বোপশমনপূর্বকং নিত্যসুখদান-লক্ষণম্॥ ১২১॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

অস্য কৃষ্ণস্য বিকৃতির্নিন্দোত্থক্রোধাদিবিকারঃ, এবং স্তুত্যুত্থসন্তোষাদিবিকারশ্চ ক্ষিতীশ্বরৈর্ন বিতর্কিতা। পূর্বত্র গম্ভীরলক্ষণে তস্যান্তঃকরণে কন্দর্পভাবো জাতঃ, কিন্তু বলদেবেন জ্ঞাতুমশক্যঃ। অত্র তু ক্রোধহর্ষাদয় এব ন জাতা ইতি ভেদো বোধ্যঃ॥ ১১৯॥

প্রথমং স্তুবত্যো নাগপত্ন্যঃ কোপমুপশময়িতুং দণ্ডমনুমোদয়তি—ন্যায্য ইতি। অনেন সাধুদ্রোহ-লক্ষণস্য স্বখলত্বস্য ফলমবশ্যপ্রাপ্যং প্রাপ্তমিতি ভাবঃ। শিষ্টপালন-দুষ্টনিগ্রহকৃতস্তব তু কাপি বৈষম্যং নাস্তীত্যাহুঃ—রিপুসুতানাং রিপু-সুতেষু। অপিকারাৎ স্বসুতেষু চ তুল্যদৃষ্টিত্বং। রিপোরপি সুতস্য শিষ্টস্য প্রহ্লাদস্য পালনদর্শনাৎ, স্বস্যাপি সুতস্য নরকাসুরস্য বধদর্শনাচ্চেতি ভাবঃ। ন চ খল-নিগ্রহেঽপি নৈর্ঘৃণ্যমিত্যাহুঃ—ধৎসে ইতি। খলত্বহেতুক-নানানরক-দুঃখোপশমপূর্বক-নিত্যসুখময়মোক্ষলক্ষণং ফলমেব দীয়তে ময়েত্যনুশংসন্ কথয়ন্নেব দমং দণ্ডং ধৎসে॥ ১২১॥

১১৪-১৬। **গম্ভীর** (২৬)—যাঁহার মনোগত ভাব অতিদুর্বোধ্য, তাঁহাকে 'গম্ভীর' বলে। যথা—বৃন্দাবনে উত্তম উত্তম স্তুতিমালাদ্বারা নিত্য উপাসিত হইয়াও হরি তুষ্ট কি রুষ্ট হইলেন—ব্রহ্মা জানিতেই পারিলেন না। (১১৬) গিরিধারণ-লীলায় শ্রীরাধার নব্য প্রেমামৃতে শ্রীকৃষ্ণ উন্মত্ত হইলেও কিন্তু সর্বজ্ঞ বলদেবও তাঁহাকে অবিক্রিয় বলিয়াই মনে করিলেন।

২৫

যথা বা—৫৪। রিপুরপি যদি শুদ্ধো মণ্ডনীয়স্তবাসৌ, যদুবর ! যদি দুষ্টো দণ্ডনীয়ঃ সুতোঽপি।

ন পুনরখিলভর্ত্তুঃ পক্ষপাতোঽস্মিতস্ত, কচিদপি বিষমং তে চেষ্টিতং জাঘটীতি। (১২২)

বদান্যঃ (২৯)—৬৯। দানবীরো ভবেদ্‌যস্তু স বদান্যো নিগদ্যতে ; (১২৩)

যথা—৫৫। সর্ব্বার্থিনাং বাচ্‌মভীষ্টপূর্ত্ত্যা, ব্যর্থীকৃতাঃ কংসনিসূদনেন।

হ্রিয়েব চিন্তামণিকামধেনু,-কল্পদ্রুমা দ্বারবতীং ভজন্তি ॥ (১২৪)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

৩। উন্মজ্জন্তি নিমজ্জন্তি স্থায়িন্যমৃতবারিধৌ। ঊর্ম্মিবদ্বর্দ্ধয়ন্ত্যেনং যান্তি তদ্রূপতাঞ্চ তে॥ (৩)

৪। নির্ব্বেদোঽথ বিষাদো, দৈন্যং গ্লানিশ্রমৌ চ মদগর্ব্বৌ।
শঙ্কা-ত্রাসাবেগা, উন্মাদাপস্মৃতী তথা ব্যাধিঃ॥ (৪)

৫। মোহো মৃতিরালস্যং, জাড্যং ব্রীড়াবহিত্থা চ।
স্মৃতিরথ বিতর্কচিন্তা-মতিধৃতয়ো হর্ষ উৎসুকত্বঞ্চ॥ (৫)

৬। ঔগ্র্যামর্ষাসূয়া,-শ্চাপল্যঞ্চৈব নিদ্রা চ। সুপ্তির্বোধ ইতীমে, ভাবা ব্যভিচারিণঃ সমাখ্যাতাঃ॥ (৬)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

বাচা অঙ্গেন ভ্রূনেত্রাদিনা সত্ত্বেন চ সত্ত্বোৎপন্নেনানুভাবেন সূচ্যা জ্ঞাপ্যাঃ॥ ২॥

কুত্র কিং বৎ? অমৃতবারিধাবূর্ম্মিবদিতি পশ্চাদেব যোজনীয়ম্॥ ৩॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

বাগঙ্গসত্ত্বসূচ্যাঃ বাচা অঙ্গেন করভ্রূনেত্রাদিনা সত্ত্বেন **সত্ত্বোৎপন্নেনানুভাবেন** সূচ্যাঃ অববোধ্যাঃ॥২॥ **স্থায়িনি** অম্বুনিধাবিব স্থিতে ঊর্মিবৎ স্থিতা ভাবাঃ। উপমিতস্যাকর্ষণাৎ উন্মজ্জনাদ্ বর্দ্ধয়ন্তি, নিমজ্জনাত্তদ্রূপতাঞ্চ যান্তি। অনেকে

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

ব্যভিচারিপদস্যাবয়ব-ব্যুৎপত্ত্যা লক্ষণমাহ—বিশেষেণেতি। বিশেষেণাভিমুখ্যেন বিশেষসাহায্যেন যে ভাবাঃ **স্থায়িনং প্রতি চরন্তি** অথচ বচসা অঙ্গেন বা সত্ত্বেনান্তঃকরণধর্ম্মেণ বা সূচ্যাঃ সূচিতাস্তে ব্যভিচারিণো জ্ঞেয়াঃ। **এবং** তে ভাবাঃ সঞ্চারিপদেনাপ্যুচ্যন্তে। অতস্তৎপদস্যাপি **অবয়ব ব্যুৎপত্ত্যা লক্ষণমাহ— সঞ্চারয়ন্তীতি**॥ ২॥

উন্মজ্জন্তীতি—ঊর্মির্যথা সমুদ্রাদুৎপদ্য সমুদ্রমেব বর্দ্ধয়তি, পশ্চাত্তত্রৈব **লীনো** ভবতি, তদ্বদ্ ব্যভিচারিভাবা অপি **স্থায়িনঃ** সকাশাদুৎপদ্য এনং বর্দ্ধয়তি, পশ্চাৎ তত্রৈব লীনা ভবন্তীত্যর্থঃ॥ ৩॥

১-৩। **এক্ষণে** তেত্রিশটি ব্যভিচারি-ভাবের প্রসঙ্গই হইতেছে। **ব্যভিচারী—**বিশেষভাবে **আভিমুখ্যে** (বিশেষ সাহায্য করত) স্থায়িভাবের প্রতি চরণ-(গমন)-**শীল** অথচ বাক্য, অঙ্গ বা সত্ত্ব (অন্তঃকরণ-**ধর্মদ্বারা** সংসূচিত হয় যাহারা, তাহাদিগকে 'ব্যভিচারি'-ভাব বলে। **ইহারা** ভাবের গতি সঞ্চারণ করে বলিয়া ইহাদিগকে **'সঞ্চারী'** ও বলা হয়। (৩) ব্যভিচারি-ভাব সকল তরঙ্গের ন্যায় **স্থায়িভাবরূপ অমৃত-সমুদ্রে** উন্মজ্জন ও নিমজ্জন করিয়া স্থায়িসমুদ্রকে বৃদ্ধি করত তাহাতেই লীন হইয়া যায় অর্থাৎ **তরঙ্গ যেরূপ সমুদ্র** হইতে উৎপন্ন হইয়া সমুদ্রকেই **বর্দ্ধিত** করত তাহাতেই লীন হইয়া যায়, তদ্রূপ ব্যভিচারি-ভাবগুলিও **স্থায়িভাব হইতে** উৎপন্ন হইয়া স্থায়িভাবের বৃদ্ধি করত পরে তাহাতেই মিশিয়া যায়।

৪-৬। নির্বেদ, বিষাদ, দৈন্য, গ্লানি, শ্রম, মদ, গর্ব, শঙ্কা, ত্রাস, আবেগ, উন্মাদ, অপস্মৃতি, ব্যাধি, মোহ, মৃত্যু, আলস্য, জাড্য, ব্রীড়া, অবহিত্থা, স্মৃতি, বিতর্ক, চিন্তা, মতি, ধৃতি, হর্ষ, ঔৎসুক্য, ঔগ্র্য, অমর্ষ, অসূয়া, চাপল্য, নিদ্রা, সুপ্তি ও বোধ—এই তেত্রিশটি ব্যভিচারিভাব।

তত্র **নির্ব্বেদঃ**—

৭। **মহার্ত্তিবিপ্রয়োগের্ষ্যাসদ্বিবেকাদিকল্পিতম্। স্বাবমাননমেবাত্র নির্ব্বেদ ইতি কথ্যতে।**
অত্র চিন্তাশ্রুবৈবর্ণ্যদৈন্যনিঃশ্বসিতাদয়ঃ ॥ (৭)

তত্র **মহার্ত্ত্যা**,যথা—১। হন্ত দেহহতকৈঃ কিমমীভিঃ, পালিতৈর্বিফলপুণ্যফলৈর্নঃ।
এহি কালিয়হ্রদে বিষবহ্নৌ, স্বং কুটুম্বিনি! হঠাজ্জুহবাম ॥ (৮)

বিপ্রয়োগেণ, যথা—২। অসঙ্গমান্মাধবমাধুরীণা,-মপুষ্পিতে নীরসতাং প্রযাতে।
বৃন্দাবনে শীর্য্যতি হা কুতোঽসৌ, প্রাণিত্যপুণ্যঃ সুবলো দ্বিরেফঃ। (৯)

যথা বা দানকেলিকৌমুদ্যাম্ (২০)—৩। ভবতু মাধবজল্পমশৃণ্বতোঃ, শ্রবণয়োরলমশ্রবণির্মম।
তমবিলোকয়তোরবিলোচনিঃ, সখি! বিলোচনয়োশ্চ কিলানয়োঃ ॥ (১০)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

সদ্বিবেকোঽত্রাকর্ত্তব্যস্য কৃতত্বে কর্ত্তব্যস্য চাকৃতত্বে শোচনময়ো জ্ঞেয়ঃ ॥ ৭ ॥

ন ইতি দ্বিত্বেঽপি বহুবচনম্, "অস্মদোর্দ্বয়োশ্চে"তি পাণিনিস্মরণাদ্দেহহতকৈরিত্যত্র তু বহুবচনং বহুজন্মতাপেক্ষয়া ॥৮॥

অশ্রবণিরিত্যাদিরূপম্ "আক্রোশে নঞ্যনিঃ।" ॥১০॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

বেয়মুপমা? ॥ ৩ ॥ মহার্ত্তির্হ্যত্র শোকজা ॥ ৭ ॥

হন্তেতি ন ইতি দ্বিত্বেঽপি বহুবচনন্ 'অস্মদো দ্বয়োশ্চ' ইতি (পাণিনি ১।২।৫৯) সূত্রাৎ। হঠাদ্বারকান্ পরাভূয়েত্যর্থঃ ॥৮॥

বৃন্দাবনে মাধবস্য শ্রীকৃষ্ণস্য মাধুরীণামসঙ্গমাৎ শীর্য্যতি বিদীর্ণত্বং প্রাপ্নুবতি সতি অসৌ মল্লক্ষণঃ দ্বিরেফো মূর্খঃ। ভ্রমরপক্ষে মাধবো বসন্তঃ ॥৯॥ অশ্রবণিরিতি 'আক্রোশে নঞ্যনিঃ' (পাণিনি—৩।৩।১১২) ইত্যনি-প্রত্যয়াৎ বধিরত্বম্

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

মহার্ত্ত্যাদিভিঃ কল্পিতং স্বস্যাবমাননমেব নির্বেদঃ। অত্র চিন্তাদয়ো নির্বেদজন্যাঃ। সদ্বিবেকোঽত্রাকর্ত্তব্যস্য কৃতত্বে কর্ত্তব্যস্য চাকৃতত্বে শোচনময়ো জ্ঞেয়ঃ ॥ ৭ ॥

কুৎসিতো হতো হতক এবংভূতৈর্দেহৈঃ কিং প্রয়োজনম্? হে কুটুম্বিনি যশোদে! এহি স্বং দেহং বহ্নৌ জুহবাম। ন ইতি বহুবচনম্ অস্মদোর্দ্বয়োশ্চেতি পাণিনিস্মরণাৎ, দেহহতকৈরিত্যত্র বহুজনতাপেক্ষয়া ॥৮॥

সুবলরূপো দ্বিরেফো বর্বরঃ মাধবস্য শ্রীকৃষ্ণস্য মাধুরীণামসঙ্গমাৎ অপুষ্পিতে বৃন্দাবনে কথং প্রাণিতি জীবতি? পক্ষে দ্বিরেফো ভ্রমরঃ, মাধবো বসন্তঃ ॥৯॥

মাধবজল্পমশৃণ্বতোর্মম কর্ণয়োরশ্রবণির্বাধির্য্যং ভবতু। এবং লোচনয়োরবিলোকনিরান্ধ্যং ভবতু ॥ ১০ ॥

৭। **নির্বেদ**—মহা আর্ত্তি, বিয়োগ, ঈর্ষ্যা, সদ্বিবেক (অকর্ত্তব্যের করণে ও কর্ত্তব্যের অকরণে শোচনা) প্রভৃতি দ্বারা কল্পিত নিজের অবমাননাকেই 'নির্বেদ' বলে। ইহাতে চিন্তা, অশ্রু, বৈবর্ণ্য, দৈন্য ও নিঃশ্বাসাদি প্রকাশিত হয়।

৮-১০। **মহার্ত্তিজাত** নির্বেদ—হে কুটুম্বিনি যশোদে! আমাদের এই পুণ্যরহিত কুৎসিতদেহ পালন করিয়া আর কি লাভ? এস, আমরা কালিয়হ্রদে বিষানলে আত্মদেহ হঠাৎ আহুতি দান করিব। **(৯) বিচ্ছেদে—**

৩০

ঈর্ষ্যয়া, যথা হরিবংশে সত্যাদেবীবাক্যম্—

৪। স্তোতব্যা যদি তাবৎ সা নারদেন তবাগ্রতঃ। দুর্ভগোঽয়ং জনস্তত্র কিমর্থমনুশব্দিতঃ ? (১১)

সদ্বিবেকেন, যথা শ্রীদশমে (১৭।৫১।৪৭)—

৫। মমৈষ কালোঽজিত ! নিষ্ফলো গতো, রাজ্যশ্রিয়োন্নদ্ধমদস্য ভূপতেঃ।
মর্ত্ত্যাত্মবুদ্ধেঃ সুতদারকোষভূ,-ষ্বাসজ্জমানস্য দুরন্তচিন্তয়া॥ (১২)

৮। অমঙ্গলমপি প্রোচ্য নির্ব্বেদং প্রথমং মুনিঃ। মেনেঽমুং স্থায়িনং শান্ত ইতি জল্পন্তি কেচন॥ (১৩)

অথ বিষাদঃ—

৯। ইষ্টানবাপ্তিপ্রারব্ধকার্য্যাসিদ্ধিবিপত্তিতঃ। অপরাধাদিতোঽপি স্যাদনুতাপো বিষণ্ণতা॥ (১৪)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃত

সা রুক্মিণী। অয়ং মল্লক্ষণঃ॥১১॥ কেচনেতি। স্বমতে তু শান্তরসে শান্ত্যাখ্যায়া রতেরেব স্থায়িভাবত্বাৎ। অত্র তু নির্ব্বেদস্য প্রথমোক্তি-মুনিবচনানুবাদরূপত্বাদিতি ভাবঃ॥ ১৩॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

অবিলোকনিরাস্যম্॥ ১০॥ কেচনেতি—স্বমতে তু শান্তরসে শান্ত্যাখ্যায়া রতেরেব স্থায়িভাবত্বাৎ। অত্র তু নির্ব্বেদস্য প্রথমোক্তিঃ স্থায়িবৃদ্ধিকরেত্যমঙ্গলশঙ্কাপ্যহচিতেতি মুন্তভিপ্রায়বিধানার্থঃ॥১৩॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

হে কৃষ্ণ ! তবাগ্রতঃ সা রুক্মিণী কিমর্থং তেন মুনিনা শব্দিতঃ ? সত্যভামায়া এতাদৃশ-সৌভাগ্যং নাস্তীতি শব্দ-প্রয়োগঃ কথং কৃতঃ ? ॥১১॥ মমৈষ ইতি মুচুকুন্দ-বাক্যম্॥১২॥

নন্বু ব্যভিচারিগণনায়াং অমঙ্গলস্য নির্ব্বেদস্য প্রথমতঃ কথং গণনা কৃতা—তত্রাহ অমঙ্গলমিতি। মুনিস্তং প্রথমং প্রোচ্য শান্তরসে অমুং নির্ব্বেদং স্থায়িনং মেনে। তথাচ তস্যা অমঙ্গলত্বেঽপি স্থায়িভাবত্বেন প্রাধান্যাৎ প্রথমত উক্তিঃ সঙ্গতেতি ভাবঃ। অত্র তু নির্ব্বেদস্য প্রথমোক্তিস্তু মুনিবচনানুবাদরূপত্বাদিতি ভাবঃ॥১৩॥

হায়রে ! পুণ্যহীন সুবলরূপ এই বর্ব্বর, মাধবের (শ্রীকৃষ্ণের) মাধুর্য্যবিহীনতায় অপুষ্পিত, নীরস ও শীর্ণপ্রায় বৃন্দাবনে কিরূপে বাঁচিতে পারে ? পক্ষে—বসন্তের অনাগমে অপুষ্পিত, শ্রীহীন ও শুষ্কপ্রায় বৃন্দাবনে কি ভ্রমর জীবিত থাকিতে পারে ? (১৭) হে সখি ! মাধবের গুণানুবাদ শ্রবণ না করিতে পারিলে আমার কর্ণদ্বয় সুষ্ঠু বধির হউক, তাঁহার অদর্শনে এই নয়নদ্বয়ও অন্ধ হইয়া যাউক। (১১) **ঈর্ষ্যায়**—[সত্যভামা বলিলেন—] নারদ যদি তোমার অগ্রেও তাহার (রুক্মিণীই) প্রশংসাই করিল, তবে এই মাদৃশ দুর্ভগাজনকে এখানে ডাকিলে কেন ? [বি—হে কৃষ্ণ ! তোমার সম্মুখে রুক্মিণীই নারদের প্রশংসার্হা হইয়াছে, তবে আবার 'সত্যভামার এতাদৃশ ভাগ্য নাই'—এরূপ বাক্য কেন তিনি প্রয়োগ করিলেন ?] (১২) **সদ্বিবেকে**—[মুচুকুন্দ-বাক্য] হে অজিত ! আমিও দেহাত্মবুদ্ধিসম্পন্ন, পুত্র-স্ত্রী-কোশ-রাজত্বের প্রতি আসক্তচিত্ত এবং রাজ্যসম্পদে অতিমত্ত হইয়া এতাবৎকাল দুরন্ত চিন্তাতেই বিফলে কাটাইয়াছি। (১৩) [শ্রীগোস্বামিপাদের মতে শান্তরসে শান্তাখ্যা রতিরই স্থায়িভাবতা স্বীকৃত হইলেও এস্থলে নির্ব্বেদের প্রথমোক্তি শ্রীভরতমুনির বচনের অনুবাদরূপেই ধর্ত্তব্য।] কেহ কেহ বলেন যে ভরতমুনি অমঙ্গলরূপ হইলেও নির্ব্বেদকে প্রথমতঃ পাঠ করিয়া শান্তরসে নির্ব্বেদেরই স্থায়িত্ব স্বীকার করিয়াছেন।

১৪-২০। **বিষাদ**—ইষ্টবস্তুর অপ্রাপ্তি, প্রারব্ধ কার্য্যের অসিদ্ধি, বিপত্তি এবং অপরাধাদি হইতে যে অনুতাপ

১০। অত্রোপায়সহায়ানুসন্ধিশ্চিন্তা চ রোদনম্। বিলাপশ্বাসবৈবর্ণ্যমুখশোষাদয়োঽপি চ॥ (১৫)

তত্র **ইষ্টানবাপ্তিতো**, যথা—

৬। জরাং যাতা মূর্ত্তির্মম বিবশতাং বাগপি গতা, মনোবৃত্তিশ্চেয়ং স্মৃতিবিধুরতা-পদ্ধতিমগাৎ।
অঘধ্বংসিন্! দূরে বসতু ভবদালোকনশশী, ময়া হন্ত প্রাপ্তো ন ভজনরুচেরপ্যবসরঃ॥ (১৬)

প্রারব্ধকার্য্যাসিদ্ধেঃ, যথা—

৭। স্বপ্নে ময়াদ্য কুসুমানি কিলাহৃতানি, যত্নেন তৈর্বিরচিতা বনমালিকা চ।
যাবন্মুকুন্দ-হৃদি হন্ত নিধীয়তে সা, হা তাবদেব তরসা বিররাম নিদ্রা॥ (১৭)

বিপত্তেঃ, যথা—৮। কথমনায়ি পুরে ময়কা সুতঃ, কথমসৌ ন নিগৃহ্য গৃহে ধৃতঃ?
অমুমহো বত দন্তিবিধুন্তুদো, বিধুরিতং বিধুমত্র বিবিৎসতি॥* (১৮)

অপরাধাৎ, যথা শ্রীদশমে (১০।১৪।৯)—

৯। পশ্যেশ! মেঽনার্য্যমনন্ত আদ্যে, পরাত্মনি ত্বয্যপি মায়ি-মায়িনি।
মায়াং বিতত্যেক্ষিতুমাত্মবৈভবং, হ্যহং কিয়ানৈচ্ছমিবার্চিরগ্নৌ॥ (১৯)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

বিধুরতা রহিতত্বম্॥১৬॥ কথমনায়ীতি শ্রীব্রজেন্দ্রবচনং, তচ্চ মঞ্চানামত্যুচ্চত্বেন দূরেঽপি দর্শনসম্ভবাৎ। বিধুরিতং দুঃখিতং বিধিৎসতি কর্ত্তুমিচ্ছতি। হরিরিত্যাদি পাঠান্তরং ত্যক্তম্॥১৮॥

অর্থাঃ সুজনস্তস্য ভাব আর্য্যং, অতস্তদ্বিপরীতং দৌর্জন্যমনার্য্যং। কিন্তৎ? আত্মনস্তব বৈভবং মাহাত্ম্য-মীক্ষিতুমৈচ্ছং যৎ [ভা ১০।১৩।১৫] "দ্রষ্টুং মঞ্জু মহিত্বমি"ত্যুক্তেঃ। নন্বেবঞ্চেত্তর্হি কো দোষস্তত্রাহ—ত্বন্মাহাত্ম্যং দ্রষ্টুং তত্রাপি মায়াং বিতত্য দ্রষ্টুং কিয়ান্ কো বরাকোঽহমিত্যর্থঃ। কিয়ত্ত্বে দৃষ্টান্তঃ—অগ্নৌ অর্চ্চিরিবেতি॥১৯॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

বিধুরতা রহিতত্বম্, অঘধ্বংসিন্ দুঃখনাশক! 'অঘং দুরিতদুঃখয়ো'রিতি বিশ্বঃ।১৬॥ হন্ত হর্ষে হা বিষাদে॥১৭॥

হরিরনায়ীত্যুচ্চমঞ্চস্থস্য শ্রীনন্দস্য বচনম্। কিং জুগুপ্সায়াম্। অত্র নীতোঽয়ং যত্তন্নিন্দিতং কৃতমিত্যর্থঃ। কিং বিকল্পে। বিধুশব্দস্য চন্দ্রপরোঽর্থো বাচ্যসিদ্ধাঙ্গব্যঙ্গ্যঃ। মরণঞ্চ জলদ-ভুজগজং প্রসহ্য কুরুতে বিষং বিয়োগিনী-

---

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

মূর্ত্তির্জরাং প্রাপ্তা, তেন বৃন্দাবনাদৌ গমনসামর্থ্যং গতম্। মনোবৃত্তিশ্চ ভবৎস্মৃতের্বিধুরতা-পদবীমভাবগদবীমগাৎ; হে অঘধ্বংসিন্! ভবদালোকনরূপচন্দ্রো দূরে বসতু, কিন্তু ভজনেত্যাদি॥১৬॥

কথমনায়ীতি শ্রীব্রজেন্দ্রবচনম্। অমুং শ্রীকৃষ্ণরূপবিধুং তুদতি বিধুন্তুদঃ কুবলয়াপীড়হস্তিরূপরাহুঃ বিধুরিতং দুঃখিতং বিধিৎসতি কর্ত্তুমিচ্ছতি॥১৮॥ পশ্যেশেতি ব্রহ্মবাক্যম্॥১৯॥

জন্মে, তাঁহাকে 'বিষাদ' বলে। বিষাদে উপায় ও সহায়ের অনুসন্ধান, চিন্তা, রোদন, বিলাপ শ্বাস, বৈবর্ণ্য ও মুখশোষাদি প্রকাশ পায়। (১৬) **ইষ্টবস্তুর অপ্রাপ্তিতে**—হে অঘনাশন! আমার শরীর জরাজীর্ণ, বাক্য অবশ, মনোবৃত্তিও ভবদীয় স্মৃতিরহিত হইয়াছে; ভবদীয় দর্শনরূপ চন্দ্র ত দূরেই থাকুক্, হায়, এতাবৎকাল আমি ভজনরুচির অবসরও পাইলাম না। (১৮) **প্রারব্ধকার্য্যের অসিদ্ধিতে**—অদ্য স্বপ্নে আমি কুসুমচয়ন করিয়াছি,

---

* পাঠান্তরম্—হরিরনায়ি পুরে কিময়ং ময়া নিজগৃহে বিনিগৃহ্য ন কিং ধৃতঃ? অহহ পশ্যত দন্তিবিধুন্তুদো, বিধুরিতং বিধুমত্র বিবিৎসতি॥

যথা বা—১০। স্যমন্তকমহং হৃত্বা গতো ঘোরাস্যমন্তকম্। করবৈ তরণীং কাং বা ক্ষিপ্তো বৈতরণীষ্বহং ? (২০)

অথ দৈন্যম্—১১। দুঃখত্রাসাপরাধাদ্যৈরনৌর্জিত্যন্তু দীনতা।
চাটুকৃন্মান্দ্য-মালিন্য-চিন্তাঙ্গজড়িমাদিকৃৎ॥ (২১)

তত্র দুঃখেন, যথা শ্রীদশমে (১০।৫১।৫৭)—

১১। চিরমিহ বৃজিনার্ত্তস্তপ্যমানোঽনুতাপৈ,-রবিতৃষষড়মিত্রো লব্ধশান্তিঃ কথঞ্চিৎ।
শরণদ ! সমুপেতস্ত্বৎপদাব্জং পরাত্ম,-ন্নভয়মৃতমশোকং পাহি মাপন্নমীশ ! (২২)

ত্রাসেন, যথা প্রথমে (১।৮।১০)—

১২। অভিদ্রবতি মামীশ ! শরস্তপ্তায়সং প্রভো ! কামং দহতু মাং নাথ ! মা মে গর্ভো নিপাত্যতাম্॥ (২৩)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

স্যমন্তকহমিতি অক্রুরচিন্তা। কাং বেত্যত্র তু কিং বেতি পাঠঃ সভ্যঃ॥ ২০॥

অনৌর্জিত্যমাত্মন্যতিনিকৃষ্টতামননং। চাটুস্তন্ময়ী যাচ্ঞা। হৃদয়স্য মান্দ্যমপাটবং মালিন্যমস্বাচ্ছ্যং চিন্তা নানাভাবনা॥২১॥ শ্রীপরীক্ষিন্মাতা তং গর্ভস্থিতং শ্রীকৃষ্ণসেপায়ামর্হিষ্যন্তং মত্বা স্বস্ত তত্রাযোগ্যং মত্বা তদ্রক্ষার্থং নিবেদয়তি—অভিদ্রবতীতি। তপ্তমগ্নিমুদ্গিরৎ আয়সং লৌহশল্যং যস্য সঃ॥ ২৩॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

নামিতিবৎ। বিধুরিতং দুঃখিতং বিধিৎসতি কর্ত্তুমিচ্ছতি॥১৮॥ স্যমন্তকমিত্যক্রুরস্য বচনম্। তত্রার্দ্ধে বিবাদঃ, উত্তরার্দ্ধে সহর্ষাসূয়সন্ধিঃ। বৈতরণীং লক্ষ্যীকৃত্য কামিতি বিধেয়লিঙ্গগ্রহণাৎ স্ত্রীত্বম্॥ ২০॥ অনৌর্জিত্যমাত্মন্যতিনীচতা-মননম্। চাটু দৈন্যবোধকং বচনম্। হৃদো মান্দ্যমপাটবম্॥২১॥ অভীতি—তপ্তমগ্নিমুদ্গিরৎ আয়সং লোহশল্যং যত্র সঃ,

---

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

ঘোরমাস্যং মুখং যস্য তম্ অন্তকং গতঃ। অতএব বৈতরণ্যাং ক্ষিপ্তোঽহং কিংবা তরণীং করবৈ॥ ২০॥

অনৌর্জিত্যমাত্মন্যতিনিকৃষ্টতামননম্। চিরমিহেতি মুচুকুন্দ-বাক্যম্। অভিদ্রবতীত্যুত্তরাবাক্যম্। তপ্তমগ্নি-

---

যত্নসহকারে তদ্দ্বারা মাল্যও বিরচণ করিলাম। কিন্তু হায় ? যখনই তাহা শ্রীকৃষ্ণ-গলে সমর্পণ করিতেছি, অমনিই নিদ্রাভঙ্গ হইয়া গেল !! (২৮) বিপত্তিতে—[নন্দমহারাজের বাক্য—] হায়রে ! কেন আমি পুত্রকে মথুরায় আনিলাম ? কেনই বা উহাকে গৃহে শাসন করত অবরুদ্ধ করিলাম না ? অহো ! এক্ষণে এই কৃষ্ণচন্দ্রকে কুবলয়াপীড়হস্তিরূপ রাহু দুঃখ দিতে ইচ্ছা করিতেছে ! (১৯) অপরাধে—হে প্রভো ! আমার অন্যায় আচরণ দেখুন ! আমি মায়াবিগণেরও মোহ-জনক অনন্ত আদিপুরুষ পরমাত্মস্বরূপী আপনার প্রতি মায়া বিস্তার করত ভবদীয় ঐশ্বর্য্য-দর্শনে অভিলাষী হইয়াছিলাম ! অহো ! অগ্নি হইতে উদ্ভূত জ্বালা যেরূপ অগ্নির প্রতি স্বপ্রভাবপ্রচারে অক্ষম হয়, আমিও তদ্রূপ আপনা হইতে জাত হইয়াও আপনার প্রতি প্রভাব-বিস্তার করিতে বিন্দুমাত্রও সমর্থ নহি। (২০) অক্রুরের চিন্তা—স্যমন্তক মণিহরণ করিয়া ত আমি ভয়ানক-মুখ যমের গৃহেই গিয়াছি ! এক্ষণে বৈতরণীতে নিক্ষিপ্ত হইয়া কাহকেই বা তরণী করিব ?

২১-২৫। দৈন্য—দুঃখ, ত্রাস ও অপরাধাদি হইতে যে স্ববিষয়ে অতিনিকৃষ্টতা-বুদ্ধি হয়, তাহাকে 'দীনতা' বলে। ইহাতে চাটু, হৃদয়ের মান্দ্য (অপটুতা), মালিন্য, চিন্তা, ও জাড্যাদি প্রকাশ পায়। (২২) দুঃখে—[মুচুকুন্দ-বাক্য] হে শরণদ, পরমাত্মন্ ঈশ ! আমি ইহলোকে দীর্ঘকালযাবৎ কর্মফলভোগে

অপরাধেন, যথা শ্রীদশমে (১০।১৪।১০)—

১৩। অতঃ ক্ষমস্বাচ্যুত ! মে রজো-ভুবো, হ্যজানতস্ত্বৎপৃথগীশমানিনঃ ।
অজাবলেপান্ধতমোঽন্ধচক্ষুষ, এষোঽনুকম্প্যো ময়ি নাথবানিতি ॥ (২৪)

আদ্যশব্দেন **লজ্জয়াপি**, যথা তত্রৈব (ভা ১০।২২।১৪)—

১৪। মাঽনয়ং ভোঃ ! কৃথাস্ত্বাস্তু নন্দগোপসুতং প্রিয়ম্ । জানীমোঽ ব্রজশ্লাঘ্যং দেহি বাসাংসি বেপিতাঃ ॥ (২৫)

অথ গ্লানিঃ—

১২। ওজঃ সোমাত্মকং দেহে বলপুষ্টিকৃদস্য তু। ক্ষয়াচ্ছ মাধি-রত্যাদ্যৈগ্লানির্নিষ্প্রাণতা মতা।
কম্পাঙ্গজাড্য-বৈবর্ণ্য-কার্শ্য-দৃগ্ ভ্রমণাদিকৃৎ ॥ (২৬)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

অজো জগৎকর্ত্তাঽহমিতি মদেন গাঢ়তমোরূপেণ অন্ধীভূতনেত্রস্য অতস্ত্বৎ পৃথগীশমানিনঃ, অন্যত্র প্রভুম্মন্যত্বেন বর্ত্তমানোঽপি, এষোঽহমনুকম্প্যঃ কথং ? নাথবান্ দাস ইত্যেবং। ননু পরমেষ্ঠিনস্তব দাস্যং কিমর্থং ? তত্রাহ ময়ি ভগবতি নিমিত্তং মদেকপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ ॥২৪ ॥ ওজঃ শুক্রাদপ্যুৎকৃষ্টো ধাতুবিশেষঃ ॥ ২৬ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

বক্ষ্যমাণরত্যনুস্পর্শনমিদম্ দৈন্যম্ ॥ ২৩ ॥ এষোঽনুকম্প্যঃ কথং নাথবানিতি দাস ইত্যেব। তন্ন, তব দাস্যং কিমর্থং ? তত্রাহ—ময়ি ভগবতি নিমিত্তে মদেকপ্রাপ্ত্যর্থমিতি ॥২৪॥ ওজঃ শুক্রাদপ্যুৎকৃষ্টো ধাতুবিশেষঃ। নিষ্প্রাণতা নির্বলতা ॥২৬॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

মুদ্গিরৎ আয়সং লোহশল্যং যস্য স শরঃ। অতঃ ক্ষমস্বেতি ব্রহ্মবাক্যম্। রজোগুণেন ভুরুৎপত্তির্যস্য তথাভূতস্য মম অপরাধং ক্ষমস্ব। অহমেব সৃষ্টিকর্ত্তা ঈশ্বর ইতি ত্বত্তঃ সকাশাৎ পৃথগীশমানিনঃ। তত্র হেতুঃ ব্রহ্মাঽহম্ অজঃ অজন্মা স এবাবলেপঃ অহঙ্কারঃ তদ্রূপেণান্ধঃ তমসান্ধকারেণ অন্ধে চক্ষুষী যস্য তথাপ্যেষ মল্লক্ষণো জনোঽনুকম্প্যঃ। তত্র প্রকারং স্বয়মেবাহ—অন্যত্রেন্দ্রাদৌ প্রভুত্বাহঙ্কারবত্ত্বেঽপি ময়ি বিষয়ে তু নাথবান্ দাস ইতি ভাবনয়া অনুকম্পা কর্ত্তব্যা ॥ ২২-২৪ ॥ মাঽনয়মিতি চীরহরণপ্রসঙ্গে ব্রজসুন্দরীণাং বাক্যম্ ॥ ২৫ ॥

ওজঃ শুক্রাদপ্যুৎকৃষ্টো ধাতুবিশেষঃ। তচ্চ সোমাত্মকং চন্দ্রদেবতাকমিত্যর্থঃ। শ্রমমনঃপীড়ারমণাদ্যৈশ্চরমৌজসঃ

পীড়িত হইয়াছি, অনুতাপে সন্তাপিত, অবিতৃপ্ত ইন্দ্রিয়-শত্রুদের তাড়নায় শান্তিরহিত হইয়া দৈববশতঃ অভয়, অশোক ও অমৃতস্বরূপ ভবদীয় পাদপদ্ম প্রাপ্ত হইয়াছি। এক্ষণে প্রসন্ন আমাকে রক্ষা করুন। (২৩) **ত্রাসে**—[উত্তরার বাক্য] হে প্রভো ! জলন্ত লৌহশল্যযুক্ত এই শর আমার দিকে আসিতেছে ! হে নাথ ! উহা আমাকে যথেচ্ছ দগ্ধ করুক, কিন্তু আমার গর্ভপাত যেন না হয় ! (২৪) **অপরাধে**—[ব্রহ্মা বলিলেন—] হে অচ্যুত ! আমি রজোগুণজাত বলিয়া স্বভাবতঃই অজ্ঞান এবং স্বতন্ত্র ঈশ্বরাভিমানী, জগতের সৃষ্টিকর্ত্তা বলিয়া অহঙ্কারে আমি অন্ধ হইয়াছি। অতএব 'এ ব্রহ্মা আমার আজ্ঞাহীন ভৃত্য ও দয়ার পাত্র'—এরূপ বিবেচনা করত আমাকে ক্ষমা করুন। (২৫) **লজ্জায়**—[গোপীগণের বাক্য] হে কৃষ্ণ ! এরূপ অন্যায় আচরণ করিও না, আমরা নন্দনন্দন ও ব্রজমণ্ডলে প্রশংসনীয় তোমাকে আমাদের প্রিয় বলিয়াই ত জানি। অতএব বসন দাও, আমরা কাঁপিতেছি।

২৬-৩০। **গ্লানি**—দেহে বল ও পুষ্টিকারী সোমাত্মক (চন্দ্র দেবতাক), শুক্র হইতেও উৎকৃষ্ট ধাতু-

তত্র **শ্রমেণ**, যথা—১৫। আঘূর্ণন্মণিবলয়োজ্জ্বলপ্রকোষ্ঠা, গোষ্ঠান্তর্মধুরিপুকীর্ত্তি-নর্ত্তিতৌষ্ঠী।
লোলাক্ষী দধিকলসং বিলোড়য়ন্তী, শ্বশ্রূত্রাসক্রমভরনিঃসহা বভূব ॥ (২৭)

যথা বা—১৬। গুম্ফিতুং নিরুপমাং বনস্রজং, চারু পুষ্পপটলং বিচিন্বতী।
দুর্গমে ক্লমভরাতিদুর্ব্বলা, কাননে ক্ষণমভূন্মৃগেক্ষণা ॥ (২৮)

আধিনা, যথা—১৭। সা রসব্যতিকরেণ বিহীনা, ক্ষীণজীবনতয়োচ্চলহংসা।
মাধবাদ্য বিরহেণ তবাম্বা, শুষ্যতি স্ম সরসী শুচিনেব ॥ (২৯)

রত্যা, যথা রসসুধাকরে—২৩। অতিপ্রযত্নেন রতান্ততান্তা, কৃষ্ণেন তল্পাবরোপিতা সা।
আলম্ব্য তস্যৈব করং করেণ, জ্যোৎস্না-কৃতালিন্দমলিন্দমাপ ॥ (৩০)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

লোলাক্ষীতি মধুরিপুকীর্ত্তিগানে শ্বশ্রূপ্রভৃতিত আশঙ্কয়া নিঃসহা বিবশাঙ্গী ॥২৭॥ সা তবাম্বেত্যন্বয়ঃ। রসঃ সুখ-ব্যতিকরঃ সম্পর্ক আসঙ্গঃ। পক্ষে সারসানি পক্ষিবিশেষাঃ, পদ্মানি চেত্যেকশেষাৎ। শুচিশ্চাষাঢ় ইত্যমরঃ॥ ২৯ ॥ অলিন্দং গৃহাগ্রকুট্টিমম্ ॥৩০॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

আঘূর্ণন্মণীতি পদ্যে শ্রীনন্দগৃহাধ্যক্ষা ধনিষ্ঠা জ্ঞেয়া। নিঃসহা নির্বলা ॥ ২৭ ॥ সা তবাম্বেতি যোজনা, রসানাং ব্যতিকরঃ সম্পর্কস্তেন, জীবনং প্রাণঃ হংস আত্মা। পক্ষে—সারসানি পদ্মানি ॥ ২৯॥ অলিন্দং গৃহাগ্র কুট্টিমম্ ॥ ৩০ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

ক্ষয়াৎ জাতা যা নিষ্প্রাণতা সা গ্লানিরিত্যর্থঃ ॥ ২৬ ॥

আঘূর্ণতঃ 'তুরি' ইতি খ্যাতা মণিবলয়া যত্র তথাভূতং প্রকোষ্ঠং যস্যাঃ সা, শ্রীকৃষ্ণার্থং দধিকলসং বিলোড়য়ন্তী নিঃসহা বিবশাঙ্গী বভূব। মধুরিপু-কীর্ত্তিগানে শ্বশ্রূপ্রভৃতিতঃ আশঙ্কয়া লোলাক্ষী ॥ ২৭ ॥

হে মাধব! তব বিরহেণ সা যশোদা শুষ্যতি। শুচিনা গ্রীষ্মেণ সরসীব। রসব্যতিকরেণানন্দ-সমূহেন বিহীনা, সরোবর পক্ষে—সারসা জলচরপক্ষিবিশেষাস্তেষাং ব্যতিকরেণ সমূহেন বিহীনা, তত্র জলাভাবাৎ ক্ষীণজীবত্বেন উচ্চলন্ হংসাখ্যঃ জীবাত্মা যস্যাঃ পক্ষে ক্ষীণত্বেন উচ্চলন্ হংসঃ পক্ষী যতঃ ॥ ২৯ ॥

শ্রীকৃষ্ণেনাতিপ্রযত্নাৎ তল্পাদবরোপিতা সা কিল গৃহাগ্রকুট্টিমমাপ। কীদৃশী? রমণস্য অন্তে তান্তা গ্লানিযুক্তা ॥৩০॥

বিশেষকে 'ওজঃ' বলে। শ্রম, মনঃপীড়া ও রত্যাদি দ্বারা ক্ষয় হইলে যে দুর্বলতা জন্মে—তাহাকে 'গ্লানি' কহে। ইহাতে কম্প, অঙ্গজাড্য, বৈবর্ণ্য, কৃশতা ও চক্ষুর্ঘূর্ণাদি প্রকাশ পায়। (২৭) **শ্রমে—** শ্রীরাধা গোষ্ঠমধ্যে শ্রীকৃষ্ণ-নিমিত্ত দধিকলস মন্থন করিতে থাকিলে তাঁহার মণিময় বলয়গুলি ঈষৎ ঘূর্ণিত হওয়ায় প্রকোষ্ঠ (হস্ত) উজ্জ্বল হইয়াছিল, তৎকালে তাঁহার ওষ্ঠদেশ মধুরিপুর কীর্ত্তিগাথার নর্ত্তন করিতেছিল, শ্বশ্রূপ্রভৃতির আশঙ্কায় তাঁহার নয়ন চঞ্চলায়মান হইল এবং বিলোড়ন করিতে করিতে তিনি শ্রমাতিশয্যে বিবশাঙ্গী হইলেন। (২৮) মৃগ-নয়না রাধা অতুলনীয় বনমালা গুম্ফন করিতে প্রবৃত্তা হইয়া দুর্গম কাননে সুচারু পুষ্পরাশি চয়ন করিতে করিতে ক্লান্তিভরে কিছুক্ষণ অতি দুর্বলা হইলেন। (২৯) **মনঃপীড়ায়—**হে মাধব! তোমার বিরহে অদ্য তোমার মাতা গ্রীষ্মকালে জলাভাবে সারস ও হংসবিরহিত সরোবরের ন্যায় সুখসম্পর্কহীনা ও ক্ষীণপ্রাণতা-হেতু মৃতপ্রায়া হইয়াছেন। (৩০) **রতিহেতু—**রতিক্রীড়ার অবসানে শ্রীমতী এতই গ্লানি প্রাপ্তি করিয়াছিলেন

অথ **শ্রমঃ**—১৩। **অধ্ব-নৃত্য-রথাদ্যুত্থঃ খেদঃ শ্রম ইতীর্য্যতে।**
নিদ্রা-স্বেদাঙ্গসম্মর্দ্দ-জৃম্ভাশ্বাসাদিভাগসৌ ॥ (৩১)

তত্র **অধ্বজো**; যথা—১৯। কৃতাগসং পুত্রমনুব্রজন্তী, ব্রজাজিরান্তর্ব্রজরাজরাজ্ঞী।
পরিস্খলৎকুন্তলবন্ধনেয়ং,বভূব ঘর্ম্মাম্বুকরম্বিতাঙ্গী ॥ (৩২)

নৃত্যাদ্, যথা—২০। বিস্তীর্ণোত্তরলিতহারমঙ্গহারং, সঙ্গীতোন্মুখমুখরৈর্বৃতঃ সুহৃদ্ভিঃ।
অস্বিন্নস্বিরচিতনন্দসূনুপর্ব্বা, কুর্ব্বাণস্তটভুবি তাণ্ডবানি রামঃ ॥ (৩৩)

রতাদ্, যথা শ্রীদশমে (১০।৩৩।২০)—
২১। তাসাং রতিবিহারেণ শ্রান্তানাং বদনানি সঃ। প্রামৃজৎ করুণঃ প্রেম্ণা শন্তমেনাঙ্গ পাণিনা ॥ (৩৪)

অথ মদঃ—
১৪। **বিবেকহর উল্লাসো মদঃ স দ্বিবিধো মতঃ। মধুপানভবোঽনঙ্গবিক্রিয়াভরজোঽপি চ।**
গত্যঙ্গ-বাণীস্খলন-দৃগ্-ঘূর্ণা-রক্তিমাদিকৃৎ ॥ (৩৫)

তত্র **মধুপানভবো**, যথা ললিতমাধবে (৫।৪১)—
২২। বিলে কঙ্কু বিলিল্যিরে নৃপপিপীলিকাঃ পীড়িতাঃ, পিনষ্মি জগদণ্ডকং নহু হরিঃ ক্রুধং ধাস্যতি।
শচীগৃহকুরঙ্গ রে! হসসি কিং ত্বমিত্যুন্মদ,-ন্নুদেতি মদডম্বরস্খলিতচূড়মগ্রে হলী ॥ (৩৬)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

ব্রজরাজরাজ্ঞীতি—ব্রজে রাজতে যা রাজ্ঞী সেত্যর্থঃ; এবমন্যত্রাপি, ব্রজরাজপত্নীতি বা পাঠঃ ॥৩২॥

শ্রীল-মুকুন্দদাস-গোস্বামিপাদ-কৃতা

ব্রজরাজরাজ্ঞী শ্রীনন্দস্য স্ত্রী ॥ ৩২ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

বিরচিতং নন্দসূনোঃ শ্রীকৃষ্ণস্য পর্ব উৎসবো যেন তথভূতো রামঃ তাণ্ডবানি কুর্বন্ সন্ অস্বিন্নৎ। উত্তরলিতো হারো যত্র এবম্ভূতমঙ্গহারম্ অঙ্গবিক্ষেপং বিস্তীর্য্য। প্রামৃজৎ ইত্যুপলক্ষণম্। রমণসময়ে ব্যত্যস্তানাং কেশভূষাবস্ত্রাদী-নামপি সংস্কারঃ প্রেম্ণা কৃত ইতি জ্ঞেয়ম্ ॥৩৩-৩৪॥

বিলে ইতি রুক্মিণীহরণ-প্রসঙ্গে জরাসন্ধাদিভিঃ সহ যুদ্ধসময়ে মধুপানেন মত্তস্য বলদেবস্য বাক্যম্। হে নৃপ-

---

যে শ্রীকৃষ্ণ তাঁহাকে অতিপ্রযত্নে শয্যা হইতে অবতারিত করিয়া দিলেন, তাঁহারই হস্তাবলম্বনে রাধা জ্যোৎস্না-ধবলিত গৃহ-কুট্টিমে গমন করিলেন।

৩১-৩৪। **শ্রম**—পথ, নৃত্য ও রমণাদি জনিত খেদকে 'শ্রম' বলে। ইহাতে নিদ্রা, স্বেদ, অঙ্গসংমর্দ, জৃম্ভা ও দীর্ঘশ্বাসাদি প্রকাশ পায়। (৩২) **পথজ**—অপরাধী পুত্রের পশ্চাৎ পশ্চাৎ প্রাঙ্গণমধ্যে গমনকারিণী ব্রজেশ্বরীর কেশবন্ধন পরিস্খলিত এবং অঙ্গপ্রত্যঙ্গ ঘর্মজলব্যাপ্ত হইল। (৩৩) **নৃত্যজ**—শ্রীকৃষ্ণের উৎসবোপলক্ষে সঙ্গীতাদি-মুখর-সুহৃদ্গণে-পরিবৃত বলরাম যমুনাতটে অঙ্গভঙ্গিসহকৃত তাণ্ডবনৃত্য আরম্ভ করিলে তাঁহার হার-সমূহ আন্দোলিত এবং অঙ্গ হইতে ঘর্ম প্রসৃত হইতেছিল। (৩৪) **রতিজ**—গোপীগণ রতিবিহারে শ্রান্ত হইলে সেই করুণ কৃষ্ণ স্বীয় মঙ্গলময় হস্তে তাঁহাদের বদনমণ্ডল প্রেমভরে মার্জনা করিলেন।

৩৫-৪০। **মদ**—বিবেকহর উল্লাসকেই 'মদ' বলে। উহা **দ্বিবিধ**—মধুপানজনিত এবং কন্দর্পবিকার-

যথা বা প্রাচাম্—২৩। ভভভ্রমতি মেদিনী লললম্বতে চন্দ্রমাঃ, কৃকৃষ্ণ ! ববদ দ্রুতং হহহসন্তি কিং বৃষ্ণয়ঃ।
সিসীধু মুমুমুঞ্চ মে পপপপানপাত্রে স্থিতঃ, মদস্খলিতমালপন্ হলধরঃ শ্রিয়ং বঃ ক্রিয়াৎ ॥ (৩৭)

১৫। উত্তমস্ত্ত মদাচ্ছেতে মধ্যো হসতি গায়তি। কনিষ্ঠঃ ক্রোশতি স্বৈরং পরুষং বক্তি রোদিতি ॥ (৩৮)

১৫। মদোঽপি ত্রিবিধঃ প্রোক্তস্তরুণাদি-প্রভেদতঃ। অত্র নাত্যুপযোগিত্বাদ্বিস্তার্য্য ন হি বর্ণিতঃ ॥ (৩৯)

অনঙ্গবিক্রিয়া-ভরজো, যথা—২৪। ব্রজপতিসুতমগ্রে বীক্ষ্য ভূঘ্নীভবদ্ভ্রূ,-র্ভ্রমতি হসতি রোদিত্যাস্তমন্তর্দধাতি।
প্রলপতি মুহুরালীং বন্দতে পশ্য বৃন্দে। নবমদনমদান্ধা হন্ত গান্ধর্ব্বিকেয়ম্ ॥ (৪০)

অথ গৰ্ব্বঃ—

১৭। সৌভাগ্য-রূপতারুণ্য-গুণ-সর্ব্বোত্তমাশ্রয়ৈঃ। ইষ্টলাভাদিনা চান্যহেলনং গর্ব্ব ঈর্য্যতে ॥ (৪১)

১৮। তত্র সোল্লুণ্ঠবচনং লীলানুত্তরদায়িতা। স্বাঙ্গেক্ষা নিহ্নবোঽন্যস্য বচনাশ্রবণাদয়ঃ ॥ (৪২)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

ভভ-ভ্রমতীতি পদ্যং তস্য গৃহ এব স্থিতস্য তত্তৎকল্পনয়া বচনং জ্ঞেয়ম্। বাস্তবত্বে শ্রীকৃষ্ণাদীনাং সঙ্কোচাপত্তেঃ। মদস্খলিতমিত্যতঃ প্রাগিতীত্যধ্যাহার্য্যম্। প্রকরণঞ্চেদং নাত্যাদৃতং করিষ্যতে,"মদোঽপি ত্রিবিধ" ইত্যাদিনা ॥৩৭-৩৯॥
নিহ্নবঃ স্বাভিপ্রায়াদের্গোপনম্ ॥ ৪২ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

সোল্লুণ্ঠবচনং স্বাভিপ্রায়াদের্গোপনম্ ॥ ৪২ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

পিপীলিকাঃ পীড়িতাঃ সন্তঃ কুত্র বিলিলিয়িরে লীনা বভূবুঃ। ভবতু তথাপি যত্র কুত্রচিৎ পলায়নং কৃত্বা ব্রহ্মাণ্ডে এব স্থাস্যন্তি, তস্মাদহং ব্রহ্মাণ্ডমেব পিনষ্মি চূর্ণীকরোমি। স্বস্য মদবিহ্বলত্বং দৃষ্ট্বা ইন্দ্রাদয়ো হসন্তীতি মত্বা ইত্যাহ—ইতি উচ্চৈ র্নদন্ হলী বলদেবঃ মদস্য ডম্বরেণ ঔৎকট্যেন স্খলিতা চূড়া যস্য তদ্ যথা স্যাত্তথা উদেতি ॥ ৩৬ ॥
চন্দ্রমাঃ পৃথিব্যাং লম্বতে, হে কৃষ্ণ ! ইদং দ্রুতং বদ, মম পাণপাত্রস্থিতং সীধু মুঞ্চ ॥ ৩৭ ॥
কন্দর্পমদেন অন্ধা রাধা মুখমন্তর্দধাতি ॥ ৪০ ॥ লীলয়া অনুত্তরদায়িতা, নিহ্নবঃ স্বাভিপ্রায়াদের্গোপনম্ ॥৪২॥

ভরজনিত। ইহাতে গতি, অঙ্গ ও বাক্যের স্খলন ; নেত্রঘূর্ণা ও নেত্রলৌহিত্যাদি প্রকাশ পায়। (৩৬) **মধুপানজ**—[রুক্মিণী-হরণপ্রসঙ্গে জরাসন্ধাদির সহিত যুদ্ধকালে মধুপানমত্ত বলদেবের বাক্য]—"অরে ! নৃপপিপীলিকা সকল পীড়িত হইয়া কোন্ গর্ত্তে লুকাইল ? যদি উহারা ব্রহ্মাণ্ডমধ্যে কোথাও থাকে, তবে আমি ব্রহ্মাণ্ডকেই চূর্ণ করিব। ইহাতে হরি ক্রোধ করিবে কি ? অরে শচীগৃহকুরঙ্গ ইন্দ্র ! তুই কি আমাকে দেখিয়া হাসিতেছিস্ ?" এই ভাবে উচ্চ নিনাদ করিতে করিতে বলদেব মদৌৎকট্য বশতঃ মস্তকের চূড়াটিও স্খলিত করিয়া সম্মুখে উদিত হইতেছেন। (৩৭) "অরে কৃষ্ণ ! শীঘ্র ব-ব-বল্ দেখি—পৃথিবী কি ঘু-ঘু-ঘুরিতেছে ? চন্দ্র কি ল-ল-ম্বিত হইয়া পড়িয়াছে ? বৃষ্ণিবংশ্যগণ কি হ-হ-হাস্য করিতেছে ? আমার প-প-পানপাত্রস্থিত সি-সীধু ত্যাগ কর।"—এইভাবে মদস্খলিত আলাপকারী হলধর তোমাদের মঙ্গল করুন। (৩৮) উত্তমব্যক্তি মদভরে শয়ন করে ; মধ্যম হাসে, গান করে ; আর কনিষ্ঠ যথেচ্ছ চীৎকার, কঠোর বাক্য-বিন্যাস ও রোদন করে। (৩৯) তরুণাদিভেদে মদও ত্রিবিধ হয়, এস্থলে তত উপযোগিতা না থাকায় তাহাদের বিস্তৃত বর্ণনা দেওয়া হইল না। (৪০) **অনঙ্গবিকারজ**—হে বৃন্দে ! আশ্চর্য্য দেখ—নবীন-মদনমদে অন্ধীকৃতা এই

তত্র **সৌভাগ্যেন**, যথা শ্রীকৃষ্ণকর্ণামৃতে—

২৫। হস্তমুৎক্ষিপ্য যাতোঽসি বলাৎ কৃষ্ণ! কিমদ্ভুতম্। হৃদয়াদ্‌যদি নির্যাসি পৌরুষং গণয়ামি তে॥ (৪৩)

রূপতারুণ্যেন, যথা—২৬। যস্যাঃ স্বভাবমধুরাং পরিষেব্য মূর্ত্তিং, ধন্যা বভূব নিতরামপি যৌবনশ্রীঃ।

সেয়ং ত্বয়ি ব্রজবধূশতভুক্তমুক্তে, দৃক্‌পাতমাচরতু কৃষ্ণ! কথং সখী মে? (৪৪)

গুণেন, যথা—২৭। গুম্ফন্তু গোপাঃ কুসুমৈঃ সুগন্ধিভি;-র্দামানি কামং ধৃতরামণীয়কৈঃ।

নিধাস্যতে কিন্তু সতৃষ্ণমগ্রতঃ, কৃষ্ণো মদীয়াং হৃদি বিস্মিতঃ স্রজম্॥ (৪৫)

সর্ব্বোত্তমাশ্রয়েণ, যথা শ্রীদশমে (১০।২।৩৩)—

২৮। তথা ন তে মাধব! তাবকাঃ কচিদ্‌,- ভ্রশ্যন্তি মার্গাত্ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।

ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া, বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো! (৪৬)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

হস্তমুৎক্ষিপ্যেতি ন স্বার্থপ্রধানং, তাদৃক্ প্রেম্ণস্তস্যাত্র দুঃখস্যৈব যোগ্যত্বাৎ, গর্ব্বস্যানুপপত্তেঃ। সুতরাং তু তন্ময়েদৃশপরিহাসস্যেতি, কিন্তু ব্যঙ্গ্যপ্রধানমেব, অর্থান্তরসংক্রমিতত্বাৎ; তচ্চ ব্যঙ্গ্যং যদি ময্যুদাসীনতাং গতোঽসি, তথাপি ত্বাং ন ত্যজামীতি॥ ৪৩॥

তথেতি পূর্ব্বার্থবিরোধে যথা ত্বং মূর্খস্তথাহং নেতিবৎ—যত্না। কিন্ত্বেত্যর্থঃ মার্গাদপি; কিং পুনর্ম্ম্গ্যাৎ, ত্বদাশ্রয়েণ

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

যস্যা ইত্যত্র শ্রীরাধায়া গর্বঃ—দৃক্‌পাতং প্রার্থয়মানে কৃষ্ণে তদভাবাহুত্তরদয়িতাভ্যাম্॥ ৪৪॥ তথা ন ত

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

যস্যা রাধায়াঃ স্বভাব-মধুরাঃ মূর্ত্তিং পরিষেব্য যৌবনশ্রীঃ ধন্যা বভূব, সেয়ং মম সখী ব্রজবধূভিঃ ভুক্তঃ ভোগানন্তরং ত্যক্তস্ত্বম্। এবম্ভূতে ত্বয়ি কথং দৃক্‌পাতম্ আচরতু?॥ ৪৪॥

ধৃতং রামণীয়কং রমণীয়ত্বং যৈস্তৈঃ কুসুমৈঃ দামানি গোপাঃ গুম্ফন্তু, কিন্তু মদীয়ামেব স্রজং কৃষ্ণো হৃদি নিধাস্যতে॥ ৪৫॥ হে মাধব! যথা অভক্তা ভ্রশ্যন্তি তথা তাবকাস্ত্বদ্‌ভক্তা ভজনমার্গাৎ ন ভ্রশ্যন্তি। ত্বয়াভিগুপ্তাঃ সর্বতো রক্ষিতাঃ সন্তঃ বিনায়ানীকপস্য বিঘ্নরূপসেনাপালকস্য মূর্দ্ধসু বিচরন্তি ত্বদাশ্রয়ণেন বিঘ্নান্ ন গণয়ন্তীতি

রাধা সম্মুখে ব্রজেন্দ্রনন্দনকে দেখিয়া কখনও ভ্রূ কুটিল করিতেছেন, কখন ভ্রমণ, কখন হাস্য, কখন রোদন, কখন বা বদনাচ্ছাদন, কখন প্রলাপ আবার মুহুর্মুহু সখীকে বঞ্চনা করিতেছেন।

৪১-৪৭। **গর্ব**—সৌভাগ্য, রূপ, তারুণ্য, গুণ, সর্বোত্তমাশ্রয় এবং ইষ্টলাভাদি-হেতু অন্যের অবহেলাকে 'গর্ব' কহে। (৪২) ইহাতে সোপহাস বাক্য, লীলাবশতঃ উত্তর না দেওয়া, নিজাঙ্গ-দর্শন, স্বাভিপ্রায়াদির গোপন এবং অন্যের বাক্যে অশ্রবণাদি প্রকাশ পায়। (৪৩) **সৌভাগ্যে**—হে কৃষ্ণ! বলপূর্ব্বক হস্ত ছাড়াইয়া যে গমন করিয়াছ, ইহাতে আর অদ্ভুত (চমৎকারিতা) কি আছে? যদি তুমি আমার হৃদয় হইতে নির্গত হইতে পার, তবে তোমার পৌরুষ গণনা করিব। (৪৪) **রূপ-তারুণ্যে**—হে কৃষ্ণ! যাহার স্বভাব-মধুরা মূর্ত্তির সেবা করিয়া যৌবনশ্রীও নিতান্তই ধন্য হইয়াছে, আমার সেই সখী কিরূপে শত শত গোপী-কর্ত্তৃক পূর্বে উপভুক্ত পশ্চাৎ পরিত্যক্ত তোমার প্রতি দৃষ্টিপাত করিবেন হে? (৪৫) **গুণে**—গোপগণ রমণীয় সুগন্ধি পুষ্প দ্বারা যথেচ্ছ মাল্য গ্রন্থন করুক না কেন, কিন্তু শ্রীকৃষ্ণ তৃষ্ণা ও বিস্ময়-সহকারে মদীয় মালাই সর্বাগ্রে বুকে

৩৮

ইষ্টলাভেন, যথা—২৯ বৃন্দাবনেন্দ্র ! ভবতঃ পরমং প্রসাদ,-মাসাদ্য নন্দিতমতির্মুহুরুদ্ধতোঽস্মি।
আশংসতে মুনিমনোরথবৃত্তিমৃগ্যাং বৈকুণ্ঠনাথকরুণামপি নাদ্য চেতঃ॥ (৪৭)

অথ শঙ্কা—

১৯। স্বীয়চৌর্য্যাপরাধাদেঃ পরক্রৌর্য্যাদিতস্তথা। স্বানিষ্টোৎপ্রেক্ষণং যত্তু সা শঙ্কেত্যভিধীয়তে।
অত্রাস্যশোষ-বৈবর্ণ্য-দিক্‌প্রেক্ষা-লীনতাদয়ঃ॥ (৪৮)

তত্র **চৌর্য্যাদ্,** যথা—৩০। সতর্ণকং ডিম্ভকদম্বকং হরন্, সদম্ভমম্ভোরুহসম্ভবস্তদা।
তিরোভবিষ্যন্ হরিতশ্চলেক্ষণৈ,-রষ্টাভিরষ্টৌ হরিতঃ সমীক্ষতে॥ (৪৯)

যথা বা—৩১। **স্যমন্তকং হস্ত বমন্তমর্থং,** নিহ্নুত্য দূরে যদহং প্রযাতঃ।
অবদ্যমদ্যাপি তদেব কর্ম্ম, শর্ম্মাণি চিত্তে মম নির্ভিনত্তি॥ (৫০)

অপরাধাৎ, যথা— ৩২। তদবধি মলিনোঽসি নন্দগোষ্ঠে, যদবধি বৃষ্টিমচীকরঃ শচীশ !
শৃণু হিতমভিতঃ প্রপদ্য কৃষ্ণং, শ্রিয়মবিশঙ্কমলংকুরু ত্বমৈন্দ্রীম্॥ (৫১)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

বিঘ্নান্ **পণয়ন্তীতি** তাৎপর্য্যার্থঃ॥ ৪৬॥ বৃন্দাবনেন্দ্রেতি মথুরাবায়কস্যোক্তিঃ॥ ৪৭॥ হরিতঃ হরেঃ সকাশাৎ,

---

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

ইতি—**ত্বদাশ্রয়েণ বিঘ্নান্ গণয়ন্তীত্যর্থঃ॥ ৪৬॥ বৃন্দাবনেন্দ্রেতি—মাথুরমালাকারস্য** সুদাম্ন উক্তিঃ। ভবতঃ পরমং প্রসাদং **সসখস্য** মদ্‌গৃহমাগতস্য দর্শনদান-মালাঙ্গীকারাদি-লক্ষণম্। বৈকুণ্ঠনাথকরুণামপি নেচ্ছে "সোঽপি বব্রেঽচলাং ভক্তিং তস্মিন্নেবাখিলাত্মনীতি" (১০।৪১।৫১) তদ্বাক্যে এবকারার্থঃ॥ ৪৭॥ উৎপ্রেক্ষণং বিতর্কণম্॥ ৪৮॥ হরিতো হরেঃ

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

তাৎপর্য্যার্থঃ॥ ৪৬॥ **বৃন্দাবনেন্দ্রেতি মথুরা-বায়কস্যোক্তিঃ।** মুনীনাং মনোরথৈরপি মৃগ্যাং নারায়ণস্য **করুণাং** মম চেতঃ নাশংসতে নাকাঙ্ক্ষতীত্যর্থঃ॥ ৪৭॥

অম্ভোরুহ-সম্ভবঃ ব্রহ্মা তর্ণকেন বৎসেন সহিতং ডিম্ভকদম্বকং বালকসমূহং সদম্ভং যথা স্যাত্তথা হরন্ সন্ হরিতঃ **হরেঃ** সকাশাৎ তিরোভবিতুং **অষ্টাভিশ্চলেক্ষণৈঃ** অষ্টৌ হরিতঃ দিশঃ সমীক্ষতে॥ ৪৯॥

ধারণ করিবেন। (৪৬) **সর্ব্বোত্তমাশ্রয়ে—**হে নাথ ! মাধব ! তোমাতে প্রীতি-**সম্বন্ধযুক্ত** ভাগবৎগণ কখনও **সুপথ হইতে ভ্রষ্ট হয়েন না,** বরং তাঁহারা তোমাদ্বারা সুরক্ষিত হইয়া নির্ভয়ে বিঘ্নকরগণের অধিপতিদিগের মস্তকে পদপ্রসারণ করত বিচরণ করেন ; (৪৭) **ইষ্টলাভে—**[মথুরার তন্তুবায় বলিলেন] হে বৃন্দাবনেন্দ্র ! আপনার **পরম প্রসাদ লাভ করত আনন্দিতমতি আমি মুহুর্মুহু** উদ্ধতই হইয়া পড়িতেছি। **অদ্য** আমার চিত্ত মুনিগণের **মনোবৃত্তি দ্বারা অন্বেষণীয়** বৈকুণ্ঠনাথের **করুণাকেও** প্রার্থনা করিতেছে না !!

৪৮-৫৩। শঙ্কা—স্বীয় চৌর্য্যাপবাদে, অপরাধে এবং পরের **ক্রূরতাদিবশতঃ** যে **নিজের অনিষ্টানুমান জন্মে,** তাহাকে 'শঙ্কা' বলে। ইহাতে মুখশোষ, বৈবর্ণ্য, দিক্‌নিরীক্ষণ ও পলায়নাদি প্রকাশিত হয়। **(৪৯) চৌর্য্যজ—ব্রহ্মা দম্ভপ্রকাশে** বৎস-বালকাদির হরণপূর্ব্বক শ্রীকৃষ্ণ-নিকট হইতে তিরোধান **করিতে করিতে আটটি চঞ্চল চক্ষুতেই আটদিক** দেখিতে লাগিলেন। (৫০) **স্বর্ণপ্রসবকারী স্যমন্তকমণি** গোপন **করিয়া আমি দূরে গিয়াছিলাম বলিয়া অদ্যাপি** সেই **নিন্দনীয় কর্ম্ম আমার** চিত্তে **সুস্থতা আনয়ন করিতেছে না। (৫১)**

পরক্রৌর্য্যেণ, যথা পদ্যাবল্যাম্ (৩৩১)—৩৩। প্রথয়তি ন তথা মমার্ত্তিমুচ্চৈঃ, সহচরি ! বল্লবচন্দ্রবিপ্রয়োগঃ।
কটুভিরসুরমণ্ডলৈঃ পরীতে, দনুজপতের্নগরে যথাস্য বাসঃ ॥ (৫২)

২০। **শঙ্কা তু প্রবরস্ত্রীণাং ভীরুত্বাদ্ভয়কৃদ্ভবেৎ** ॥ (৫৩)

ত্রাসঃ—২১। **ত্রাসঃ ক্ষোভো হৃদি তড়িদ্‌ঘোরসত্ত্বোগ্রনিস্বনৈঃ।**
পার্শ্বস্থালম্ব-রোমাঞ্চ-কম্প-স্তম্ভ-ভ্রমাদিকৃৎ ॥ (৫৪)

তত্র **তড়িতা**, যথা—

৩৪। বাঢ়ং নিবিড়য়া সদ্যস্তড়িতা তাড়িতেক্ষণঃ। রক্ষ কৃষ্ণেতি চুক্রোশ কোঽপি গোপীস্তনন্ধয়ঃ ॥ (৫৫)

ঘোরসত্ত্বেন, যথা— ৩৫। অদূরমাসেদুষি বল্লবাঙ্গনা, স্বং পুঙ্গবীকৃত্য সুরারিপুঙ্গবে।
কৃষ্ণভ্রমেণাশু তরঙ্গদঙ্গিকা, তমালমালিঙ্গ্য বভূব নিশ্চলা ॥ (৫৬)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

পুনর্হরিতো দিশঃ ॥৪৯॥ কটুভিরিতি তদানীমসম্ভবমপি স্নেহমাত্রেণাশঙ্কতে। অনিষ্টা-শঙ্কীনি বন্ধুহৃদয়ানীতি ন্যায়েন ॥৫২॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

সকাশাৎ পুনর্হরিতো দিশঃ ॥ ৪৯ ॥ জরাসন্ধাদীনামাগমননিশ্চয়েন পরীত ইত্যুক্তম। আর্ত্তিম্ আগতৈস্তৈঃ শ্রীকৃষ্ণনিষ্ঠ-বিতর্কজাঃ মনঃক্ষোভলক্ষণাং ব্যর্থা শঙ্কা তু স্বানিষ্টবিতর্কমাত্রম্ ॥ ৫২ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

স্যমন্তকমিত্যক্রূর-বাক্যম্। তদেব অবন্ধ্যং নিন্দ্যং কর্ম কর্ত্তৃ মম চিত্তে শর্ম্মাণি সুখানি ভিনত্তি ॥ ৫০ ॥

শ্রীকৃষ্ণং প্রপদ্য অবিশঙ্কং যথা স্যাত্তথা ঐন্দ্রীমিন্দ্রসম্বন্ধিনীং শ্রিয়ং ত্বমলঙ্কুরু স্বীকুরু ॥৫১॥

মাথুর-বিরহে ব্যাকুলা শ্রীরাধা আহ—দনুজপতেঃ কংসস্য নগরে মথুরায়াং শ্রীকৃষ্ণস্য অসুরৈঃ সহ বাসো যথা আর্ত্তিং প্রথয়তি, ন তথেত্যাদি। তদানীং মথুরাস্থানাং সর্ব্বেষামসুরাণাং নাশেঽপি স্নেহমাত্রেণাশঙ্কতে, অনিষ্টাশঙ্কীনি বন্ধুহৃদয়ানীতি ন্যায়েন ॥ ৫২ ॥ তড়িদাদিভিঃ হৃদি ক্ষোভ এব ত্রাসঃ, তস্য কার্য্যমাহ—পার্শ্বস্থেত্যাদি। গোপীস্তনন্ধয়ঃ শ্রীকৃষ্ণস্য সখা গোপাল-বালকঃ ॥ ৫৪-৫৫ ॥

সুরারি-পুঙ্গবে অরিষ্টাসুরে স্বং পুঙ্গবীকৃত্য আত্মানং বৃষরূপীকৃত্য অদূরম্ আসেদুষি নিকটং প্রাপ্তবতি সতি গোপাঙ্গনা ভয়েন কম্পায়মানাঙ্গিকা সতী কৃষ্ণভ্রমেণেত্যাদি ॥ ৫৬ ॥

অপরাধে—অহে ইন্দ্র ! যেদিন তুমি নন্দগোষ্ঠে বৃষ্টিপাত করিয়াছ, সেইদিন হইতেই তুমি মলিন হইয়াছ ; অতএব হিতোপদেশ শ্রবণ কর—সর্বতোভাবে শ্রীকৃষ্ণের শরণ লইয়া তুমি নির্বিঘ্নে ঐন্দ্রী সম্পত্তি ভোগ কর (৫২) **পর-নিষ্ঠুরতায়**—হে সখি ! তীব্র অসুর-সমূহে পরিবৃত অসুরপতি-কংসের মথুরানগরে শ্রীকৃষ্ণের বাস যেমন আমার সাতিশয় কষ্টদায়ক হইয়াছে, তাঁহার বিরহজনিত পীড়াতেও আমি তত কাতর হই নাই। (৫৩) উত্তমা স্ত্রীগণ ভীরুস্বভাব বলিয়া তাঁহাদের শঙ্কাও ভয়করী হইয়া থাকে।

৫৪-৫৮। **ত্রাস**—বিদ্যুৎ, ভয়ানক প্রাণী এবং প্রচণ্ড শব্দাদি হইতে হৃদয়ে যে ক্ষোভ হয়, তাহাকে 'ত্রাস' বলে। ইহাতে পার্শ্বস্থ ব্যক্তির অবলম্বন, রোমাঞ্চ,কম্প, স্তম্ভ ও ভ্রমাদি প্রকাশিত হয়। **(৫৫) তড়িতে**—শ্রীকৃষ্ণের সখা গোপাল-বালক অতিনিবিড় তড়িৎদ্বারা তাড়িতনেত্র হইয়া তৎক্ষণাৎ 'হে কৃষ্ণ ! রক্ষা কর'—বলিয়া চীৎকার করিলেন। (৫৬) **ঘোর প্রাণিতে**—দৈত্যবর্য্য অরিষ্ট বৃষমূর্ত্তি ধরিয়া নিকটবর্ত্তী হইলে ব্রজাঙ্গনা

উগ্রনিস্বনেন, যথা—৩৭। আকর্ণ্য কর্ণপদবীবিপদং যশোদা, বিস্ফূর্জ্জিতং দিশি দিশি প্রকটং বৃকাণাম্॥
যামান্ত্রিকাম-চতুরা চতুরঃ স্বপুত্রং, সা নেত্রচত্বরচরং চিরমাচচার ॥ (৫৭)

২২। গাত্রোৎকম্পী মনঃকম্পঃ সহসা ত্রাস উচ্যতে।
পূর্ব্বাপরবিচারোত্থং ভয়ং ত্রাসাৎ পৃথগ্ ভবেৎ ॥ (৫৮)

অথ **আবেগঃ**— **২৩। চিত্তস্য সম্ভ্রমো যঃ স্যাদাবেগোঽয়ং স চাষ্টধা।**
প্রিয়াপ্রিয়ানল-মরুদ্বর্ষোৎপাত-গজারিতঃ ॥ (৫৯)

২৪। প্রিয়োত্থে পুলকঃ সান্ত্বং চাপল্যাভ্যুদ্গমাদয়ঃ। অপ্রিয়োত্থে তু ভূপাত-বিক্রোশ-ভ্রমণাদয়ঃ ॥(৬০)

২৫। ব্যত্যস্তগতিকম্পাঽক্ষিমীলনাস্রাদয়োঽগ্নিজে। বাতজেঽঙ্গাবৃতি-ক্ষিপ্রগতি-দৃঙ্মার্জ্জনাদয়ঃ ॥ (৬১)

২৬। বৃষ্টিজো ধাবন-চ্ছত্র-গাত্রসঙ্কোচনাদিকৃৎ। ঔৎপাতে মুখবৈবর্ণ্য-বিস্ময়োঽকম্পিতাদয়ঃ ॥ (৬২)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

আকর্ণ্যেতি শ্রীহরিবংশানুসারি বচনম্ ॥৫৭॥ পূর্ব্বোক্তং ত্রাসং ভয়াৎ পৃথক্ কর্ত্তুমাহ—গাত্রেতি। মনঃকম্পোঽত্র পূর্ব্বোক্তো হৃৎক্ষোভ এবোচ্যতে। সহসেতি চ পূর্ব্বাপরবিচারবিনাভূতমুচ্যতে, 'অতর্কিতে তু সহসে'ত্যমরঃ। ততশ্চ স খলু মনঃকম্পঃ সহসা গাত্রোৎকম্পী চেৎ ত্রাস উচ্যতে, ভয়স্তু পূর্ব্বাপরবিচারোত্থং ভবতি। বিচারোত্থ ইতি বা পাঠঃ। মনঃকম্প এব বিচারোত্থশ্চেত্তয়মুচ্যতে, অতএব ত্রাসাৎ পৃথগ্ ভবেদিত্যর্থঃ ॥ ৫৮ ॥ সান্ত্বং প্রিয়ভাষণম্, অভ্যুদ্গমোঽভ্যুত্থানম্ ॥ ৬০ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

আকর্ণ্যেতি শ্রীহরি-বংশানুসারি বচনম্ ॥৫৭॥ সম্ভ্রমঃ সংবেগঃ ॥৫৯॥ সান্ত্বং প্রিয়োক্তিঃ ॥ ৬০॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

মহাবনে বিহৃত্য শ্রীকৃষ্ণস্য বৃন্দাবনে বিজিহীর্ষা জাতা, তদা ভগবদিচ্ছয়ৈব বালকানাং ভয়ানকা অনন্তা বৃকাস্তত্রোৎপন্না ইতি কথা হরিবংশে বর্ত্ততে। তদা তদনুসারেণাহ—আকর্ণ্যেতি। বৃকাণাং ক্ষুদ্রব্যাঘ্রাণাং প্রকটং বিস্ফূর্জিতং ঘোরশব্দং কর্ণপদব্যা বিপত্তিরূপম্ আকর্ণ্য যশোদা অতিশয়চতুরা স্বপুত্রং নেত্রচত্বরচরং নেত্রাগ্রবর্ত্তিনম্ আচচার চকারেত্যর্থঃ ॥ ৫৭ ॥

পূর্বোক্তং ত্রাসং ভয়াৎ পৃথক্ কর্ত্তুমাহ গাত্রেতি। সহসেতি—পূর্বাপরবিচারং বিনৈব ভবতি মনঃকম্পঃ বিচারোত্থশ্চেৎ ভয়ং ত্রাসাৎ পৃথগ্ ভবেৎ ॥ ৫৮ ॥ সান্ত্বং প্রিয়ভাষণম্। অভ্যুদ্গমোঽভ্যুত্থনম্ ॥ ৬০ ॥

কাঁপিতে কাঁপিতে কৃষ্ণভ্রমে শীঘ্রই তমালতরু আলিঙ্গন করত নিশ্চলা হইলেন। (৫৭) **উগ্র শব্দে**—সকল দিকে বৃকগণের কর্ণশূল ভীষণ গর্জন শুনিয়া মহচতুরা যশোদা অষ্টযাম (দিবারাত্র) শ্রীকৃষ্ণকে নয়নপথেই রাখিতেন। (৫৮) পূর্বাপর ব্যতিরেকে যে মনঃকম্প (হৃদয়ক্ষোভ) সহসা গাত্রোৎকম্প ঘটায়, তাহাকে 'ত্রাস' এবং পূর্বাপর বিচারজনিত হইলে তাহাকে 'ভয়' কহে, সুতরাং ত্রাস ও ভয়ে পার্থক্য আছে।

৫৯-৬৩। **আবেগ**—চিত্তের সম্ভ্রমকে 'আবেগ' কহে। ইহা প্রিয়, অপ্রিয়, অগ্নি, বায়ু, বর্ষা, উৎপাত, হস্তী ও শত্রু হইতে উৎপন্ন হইয়া আট প্রকার হয়। (৬০) প্রিয়োত্থ আবেগ হইতে পুলক, প্রিয়ভাষণ, চাপল্য ও অভ্যুত্থানাদি প্রকাশ পায়। অপ্রিয়োত্থ হইলে ভূমি-পতন, চীৎকার ও ভ্রমণাদি; (৬১) অগ্নিজ আবেগে বিপর্য্যস্ত গতি, কম্প, নয়নমুদ্রণ এবং অশ্রু প্রভৃতি; বায়ুজ হইলে অঙ্গাবরণ, দ্রুত গমন এবং চক্ষু-মার্জনাদি (৬২)

২৭। গাজে পলায়নোৎকম্প-ত্রাস-পৃষ্ঠেক্ষণাদয়ঃ। অরিজো বর্ম্মশস্ত্রাদি-গ্রহাপসরণাদিকৃৎ॥ (৬৩)

তত্র **প্রিয়দর্শনজো,** যথা—

৩৭। প্রেক্ষ্য বৃন্দাবনাৎ পুত্রমায়ান্তং প্রস্নুতস্তনী। সঙ্কুলা পুলকৈরাসীদাকুলা গোকুলেশ্বরী॥ (৬৪)

প্রিয়শ্রবণজো, যথা শ্রীদশমে (১০।২৩।১৮)—

৩৮। শ্রুত্বাচ্যুতমুপায়ান্তং নিত্যং তদ্দর্শনোৎসুকাঃ। তৎকথাক্ষিপ্তমনসো বভূবুর্জাতসম্ভ্রমাঃ॥ (৬৫)

অপ্রিয়দর্শনজো, যথা—৩৯। কিমিদং কিমিদং কিমেতদুচ্চৈ,-রিতি ঘোরধ্বনিঘূর্ণিতা লপন্তী।
নিশি বক্ষসি বীক্ষ্য পূতনায়া,-স্তনয়ং ভ্রাম্যতি সম্ভ্রমাদ্‌যশোদা॥ (৬৬)

অপ্রিয়শ্রবণজো, যথা—৪০। নিশম্য পুত্রং ক্রুটতোস্তটান্তে, মহীজয়োর্মধ্যগমূর্দ্ধ্বনেত্রা।
আভীর-রাজ্ঞী হৃদি সম্ভ্রমেণ, বিদ্ধা বিধেয়ং ন বিদাঞ্চকার॥ (৬৭)

অগ্নিজো, যথা—

৪১। ধীর্ব্যগ্রাজনি নঃ সমস্ত-সুহৃদাং তাং প্রাণরক্ষামণিং, গব্যা গৌরবতঃ সমীক্ষ্য নিবিড়ে তিষ্ঠন্তমন্তর্বণে।
বর্হিঃ পশ্য শিখণ্ডশেখর! খরং মুঞ্চন্নখণ্ডধ্বনিং, দীর্ঘাভিঃ স্ফুরদীর্ঘিকাস্থূলহরীমর্চ্চিভিরাচামতি॥ (৬৮)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

শ্রুত্বেতি যজ্ঞপত্নীনাং বর্ণনম্, জাতসম্ভ্রমা ইতি যজ্ঞপত্ন্যঃ॥ ৬৫॥ কিমিদমিত্যাদাবিতি লপন্তীত্যন্বয়ঃ॥৬৬॥
নিশম্য ইত্যস্য ঘটনা রৌদ্ররসে (৪।৫।১০) 'উত্তিষ্ঠ মূঢ়' ইত্যত্র কার্য্যা॥ ৬৭॥ গব্যা গোসমূহঃ॥ ৬৮॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

কিমিদমিতি ঘোরধ্বনিঘূর্ণিতা উচ্চৈর্যথা স্যাত্তথেতি লপন্তী। ইতীতি কিমিদমিত্যাদি॥৬৬॥ গব্যা গোসমূহঃ॥৬৮॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

অগ্নিজন্তে আবেগে অক্ষিমীলন-রোদনাদয়ো জ্ঞেয়াঃ। বর্ম কবচং শস্ত্রাদিগ্রহণম্। অপসরণং পলায়নম্। পুলকৈঃ সঙ্কুলা ব্যাপ্তা আসীৎ॥৬৪॥ শ্রীকৃষ্ণঃ ক্ষুধার্ত্ত ইতি তস্য কৃষ্ণস্য কথয়া আক্ষিপ্তমনসো যজ্ঞপত্ন্যঃ জাতসম্ভ্রমা বভূবুঃ॥৬৫॥

নিশি স্বপ্নে পূতনায়া বক্ষসি স্বতনয়ং বীক্ষ্য যশোদা কিমিদং কিমিদং কিমেতদিতি উচ্চৈঃ ঘোরধ্বনির্যথা স্যাত্তথা লপন্তী সতী সম্ভ্রমাৎ ভ্রাম্যতি॥৬৬॥ যমুনায়াস্তটান্তে ক্রুটতোর্ভগ্নয়োর্মহীজয়োর্যমলার্জুনবৃক্ষয়োর্মধ্যে গতং পুত্রং নিশম্য সম্ভ্রমেণ হৃদি বিদ্ধা যশোদা বিধেয়ং ন বিদাঞ্চকার ন জ্ঞাতবতী॥ ৬৭॥

গব্যা-গৌরবতঃ গোসমূহানামনুরোধেন নিবিড়ে সান্দ্রে অন্তর্বণে বনমধ্যে তিষ্ঠন্তং প্রাণরক্ষামণিং ত্বাং নিরীক্ষ্য

বৃষ্টিজনিত আবেগে ধাবন, ছত্রগ্রহণ ও গাত্রসঙ্কোচনাদি; উৎপাতজ হইলে মুখবৈবর্ণ্য, বিস্ময় এবং উচ্চ-কম্পাদি হয়। গজজনিত আবেগে পলায়ন, উৎকম্প, ত্রাস, ও পশ্চাদ্‌ভাগে দর্শন এবং শত্রুজনিত হইলে বর্ম-শস্ত্রাদিগ্রহণ, গৃহ হইতে অন্যত্র গতি প্রভৃতি প্রকাশিত হয়।

৬৪-৭৮। **প্রিয়-দর্শনজ** আবেগ—বৃন্দাবন হইতে পুত্রকে আসিতে দেখিয়া মা যশোদার স্তন্যক্ষরণ হইতেছিল এবং তিনি পুলকাঞ্চিত বিগ্রহে ব্যাকুল হইলেন। (৬৫) **প্রিয়-শ্রবণজ**—যজ্ঞপত্নীগণ নিরন্তর কৃষ্ণ-কথায় সমাসক্তচিত্ত বলিয়া সর্বদা তাঁহার দর্শনে অভিলাষিণী ছিলেন। সম্প্রতি তিনি নিকটে আসিয়াছেন শুনিয়া তাঁহারা শশব্যস্ত হইয়া পড়িলেন। (৬৬) **অপ্রিয়দর্শনজ**—রাত্রিকালে স্বপ্নে পূতনার বক্ষে নিজ পুত্রকে দেখিয়া মা যশোদা 'এ কি!' 'এ কি!!' বলিয়া ঘোরধ্বনি করিতে করিতে সম্ভ্রমবশতঃ ঘুরিয়া বেড়াইতেছিলেন।

বাতজো, যথা—

৪২। পাংশুপ্রারব্ধকেতৌ বৃহদটবিকুটোন্মাথি-শৌটীর্য্যপুঞ্জে, ভাণ্ডীরোদ্দণ্ডশাখাভুজততিষু গতে তাণ্ডবাচার্য্যচর্য্যাম্ ॥
বাতব্রাতে করীষঙ্কষতরশিখরে শার্করে ঝাৎকরিষ্ণৌ, ক্ষৌণ্যামপ্রেক্ষ্য পুত্রং ব্রজপতিগৃহিণী পশ্য সংবংভ্রমীতি ॥ (৬৯)

বর্ষজো, যথা শ্রীদশমে (১০।২৫।১১)—

৪৩। অত্যাসারাতিবাতেন পশবো জাতবেপনাঃ। গোপা গোপ্যশ্চ শীতার্ত্তা গোবিন্দং শরণং যযুঃ ॥ (৭০)

যথা বা—৪৪। সমমুরুকরকাভির্দন্তিশুণ্ডা-সপিণ্ডাঃ, প্রতিদিশমিহ গোষ্ঠে বৃষ্টিধারাঃ পতন্তি।
অজনিষত যুবানোঽপ্যাকুলাস্তন্ত বালঃ, স্ফুটমসি তদগারান্মা স্ম ভূর্নির্যিযাসুঃ ॥ (৭১)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

পাংশ্বিত্যানি খেচরাণামুক্তিঃ। শার্কর ইতি সিকতাশর্করাভ্যাঞ্চেতি মত্বর্থীয়াণ্ প্রত্যয়াৎ শর্করাবতীত্যর্থঃ ॥৬৯॥

অগারাদিতি তত্রৈব বৃষ্টিপ্রাপ্তৌ গোবর্দ্ধনপর্য্যন্তগমনন্ত পুনর্ভাণ্ডীরমাপিতা ইতিবৎ ॥৭১॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

কুটা বৃক্ষাঃ, করীষং কষতীতি করীষঙ্কষস্তরো বেগো যস্য। শাকরে শর্করাবতি ভূভাগে, শর্করা পাষাণপ্রায়া মৃৎ ॥ ৬৯ ॥ জাতবেপনা ইতি শীতার্ত্তা ইতি চ পশ্বাদীনাং সর্বেষাং বিশেষণম্ ; আর্ত্তত্বং চিত্তসংভ্রমলক্ষণং দুঃখম্ ॥ ৭০ ॥

অগারাদিতি—তত্রৈব বৃষ্টিপ্রাপ্তৌ গোবর্দ্ধনপর্য্যন্ত-গমনাদিকন্ত "তত্র প্রতিবিধিং সম্যগাত্মযোগেন সাধয়" দশমাৎ (১০।২৫।১৬) অচিন্ত্যশক্ত্যাঽদুঃখেন জ্ঞেয়ম্ ॥ ৭১ ॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

নোঽস্মাকং সখীনাং ধীঃ ব্যগ্রা অজনি। তত্র হেতুঃ—বহ্নিঃ খরং তীক্ষ্ম্ অখণ্ডধ্বনিং মুঞ্চন্ সন্ স্বর্গঙ্গা লহরীঃ দীর্ঘাভিঃ অর্চ্চিভিঃ আচামতি ভক্ষয়তি। হে শিখণ্ডশেখর শ্রীকৃষ্ণ! ইতি ত্বং পশ্য। তথাচ দৃষ্ট্বা বনাগ্নি-ত্রাণোপায়ং কুর্বিতি ভাবঃ। গব্যা গোসমূহঃ ॥ ৬৮ ॥

পাংশ্বিতি—তৃণাবর্ত্তাসুরেণ শ্রীকৃষ্ণে ঊর্দ্ধং নীতে সতি খেচরাণামুক্তিঃ। পাংশুভিঃ প্রারব্ধঃ কেতুর্যেন তস্মিন্ এবম্ভূতে বাতব্রাতে পবনসমূহে সতি যশোদা পৃথিব্যাং পুত্রমবেক্ষ্য বংভ্রমীতি। কথম্ভূতে বাতব্রাতে? বৃহদটব্যা বৃক্ষমূলোৎখাতকরণশীলঃ পরাক্রম-সমূহো যস্য তথাভূতে। পুনশ্চ ভাণ্ডীরবটস্য উদ্দণ্ডশাখা এব ভুজততয়স্তাসু নৃত্যা-চার্য্যস্য চর্য্যামাচারং গতে তথা চ পবনাঘাতেন ভাণ্ডীরশাখা নৃত্যন্তীতি ভাবঃ। পুনশ্চ করীষাকর্ষকঃ শিখরঃ অগ্রভাগো যস্য। করীষঃ শুষ্কগোময়চূর্ণঃ, শার্করে শর্করাযুক্তে ঝাৎকরীষ্ণৌ ঝাৎকার-শব্দকরণশীলে ॥ ৬৯ ॥

উরুকরকাভিঃ সমং হস্তিশুণ্ডা-সদৃশা জলধারাঃ পতন্তি, তস্মাৎ হে কৃষ্ণ! গৃহাৎ জিগমিষুস্ত্বং মা ভূঃ ॥ ৭১ ॥

---

(৬৭) **অপ্রিয়শ্রবণজ**—স্বীয় পুত্র ভগ্ন যমলার্জুনের মধ্যবর্ত্তী হইয়া রহিয়াছেন—এই কথা শুনিয়া ব্রজেশ্বরী ঊর্দ্ধনেত্রা এবং সম্ভ্রমে ব্যগ্রচিত্তা হইয়া কিংকর্ত্তব্যবিমূঢ়া হইয়াছিলেন। (৬৮) **অগ্নিজ**—হে পিঞ্ছচূড়! ঐ দেখ— দাবানল উচ্চ তীব্রধ্বনি করত দীর্ঘ শিখাদ্বারা গঙ্গার তরঙ্গমালাকেও আচমন করিতেছে!! অতএব হে কৃষ্ণ! প্রাণরক্ষামণি-স্বরূপ তোমাকে গোপসমূহের অনুরোধে নিবিড় বনমধ্যে অবস্থিত হইতে দেখিয়া সুহৃদ্বর্গ আমাদের বুদ্ধি চঞ্চল হইতেছে! (৬৯) **বাতজ**—[খেচরগণের উক্তি] যে ঝঞ্ঝাবাতে আকাশে উড্ডীয়মান ধূলিরাশি ধ্বজার মত দেখাইতেছে, যাহার প্রবল পরাক্রমে মহাবনের বৃক্ষমূলসমূহও সমুৎপাটিত হইয়াছে— ভাণ্ডীরবৃক্ষের উদ্দণ্ডশাখারূপ ভুজসমূহে নৃত্যাচার্য্যবৎ কলাভ্যাস শিক্ষা দিয়াছে (নৃত্য করাইয়াছে),

উৎপাতজো, যথা—৪৫। ক্ষিতিরতিবিপুলা টলত্যকম্পা,-দুপরি ঘুরন্তি চ হন্ত ঘোরমুল্কাঃ।
মম শিশুরহিদূষিতার্কপুত্রী,-তটমটতীত্যধুনা কিমত্র কুর্য্যাম্? (৭২)

গাজো, যথা—৪৬। অপসরাপসর ত্বরয়া গুরু,-র্মুদিরসুন্দর হে! পুরতঃ করী।
ত্বদিমবীক্ষণতস্তব নশ্চলং, হৃদয়মাবিজতে পুরযোষিতাম্॥ (৭৩)

২৮। গজেন দুষ্টসত্ত্বোঽন্যঃ পশ্বাদিরুপলক্ষ্যতে ; (৭৪)

যথা বা—৪৭। চণ্ডাংশোস্তুরগান্ সটাগ্রনটনৈরাহত্য বিদ্রাবয়ন্, দ্রাগন্ধঙ্করণঃ সুরেন্দ্রসুদৃশাং গোষ্ঠোদ্ধূতৈঃ পাংশুভিঃ।
প্রত্যাসীদতু মৎপুরঃ সুররিপুর্গর্ব্বান্ধমর্ব্বাকৃতি,-র্দ্রাঘিষ্ঠে মুহুরত্র জাগ্রতি ভুজে ব্যগ্রাসি মাতঃ! কথম্? (৭৫)

শ্রীজীবগোস্বামিপাদ-কৃতা

অটতি অধুনৈবাটিতবানিত্যর্থঃ, টল টুল বৈক্লব্যে ইতি ধাতুগণঃ। উল্কা ইত্যনেনাকালেঽপি সূর্য্যগ্রহণং ধ্বনিতং যেনান্ধকারে দিনেঽপি তা দৃশ্যন্তে ; ঘুর ভীমার্ত্তশব্দয়োরিতি ধাতুগণঃ॥ ৭২॥

'সত্ত্বমস্ত্রী তু জন্তুষু' ইত্যমরনানার্থাৎ দুষ্টসত্ত্ব ইত্যুক্তম্॥ ৭৪॥

চণ্ডাংশোরিত্যর্দ্ধং মাতৃবচনাঽনুবাদঃ। গর্ব্বান্ধমিতি ক্রিয়ায়াঃ বিশেষণং, কর্ত্তৃধর্ম্মস্যাপি তস্য তস্যামুপচারাৎ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

টলতি কম্পরূপং বৈক্লব্যং প্রাপ্নোতি। ঘোরং ভয়ঙ্করং যথা স্যাত্তথা ঘুরন্তি আর্ত্তশব্দং কুর্বন্তি। অহিদূষিতার্কপুত্রীতটমভিব্যাপ্য অটতি গোচারণায় মৃদু মৃদু গচ্ছতি। ইতি—শব্দোঽবধারণার্থোঽত্র ॥৭২॥ চণ্ডাংশোরিত্যাদ্যর্থো মাতৃবচনাঽনুবাদঃ। গর্বান্ধমিতি ক্রিয়াবিশেষণম্। দ্রাঘিষ্ঠে তদাদিভুজেভ্যো দীর্ঘতমে ইত্যনেন ততো বলাধিক্যং

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

অতিবিপুলা ক্ষিতিঃ টলতি, অনেন ভূকম্পো জাতঃ। কালীয়-দূষিত-যমুনাতটে মম পুত্রো অটতি গচ্ছতি, অহো অস্যাং বিপত্তৌ অহং কিং কুর্য্যাম্॥ ৭২॥

হে মুদির-সুন্দর মেঘসুন্দর! পুরতোঽগ্রে গুরুঃ মহাহস্তী কুবলয়াপীড়ঃ তব মার্দব-বীক্ষণাৎ নোঽস্মাকং চলং হৃদয়ং উদ্বিজতে ভয়েন কম্পতে ইত্যর্থঃ॥ ৭৩॥

স্বখুরেণ গোষ্ঠোদ্ধূতৈঃ পাংশুভিঃ সুরেন্দ্রস্ত্রীণাম্ অন্ধীকরণঃ অর্বাকৃতিঃ অশ্বাকৃতিঃ কেশী। সটানাং স্কন্ধস্থ-বালানাম্ অগ্রনটনৈঃ করণৈঃ সূর্য্যতুরগান্ আহত্য বিদ্রাবয়ন্ সন্ মৎপুরঃ আগচ্ছতু। গর্বান্ধমিতি ক্রিয়াবিশেষণম্।

যাহার অগ্র ভাগ শুষ্ক গোময়চূর্ণ বেগে আকর্ষণশীল এবং পাষাণপ্রায় কঠিন ভূমিখণ্ডে যাহা 'ঝাৎ ঝাৎ' শব্দ করিতেছে—সেই মহাবাত্যা উপস্থিত হইলে ব্রজেশ্বরী ক্ষিতিপৃষ্ঠে নিজ-পুত্রকে না দেখিয়া সম্ভ্রমবশতঃ ইতস্ততঃ ঘুরিতে লাগিলেন। (৭০) **বৃষ্টিজ**—অতিবর্ষায় ও অতিবাত্যায় পশুগুলি কম্পান্বিত এবং গোপগোপীগণ শীতার্ত্ত হইয়া গোবিন্দের শরণ-গ্রহণ করিলেন (৭১) এই গোষ্ঠের চতুর্দিকে মহাশিলাবৃষ্টির সহিত হস্তিশুণ্ডবৎ জলধারাপাত হইতেছে। যুবকগণও ত আকুল হইয়াছে, তুমি বালক হইয়া কিরূপে যাইবে? অতএব গৃহ হইতে আর বাহিরে যাইবার ইচ্ছা করিও না (৭২) **উৎপাতজ**—[মা যশোদার উক্তি] হায়! অকস্মাৎ বিশাল পৃথিবী টলিতেছে! উপরে আবার উল্কাগুলি ও ঘুরিয়া বেড়াইতেছে! আমার শিশুটি ত বিষদূষিত যমুনা-তটে যাইতেছে, এখন কি করিরে!! (৭৩) **হস্তিজ**—হে মেঘসুন্দর! শীঘ্র সর, শীঘ্র সর ; সম্মুখে গুরুতর হস্তী কুবলয়াপীড় বিদ্যমান; তোমার মৃদু দর্শনে পুরনারী আমাদের চিত্ত চঞ্চল হইয়া ভয়ে সম্যক্‌রূপে কম্পিত হইতেছে!!

অরিজো, যথা ললিতমাধবে—(২।২৯)

৪৮। স্থূলস্তালভুজোন্নতির্গিরিতটিবক্ষাঃ ক যক্ষাধমঃ, কায়ং বালতমালকন্দল-মৃদুঃ কন্দর্পকান্তঃ শিশুঃ।
নাস্ত্যন্যঃ সহকারিতাপটুরিহ প্রাণী ন জানীমহে, হা গোষ্ঠেশ্বরি! কীদৃগদ্য তপসাং পাকস্তবোন্মীলতি ॥ (৭৬)

যথা বা তত্রৈব (৫।৩০)—৪৯। সপ্তিঃ সপ্তী রথ ইহ রথঃ কুঞ্জরো মে, তূণস্তূণো ধনুরুত ধনুর্ভোঃ! কৃপাণী কৃপাণী।
কা ভীঃ কা ভীরয়ময়মহং হা ত্বরধ্বং ত্বরধ্বং, রাজ্ঞঃ পুত্রী বত হৃতহৃতা কামিনা বল্লবেন ॥ (৭৭)

২৯। আবেগাভাস এবায়ং পরাশ্রয়তাপি চেৎ। নায়কোৎকর্ষবোধায় তথাপ্যত্র নিদর্শিতঃ ॥ (৭৮)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

স চ তৎপ্রত্যাসদনস্য মদেনাতিবৈক্লব্য-বিবক্ষয়া। দ্রাঘিষ্ঠে ততোঽপি দীর্ঘতমে মুহুর্জাগ্রতি তদ্বিধাসুরদমনায় সাবধানে সতীত্যর্থঃ। সর্ব্বারিষ্টহরেঽত্রেতি বা পাঠঃ ॥ ৭৫ ॥

রথ ইহ রথ ইতি, ধনুরুত ধনুরিতি চ ন দ্বিরুক্তিঃ, কিন্ত্বন্যস্যান্যস্য বচনম্ ॥ ৭৭ ॥

আবেগেত্যুত্তরত্র বাক্যং নায়কোৎকর্ষং বোধয়তি, তথাবিধাঃ কৃত্বা নায়ক-পক্ষীয়ৈর্জিতা ইতি শ্রবণাৎ, ভক্তানাং হর্ষেণ রতিরুদ্দীপ্তা স্যাদিত্যেতদর্থমিত্যর্থঃ ॥ ৭৮ ॥

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

বোধ্যতে। মুহুর্জাগ্রতি তদ্বিধানসুরান্ নিগৃহীতবত্যস্য চ নিগ্রহে সাবধানে সতীত্যর্থঃ। ত্বং ব্যগ্রা মা ভূরেবমধুনৈব মারয়ামীতি ভাবঃ ॥৭৫॥ সপ্তিস্তুরঙ্গঃ। রথ ইহ রথ ইত্যত্র চ পুনরুক্তিরেব, সা চাবেগপোষত্বাদ্ গুণঃ। কৃপাণী কাটারীতি প্রসিদ্ধা ॥ ৭৭ ॥ নায়কোৎকর্ষবোধায়েতি—বহূনাং শূরাণাং মধ্যতঃ কন্যাহরণেন তেষাং তুচ্ছতা-মননাত্মকোৎকর্ষ-

---

শ্রীল-বিশ্বনাথচক্রবর্ত্তিপাদ-কৃতা

কর্ত্তৃধর্মস্যাপি তস্য তস্যাং ক্রিয়ায়ামুপচারাৎ। দ্রাঘিষ্ঠে দীর্ঘতমে মম ভুজে জাগ্রতি সতি তদ্বিধাসুর-গমনায় সাবধানে ভবতীত্যর্থঃ ॥ ৭৫ ॥

শঙ্খচূড়ং দৃষ্ট্বা ভীতা সতী মুখরা আহ—তালবৃক্ষস্যেব ভুজায়া উন্নতির্যস্য তথাভূতঃ সন্ যক্ষাধমঃ শঙ্খচূড়ঃ ক০ অত্যন্তকোমলঃ শ্রীকৃষ্ণঃ ক? যক্ষেণ সহ যুদ্ধে বালকস্য সহকারিতায়াং পটুরন্যঃ কোঽপি প্রাণী নাস্তি ॥ ৭৬ ॥

শ্রীকৃষ্ণকর্ত্তৃকং রুক্মিণী-হরণং দৃষ্ট্বা জরাসন্ধাদয়ঃ স্বসেবকং প্রতি সসম্ভ্রমমাহুঃ—সপ্তিঃ সপ্তিঃ অশ্বঃ আনীয়তাম্ ইতি বাক্যশেষঃ; সম্ভ্রমবশান্নোক্তম্। কৃপাণী কাটারীতি প্রসিদ্ধা অস্ত্রবিশেষঃ, বল্লবেন গোপেন, কামিনা কৃষ্ণেন ॥ ৭৭ ॥

পরাঃ শত্রবঃ তেষাং ভক্ত্যভাবাৎ অয়মাবেগাভাস এব জ্ঞেয়ঃ ॥ ৭৮ ॥

---

(৭৪) 'গজ' শব্দ ব্যবহৃত হইলেও তাহাতে অন্যান্য দুষ্টজন্তু পশুপ্রভৃতিও গ্রাহ্য। (৭৫) শ্রীকৃষ্ণ যশোদাকে বলিলেন—হে মাতঃ! স্কন্ধস্থিত সটার অগ্রভাগ কম্পন করত সূর্য্যের অশ্বগুলিকেও আঘাত এবং বিদূরিত করিয়া নিজ খুরের আঘাতে গোষ্ঠ হইতে উর্দ্ধে উত্থিত রজঃসমূহে দেবেন্দ্রের বনিতাসমূহকেও অন্ধীকৃত করিয়া গর্বান্ধ অশ্বাকৃতি কেশী আমার সম্মুখে একবার আসুক ত, এই আমার সুদীর্ঘ বাহু জাগ্রৎ থাকিতে আপনি ব্যগ্র হইবেন না! (৭৬) **শঙ্খচূড়**—হে ব্রজেশ্বরি! স্থূলতালসদৃশ-সুবিশাল-বাহুযুক্ত এবং গিরিতটতুল্য-বিশাল-বক্ষোবিশিষ্ট এই যক্ষাধম শঙ্খচূড়ই বা কোথায় আর বাল-তমালাঙ্কুরতুল্য কন্দর্পসুন্দর শিশুই বা কোথায়? এই ব্রজে অন্য কোনও সুদক্ষ সাহায্যকারীও নাই, হায়! অদ্য যে তোমার তপস্যার কি পরিণতি ঘটিতেছে, তাহা ত জানি না!! (৭৭) শ্রীকৃষ্ণকর্ত্তৃক রুক্মিণীহরণ দেখিয়া জরাসন্ধাদি রাজন্যবর্গ স্বস্ব সেবকের প্রতি বলিলেন—"আমার অশ্ব, এখানে

অথ **উন্মাদঃ**— ৩০। **উন্মাদো হৃদ্ভ্রমঃ প্রৌঢ়ানন্দাপদ্বিরহাদিজঃ ॥** (৭৯)

৩১। অত্রাট্টহাসো নটনং সঙ্গীতং ব্যর্থচেষ্টিতম্। প্রলাপ-ধাবন-ক্রোশ-বিপরীতক্রিয়াদয়ঃ ॥ (৮০)

তত্র **প্রৌঢ়ানন্দাদ্** যথা কর্ণামৃতে—৫০। রাধা পুনাতু জগদচ্যুতদত্তচিত্তা, মন্থানকং বিদধতী দধিরিক্তপাত্রে।
যস্যাঃ স্তনস্তবক-চঞ্চল-লোচনালি,-র্দেবোঽপি রুদ্ধহৃদয়ো ধবলং দুদোহ ॥ (৮১)

আপদো, যথা—

৫১। পশূনপি কৃতাঞ্জলির্নমতি মান্ত্রিকা ইত্যলং; তরূনপি চিকিৎসকা ইতি বিষৌষধং পৃচ্ছতি।
হ্রদং ভুজগভৈরবং হরিহরি প্রবিষ্টে হরৌ, ব্রজেন্দ্রগৃহিণী মুহুর্ভ্রমময়ীমবস্থাং গতা ॥ (৮২)

বিরহাদ্ যথা শ্রীদশমে (১০।৩০।৪)— ৫২। গায়ন্ত্য উচ্চৈরমুমেব সংহতা, বিচিক্যুরুন্মত্তকবদ্বনম্!
পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহি,-র্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীন্। (৮৩)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

পশূনপীতি—কৃতাঞ্জলিরিত্যত্র পূর্বেষু প্রশ্নস্তদ্বলপরাভবায়। উত্তরেষু প্রশ্নস্তদ্বিষনাশনায়েতি জ্ঞেয়ম্ ॥ ৮২ ॥

গায়ন্ত্য উচ্চৈরিত্যত্র তু এবমেবোন্মাদো যোজনীয়ঃ, পুরুষং স্বনায়কং পপ্রচ্ছুঃ,তং চ ভূতেষু স্থাবরজঙ্গমেষু আকাশ-

---

শ্রীল-মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

শ্রবণেন ভক্তরতিঃ উদ্দীপ্তা স্যাদিত্যর্থঃ ॥৭৮॥ মান্ত্রিকা মন্ত্রৈঃ বিষনিবর্ত্তকাঃ। চিকিৎসকা ঔষধৈর্বিষনাশকাঃ ॥৮২॥

অমুমেবেতি যদ্যপি ত্যাগেন দুঃখদোঽসৌ তথাপি তমেবেতি। (গী. গো. ২।৭) 'গণয়তি গুণগ্রামং ভ্রামং

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

অচ্যুতদত্তচিত্তা অতএব উন্মাদবশাৎ দধিশূন্যপাত্রে মন্থানকং বিদধতী রাধা জগৎ পুনাতু। **তস্যা রাধায়াঃ স্তনরূপ-স্তবকে চঞ্চলঃ** লোচনরূপো ভ্রমরো যস্য তথাভূতো দেবঃ কৃষ্ণোঽপি বশীকৃতহৃদয়ঃ সন্ উন্মাদাৎ ধবলং বৃষভং দুদোহ- ॥ ৮১ ॥ ব্রজেন্দ্র-গৃহিণী যশোদা পশবঃ মান্ত্রিকা ইতি কৃতাঞ্জলিঃ সতী পশূন্ নমতি। তরবোঽপি চিকিৎসকা ইতি মত্বা তান্ বিষস্য ঔষধং পৃচ্ছতি। ভুজগেন কালিয়েন ॥ ৮২ ॥

সংহতা মিলিতা গোপ্যঃ অমুং শ্রীকৃষ্ণং গায়ন্ত্যঃ সত্যঃ উন্মত্তবৎ বনাৎ বনং বিচিক্যুঃ। পুরুষং শ্রীকৃষ্ণং বনস্পতীন্ বৃক্ষান্ পপ্রচ্ছুঃ। পুরুষং কীদৃশম্ আকাশবৎ সর্বভূতেষু অন্তর্বহিঃ সন্তং বর্ত্তমানম্ ॥ ৮৩ ॥

রথ, হস্তী, তূণ, খড়্গ [ইত্যাদি আনয়ন কর।] ভয় কি, ভয় কি? তোমরাও ত্বরা কর—এই আমি চলিলাম, হায়রে! কামুক গোপ রাজপুত্রীকে চুরি করিল !!" (৭৮) যদিও শত্রুগণের মধ্যে ভক্ত্যাভাববশতঃ ইহা আবেগাভাসই, তথাপি নায়কের উৎকর্ষ-জ্ঞাপনের জন্য এস্থলে দৃষ্টান্তিত হইল। ঐ রূপ প্রবল প্রতিপক্ষ গণকেও নায়ক-পক্ষীয়গণ পরাজয় করিয়াছিলেন—একথা শুনিয়া ভক্তগণের রতি উদ্দীপিত করিবার জন্যই উদাহৃত হইয়াছে।

৭৯-৮৩। **উন্মাদ**—আনন্দাতিশয়, বিপদ ও বিরহাদি হইতে জাত হৃদ্ভ্রমকে 'উন্মাদ' কহে। ইহাতে অট্টহাস, নৃত্য, সঙ্গীত,ব্যর্থচেষ্টা, প্রলাপ, ধাবন, চীৎকার ও বিপরীত ক্রিয়াদি প্রকাশ পায়। (৮১) **প্রৌঢ়ানন্দজ**—শ্রীকৃষ্ণে অর্পিতচিত্তা রাধা দধিশূন্যপাত্রে মন্থনকারিণী হইয়া জগৎপবিত্র করিলেন আর সেই শ্রীকৃষ্ণদেবও শ্রীরাধার স্তন-স্তবকে লোচন-ভ্রমর প্রেরণ করত বশীকৃতহৃদয় হইয়া ধবল বৃষকেই দোহন করিতে লাগিলেন। (৮২) **আপদে**—হায়! হায় !! শ্রীকৃষ্ণ কালিয়-হ্রদে প্রবিষ্ট হইলে ব্রজেশ্বরী মুহুর্মুহু ভ্রমময়ী অবস্থাবিশেষ লাভ

৩৯

৩২। **উন্মাদঃ পৃথগুক্তোঽয়ং ব্যাধিষন্তর্ভবন্নপি। যত্তত্র বিপ্রলম্ভাদৌ বৈচিত্রীং কুরুতে পরাম্‌॥** (৮৪)

৩৩। **অধিরূঢ়ে মহাভাবে মোহনত্বমুপাগতে। অবস্থান্তরমাপ্তোঽসৌ দিব্যোন্মাদ ইতীর্য্যতে॥** (৮৫)

অথ অপস্মারঃ—

৩৪। **দুঃখোত্থধাতুবৈষম্যাদ্যুন্তুতশ্চিত্তবিপ্লবঃ। অপস্মারোঽত্র পতনং ধাবনাস্ফোটনভ্রমাঃ।**
কম্পঃ ফেনস্রুতির্বাহুক্ষেপবিক্রোশনাদয়ঃ॥ (৮৬)

যথা—৫৩। ফেনায়তে প্রতিপদং ক্ষিপতে ভুজোর্ম্মিং,-মাঘূর্ণতে লুঠতি কূজতি লীয়তে চ।
অম্বা তবাদ্য বিরহে চিরমম্বুরাজ,-বেলেব বৃষ্ণিতিলক! ব্রজরাজরাজ্ঞী॥ (৮৭)

শ্রীল-জীবগোস্বামিপাদ-কৃতা

যদন্তরং বহিশ্চ সন্তং সাক্ষাদিব সত্বয়া স্ফুরন্তং পপ্রচ্ছুঃ,তাদৃশস্ফূর্ত্তিশ্চ তাসাং প্রেমবিলাস-বিশেষাদেব। (ভা ১০।৩৫।৯) **'বনলতাস্তরব আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত্য'** ইতিবৎ,তত্র বহিঃস্ফুরণং দূরতঃ, অন্তস্তু নিকটাৎ, তত্র সত্যুন্মাদবৃত্ত্যাঽনিন্দ্রিয়েদপি প্রশ্নে যোগ্য ইতি॥ ৮৩॥ তত্র তেষু ব্যাধিষু, তেষাং মধ্য ইত্যর্থঃ॥ ৮৪॥ আস্ফোটনং সম্যগঙ্গব্যথা॥ ৮৬॥

শ্রীল মুকুন্দদাসগোস্বামিপাদ-কৃতা

ভ্রমাদপি নেহতে' ইতিবৎ। উন্মাত্তকবদিতি স্বার্থে কন্‌! তেন কেশাদ্যসম্বরণং ব্যজ্যতে। অহো বত তাসামিদং সর্বমরণাক্রন্দিতমেব জাতং, নেত্যাহ আকাশেতি। বক্ষ্যতে চ স্বয়ং 'ময়া পরোক্ষং ভজতেতি' (১০।৩২।২১)॥ ৮৩॥ তত্র শৃঙ্গাররসে॥ ৮৪॥ দিব্যোন্মাদো মোহনস্যানুভাবঃ॥ ৮৫॥ আস্ফোটনমঙ্গবিদীর্ণতা॥৮৬॥ ফেনায়ত ইতি মথুরায়াং শ্রীপৌর্ণমাস্যা বচনম্‌। ফেনায়তে ফেনমুদ্বমতি, আঘূর্ণতে সম্যক্‌ সংভ্রমীতি, লীয়তে ভূমৌ পতিতা নিশ্চেষ্টং তিষ্ঠতীত্যর্থঃ, বেলেব নীরমিব॥ ৮৭॥

শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্ত্তিপাদ-কৃতা

অনুভাবাঃ—সাত্ত্বিকাঃ যৎ যস্মাৎ তত্র ব্যাধিষু মধ্যে অয়মুন্মাদঃ বিচ্ছেদজন্য-বিপ্রলম্ভরসে মোহনত্বং প্রাপ্তে অধিরূঢ়সংজ্ঞকে মহাভাবে পরাং সর্বোৎকৃষ্টাং বৈচিত্রীং বৈলক্ষণ্যং কুরুতে, অতঃ অসৌ উন্মাদঃ ব্যাধিভ্যঃ সকাশাৎ অবস্থান্তরং প্রাপ্ত ইতি হেতোঃ দিব্যোন্মাদ উচ্যতে॥৮৫॥

অপস্মারস্য কার্য্যমাহ—পতনমিত্যাদি। সম্যগঙ্গব্যথা॥ ৮৬॥ ফেনায়তে ইতি—শ্রীরাধায়াঃ শ্রীকৃষ্ণং প্রতি

কন্নত পশুদিগকেও মন্ত্রজ্ঞ বিবেচনায় কৃতাঞ্জলি হইয়া নমস্কার করিতেছেন এবং তরুদিগকেও চিকিৎসক-বুদ্ধিতে বিষনাশক ঔষধের কথা জিজ্ঞাসা করিতেছেন!! (৮৩) গোপীগণ সমবেতকণ্ঠে ঐ শ্রীকৃষ্ণেরই নাম গুণগান করিতে করিতে উন্মত্তবৎ বনে বনে অন্বেষণ করিতে লাগিলেন, যিনি আকাশবৎ সকল প্রাণির অন্তরে ও বাহিরে অবস্থিত, সেই পুরুষোত্তমের বার্ত্তা সকল বৃক্ষকেই তাঁহারা জিজ্ঞাসা করিলেন।

৮৪-৮৫। ব্যাধিসমূহের মধ্যে ইহার অন্তর্ভাব হইলেও এই স্থলে উন্মাদকে পৃথক্‌রূপে বলা হইল, কেন না এই উন্মাদ বিচ্ছেদজন্য বিপ্রলম্ভ প্রভৃতিতে মোহনত্ব প্রাপ্তি করত অধিরূঢ় মহাভাবে সর্বোৎকৃষ্ট বৈলক্ষণ্য আবিষ্কার করে, অতএব ঐ উন্মাদ ব্যাধি হইতেও অবস্থান্তর-প্রাপ্ত হইয়া **'দিব্যোন্মাদ'** বলিয়া কথিত হয়।

৮৬-৮৮। **অপস্মার**—দুঃখজনিত ধাতু-বৈষম্য হইতে উত্থিত চিত্ত-বিপ্লবকে 'অপস্মার, কহে। ইহাতে ভূমিপতন, ধাবন, সর্বাঙ্গব্যথা, ভ্রম, কম্প, ফেনস্রাব, বাহুক্ষেপ, চীৎকার ইত্যাদির উদয় হয়। (৮৭) হে বৃষ্ণিকুলতিলক! তোমার চিরবিরহে অদ্য ব্রজেশ্বরী সমুদ্রজলের ন্যায় প্রতিক্ষণে ফেনস্রাব করিতেছেন, ভুজরূপ-

যথা বা—৫৪। শ্রুত্বা হন্ত হতং ত্বয়া যদুকুলোত্তংসাত্র কংসাসুরং, দৈত্যস্তস্য সুহৃত্তমঃ পরিণতিং ঘোরাং গতঃ কামপি।
লালাফেনকদম্ব-চুম্বিতমুখপ্রান্তস্তরঙ্গদ্ভুজো, ঘূর্ণন্নর্ণবসীম্নি মণ্ডলতয়া ভ্রাম্যন্ন বিশ্রাম্যতি ॥ (৮৮)

৩৫। উন্মাদবদিহ ব্যাধিবিশেষোঽপ্যেষ বর্ণিতঃ। পরাং ভয়নকাভাসে যৎ করোতি চমৎকৃতিম্ ॥ (৮৯)

অথ ব্যাধিঃ—

৩৬। দোষোদ্রেকবিয়োগাদ্যৈর্ব্যাধয়ো যে জ্বরাদয়ঃ। ইহ তৎপ্রভবো ভাবো ব্যাধিরিত্যভিধীয়তে।
অত্র স্তম্ভঃ শ্লথাঙ্গত্বশ্বাসোত্তাপক্লমাদয়ঃ ॥ (৯০)

